# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmr.dm@betar.gov.bd

Jaistha 01, 1433 Bangla, May 15, 2026, Friday, No. 132, 56th year

# H I G H L I G H T S

Information & Broadcasting Minister has said long-standing tendency to view govt. & state as same entity must be overcome & developing an efficient, accountable & technology-driven administration for public welfare. [Jago FM: 19]

Education Minister has informed that SSC and equivalent examinations will begin on January 7 while HSC and its equivalent examinations will start on June 6 from next year. [BBC: 07]

Commerce Minister has urged Chinese investors to pursue more investments in Bangladesh, describing China as Bangladesh's largest trading partner. [R. Today: 17]

Renowned cardiologist & Vice President of the Ziaur Rahman Foundation Dr Zubaida Rahman has inaugurated "Shishu Shorgo Model" as part of integrated care and support for children with disabilities. [Jago FM: 24]

ICT-1 has sent former minister Dr Dipu Moni, journalists Mozammel Babu & Farzana Rupa to jail after showing them arrested in crimes against humanity case over 2013 Shapla Chattar massacre. [R. Today: 16]

7 more people have died from measles and measles-like symptoms in country. [BBC: 08]

High Court has ordered an inquiry into an incident at Bhuapur Upazila Health Complex in Tangail, where a child was allegedly administered a rabies vaccine instead of a measles shot. [Jago FM: 24]

A Bangladeshi youth has been killed in BSF firing at the Amjhol border in Hatibandha upazila of Lalmonirhat. [BBC: 07]

Dhaka children spend nearly 5 hours on screens daily: It raises serious concerns over sleep deprivation, obesity and mental health -- icddr,b Study. [DW: 09]

At least 104 people have been killed so far in a violent storm and hail scythed in India's Uttar Pradesh. [DW: 10]

| Director: 44813046 | Deputy News Controller: 44813048<br>44813179 | Assistant News Controller: 44813047<br>44813178 |
|---|---|---|

**দৈনিক মনিটরিং রিপোর্ট**
**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**
**জ্যৈষ্ঠ ০১, বাংলা ১৪৩৩, মে ১৫, ২০২৬, শুক্রবার, নং- ১৩২, ৫৬তম বছর**

# শিরোনাম

সরকার ও রাষ্ট্রকে এক করে দেখার প্রবণতা থেকে বেরিয়ে এসে জনগণের কল্যাণে জবাবদিহিমূলক, দক্ষ ও প্রযুক্তিনির্ভর প্রশাসনিক সংস্কৃতি গড়ে তোলার আহ্বান তথ্য ও সম্প্রচার মন্ত্রীর । [জাগো নিউজঃ ১৯]

আগামী বছরের এসএসসি ও সমমানের পরীক্ষা জানুয়ারিতে এবং এইচএসসি ও সমমানের পরীক্ষা জুনে --- জানিয়েছেন শিক্ষামন্ত্রী। [বিবিসিঃ ০৭]

চীন বাংলাদেশের সবচেয়ে বড় বাণিজ্য সহযোগী উল্লেখ করে বাংলাদেশে চীনা বিনিয়োগ আরও বাড়ানোর আহ্বান বাণিজ্যমন্ত্রীর। [রে. টুডেঃ ১৭]

বিশেষ চাহিদাসম্পন্ন শিশুদের স্বাস্থ্যসেবা ও পুনর্বাসন কার্যক্রমের অংশ হিসেবে 'শিশু স্বর্গ মডেল, বিষয়ক কর্মসূচির উদ্বোধন করেছেন জিয়াউর রহমান ফাউন্ডেশনের সহ-সভাপতি ও বিশিষ্ট হৃদরোগ বিশেষজ্ঞ ডা. জুবাইদা রহমান। [জাগো নিউজঃ ২৪]

শাপলা চত্বর হত্যাকাণ্ডের মামলায় সাবেক মন্ত্রী ডা. দীপু মনি, সাংবাদিক মোজাম্মেল বাবু ও ফারজানা রূপাকে গ্রেফতার দেখিয়ে কারাগারে পাঠানোর নির্দেশ দিয়েছে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল। [রে. টুডেঃ ১৬]

দেশে হামের উপসর্গ নিয়ে আরো সাত শিশুর প্রাণহানি। [বিবিসিঃ ০৮]

টাঙ্গাইলের ভূঞাপুর স্বাস্থ্য কমপ্লেক্সে হামের টিকার পরিবর্তে শিশুকে জলাতঙ্কের ভ্যাকসিন দেওয়ার ঘটনা তদন্তে নির্দেশ দিয়েছেন হাইকোর্ট। [জাগো নিউজঃ ২৪]

লালমনিরহাটের হাতীবান্ধা উপজেলার আমঝোল সীমান্তে বিএসএফের গুলিতে এক বাংলাদেশি যুবক নিহত হয়েছেন। [বিবিসিঃ ০৭]

ঢাকার শিশুরা প্রতিদিন গড়ে প্রায় ৫ ঘণ্টা ডিজিটাল স্ক্রিনের দিকে তাকিয়ে থাকে। ফলে শিশুদের পর্যাপ্ত ঘুম ব্যাহত হচ্ছে এবং তারা স্থূলতা ও বিভিন্ন মানসিক স্বাস্থ্য সমস্যায় ভুগছে – আইসিডিডিআর,বি। [ডয়চে ভেলেঃ ০৯]

ভারতের উত্তর প্রদেশের ওপর দিয়ে বয়ে যাওয়া প্রবল ঝড় ও শিলাবৃষ্টিতে এ পর্যন্ত অন্তত ১০৪ জনের মৃত্যু হয়েছে। [ডয়চে ভেলেঃ ১০]

# বিবিসি

## যুক্তরাজ্যে স্বাস্থ্যমন্ত্রীর পদত্যাগের পরও নেতৃত্ব নিয়ে যেকোনো চ্যালেঞ্জ মোকাবিলা করবেন স্টারমার

যুক্তরাজ্যের স্বাস্থ্যমন্ত্রী ওয়েস স্ট্রিটিংয়ের পদত্যাগের পর এখনও প্রধানমন্ত্রী কিয়ের স্টারমারের পক্ষ থেকে সরাসরি কোনো বক্তব্য পাওয়া যায়নি। তবে ডাউনিং স্ট্রিট স্পষ্ট জানিয়ে দিয়েছে যে, প্রধানমন্ত্রী তার নেতৃত্বের বিরুদ্ধে যেকোনো ধরনের চ্যালেঞ্জ মোকাবিলা করতে প্রস্তুত। প্রধানমন্ত্রীর সরকারি মুখপাত্র জানিয়েছেন, স্টারমারের অবস্থানের কোনো পরিবর্তন হয়নি। গত সোমবার তিনি যে দৃঢ় অবস্থান নিয়েছিলেন, তা এখনও বহাল রয়েছে। উল্লেখ্য যে, যদি প্রধানমন্ত্রীর নেতৃত্বের বিরুদ্ধে কোনো আনুষ্ঠানিক চ্যালেঞ্জ শুরু হয়, তবে স্টারমার চাইলে সরাসরি সেই ব্যালট পেপারে নিজের নাম রাখতে পারবেন এবং প্রতিদ্বন্দ্বিতা করতে পারবেন। সোমবার নিয়মিত ক্যাবিনেট বৈঠকে লেবার পার্টির সাম্প্রতিক নির্বাচনী ফলাফলের জন্য `ব্যক্তিগত দায়, স্বীকার করে নিয়েছিলেন স্টারমার। একইসাথে তিনি সাফ জানিয়েছিলেন যে, নেতৃত্বকে চ্যালেঞ্জ করার জন্য যে প্রক্রিয়া প্রয়োজন, তা এখনও শুরু হয়নি।

(বিবিসি ওয়েব পেজ: ১৪.০৫.২০২৬ রুবাইয়া)

## শিগগিরই চীন সফরে যাচ্ছেন পুতিন: ক্রেমলিন

রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন খুব শিগগিরই চীন সফরে যাচ্ছেন বলে জানিয়েছেন ক্রেমলিনের মুখপাত্র দিমিত্রি পেসকভ। বৃহস্পতিবার ক্রেমলিনের বরাত দিয়ে এই তথ্য জানিয়েছে রাশিয়ান সংবাদমাধ্যম আরটি। সফরের সুনির্দিষ্ট তারিখ এখনো নির্ধারণ করা না হলেও এই ভ্রমণের সমস্ত প্রস্তুতি ইতিপূর্বেই সম্পন্ন হয়েছে বলে জানিয়েছেন দিমিত্রি পেসকভ। রুশ সংবাদমাধ্যমগুলোর ধারণা, আগামী সপ্তাহেই এই হাই-প্রোফাইল সফরটি অনুষ্ঠিত হতে পারে। পুতিন সর্বশেষ ২০২৫ সালের সেপ্টেম্বরে বেইজিং সফর করেছিলেন। সে সময় তিনি চীনের বিশাল সামরিক কুচকাওয়াজ এবং একটি শীর্ষ সম্মেলনে অংশ নেন। (বিবিসি ওয়েব পেজ: ১৪.০৫.২০২৬ রুবাইয়া)

## শি জিনপিংকে হোয়াইট হাউসে আমন্ত্রণ জানালেন ট্রাম্প

চীনের প্রেসিডেন্ট শি জিনপিং এবং তার স্ত্রী পেং লিউয়ানকে আগামী ২৪শে সেপ্টেম্বর হোয়াইট হাউস সফরের আনুষ্ঠানিক আমন্ত্রণ জানিয়েছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। নিজের বক্তব্যে প্রেসিডেন্ট ট্রাম্প তাকে দেওয়া "অভূতপূর্ব ও রাজকীয় সংবর্ধনার" ভূয়সী প্রশংসা করে বলেন, তাকে এমনভাবে স্বাগত জানানো হয়েছে যার কোনো তুলনা হয় না। শি জিনপিংয়ের সাথে তার আলোচনা অত্যন্ত ফলপ্রসূ হয়েছে উল্লেখ করে ট্রাম্প বলেন, দিনের শুরুতে অত্যন্ত ফলপ্রসূ আলোচনা হয়েছে। "আপনার সাথে সময় কাটানো ছিল বড় সম্মানের বিষয়,„ বলেন ট্রাম্প।

(বিবিসি ওয়েব পেজ: ১৪.০৫.২০২৬ রুবাইয়া)

## যুক্তরাজ্যে এবার পদত্যাগ করেছেন স্বাস্থ্যমন্ত্রী ওয়েস স্ট্রিটিং

যুক্তরাজ্যের স্বাস্থ্যমন্ত্রীর পদ থেকে পদত্যাগ করেছেন ওয়েস স্ট্রিটিং। সামাজিক যোগাযোগ মাধ্যম এক্স-এ একটি চিঠির মাধ্যমে নিজের পদত্যাগের বিষয়টি নিশ্চিত করেছেন তিনি। স্বাস্থ্যমন্ত্রীর পদ ছাড়ার কারণ হিসেবে স্ট্রিটিং উল্লেখ করেছেন যে, বর্তমান প্রধানমন্ত্রী কিয়ার স্টারমারের নেতৃত্বের ওপর তিনি "আস্থা হারিয়েছেন"। নিজের চিঠিতে তিনি লিখেছেন, "কিয়ার স্টারমারের নেতৃত্বের ওপর আমার আর কোনো আস্থা নেই। এই অবস্থায় সরকারের অংশ হয়ে থাকাটা হবে নীতিহীন এবং সম্মানহানিকর কাজ।" তার এই আকস্মিক পদত্যাগ যুক্তরাজ্যের বর্তমান রাজনীতিতে বেশ তোলপাড় সৃষ্টি করেছে এবং স্টারমার প্রশাসনের জন্য একটি বড় ধাক্কা হিসেবে দেখা হচ্ছে।

(বিবিসি ওয়েব পেজ: ১৪.০৫.২০২৬ রুবাইয়া)

## যুক্তরাজ্যের রাজনীতিতে এখন কী হবে?

স্বাস্থ্যমন্ত্রী ওয়েস স্ট্রিটিং এর দায়িত্ব থেকে সরে যাওয়ার মধ্য দিয়ে ব্রিটিশ প্রধানমন্ত্রী কিয়ের স্টারমারের ওপর পদত্যাগের চাপ আরও বাড়লো। একদিকে তাকে ক্যাবিনেটে নতুন স্বাস্থ্যমন্ত্রী নিয়োগ দিতে হবে, অন্যদিকে নিজের নেতৃত্ব বাঁচাতে লড়তে হবে সম্ভাব্য দলীয় বিদ্রোহের বিরুদ্ধে। বিবিসি,র রাজনৈতিক প্রতিবেদক বলছেন, সরাসরি চ্যালেঞ্জ না করে বরং প্রধানমন্ত্রীর ওপর পদত্যাগের চাপ বাড়িয়ে চলেছেন স্ট্রিটিং। তার উদ্দেশ্য হলো স্টারমারকে নিজ থেকেই পদত্যাগে বাধ্য করা, যাতে লেবার এমপিদের সরাসরি বিদ্রোহের পথে হাঁটতে না হয়। যদিও ডাউনিং স্ট্রিট থেকে স্পষ্ট জানানো হয়েছে যে, স্টারমার লড়াই না করে মাঠ ছাড়বেন না। যদি কোনো চ্যালেঞ্জ শুরু হয়, তবে বর্তমান প্রধানমন্ত্রী হিসেবে তার নাম স্বয়ংক্রিয়ভাবে ব্যালট পেপারে থাকবে এবং তিনি দলের সাধারণ সদস্যদের ভোটে জয়ী হয়ে ফেরার চেষ্টা করবেন। নিয়ম অনুযায়ী, স্টারমারকে চ্যালেঞ্জ করতে হলে যেকোনো প্রার্থীকে পার্লামেন্টারি লেবার পার্টির ২০ শতাংশ বা অন্তত ৮১ জন এমপির লিখিত সমর্থন প্রয়োজন। উল্লেখ্য, এখন পর্যন্ত প্রায় ৯০ জন এমপি প্রকাশ্যে স্টারমারের পদত্যাগ চেয়েছেন। অন্যদিকে, ১৫০ জনেরও বেশি এমপি এখনও প্রধানমন্ত্রীকে সমর্থন করছেন অথবা মনে করছেন যে এখনই নেতৃত্ব পরিবর্তনের সঠিক সময় নয়।

(বিবিসি ওয়েব পেজ: ১৪.০৫.২০২৬ রুবাইয়া)

## জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে শিক্ষার্থীকে ধর্ষণচেষ্টার অভিযোগ, কী ঘটেছে?

ঢাকার কাছে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসের ভেতরে একজন শিক্ষার্থীকে ধর্ষণচেষ্টার অভিযোগকে কেন্দ্র করে রাতভর আন্দোলন হয়েছে এবং ৪৮ ঘন্টার মধ্যে অভিযুক্তকে গ্রেফতার করার আলটিমেটাম দিয়েছেন শিক্ষার্থীরা। এ ঘটনায় বাংলাদেশের একমাত্র আবাসিক বিশ্ববিদ্যালয় হিসেবে পরিচিত এই শিক্ষা প্রতিষ্ঠানে নিরাপত্তা নিয়ে আবারো প্রশ্ন উঠেছে। মঙ্গলবার রাতে ক্যাম্পাসেরই একটি সড়ক থেকে ওই শিক্ষার্থীকে টেনে-হিঁচড়ে পাশের ঝোপঝাঁড়ে নিয়ে ধর্ষণের চেষ্টা করা হয় বলে অভিযোগ উঠেছে। এ ঘটনায় বুধবার ধর্ষণচেষ্টা ও হত্যাচেষ্টার মামলা করেছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। তবে অভিযুক্ত ব্যক্তিকে এখনো গ্রেফতার করতে পারেনি পুলিশ। ঘটনাস্থলের সিসি ক্যামেরার ফুটেজ সংগ্রহ ও অভিযুক্ত ব্যক্তির চেহারা শনাক্ত করা হয়েছে বলে পুলিশ জানিয়েছে। আশুলিয়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোহাম্মদ তরিকুল ইসলাম বিবিসি বাংলাকে বলেন, ”সিসি ফুটেজের মাধ্যমে আসামির চেহারা শনাক্ত করা হয়েছে। কিন্তু আসামির নাম পরিচয় এখনো শনাক্ত করা সম্ভব হয়নি। আমরা চেষ্টা করছি যত দ্রুত সম্ভব আসামিকে গ্রেফতার করা যায়।„ অভিযুক্ত ব্যক্তি ওই এলাকারই বাসিন্দা কি না জানতে চাইলে এই পুলিশ কর্মকর্তা জানান, ”এটি শনাক্ত করা সম্ভব হয়নি।„ অভিযুক্ত ব্যক্তির তথ্য দিয়ে সহায়তা করতে ঢাকা জেলা পুলিশ সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকে একটি পোস্ট দিয়েছে। অতীতেও এই বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ধর্ষণের মতো ঘটনার অভিযোগ উঠেছে। এখনো কেন ক্যাম্পাসটি অনিরাপদ সেই প্রশ্ন সামনে আসছে।

ক্যাম্পাসে বহিরাগতদের প্রবেশ ও নিরাপত্তার প্রশ্নে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কেন প্রশ্নের মুখে পড়ছে- জানতে চাইলে অসহায়ত্ব প্রকাশ করে এই শিক্ষা প্রতিষ্ঠানের ভূ-প্রাকৃতিক অবস্থান এবং আর্থিক সীমাবদ্ধতার কথা বলেন প্রক্টর অধ্যাপক রাশিদুল আলম। ”বর্তমান প্রশাসন তো দেড় বছর হলো এসেছে, কিছু পদক্ষেপ নিয়েছে। আমাদের বিশ্ববিদ্যালয়ে সিসিটিভি ক্যামেরাই ছিল না, আমরা নিরাপত্তা বেষ্টনী দৃঢ় করার জন্য ইতোমধ্যেই আড়াইশ'র বেশি সিসিটিভি ক্যামেরা সংযুক্ত করেছি,„ বলেন মি. আলম। বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে বহিরাগত প্রবেশ নিয়ন্ত্রণে অংশীজনদের সহযোগিতা চাওয়ার কথাও জানান প্রক্টর মি. আলম।

### কী ঘটেছে বুধবার রাতে?

সামাজিক যোগাযোগ মাধ্যমে ছড়িয়ে পড়া একটি সিসিটিভি ফুটেজকে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের বলে অনেকে দাবি করছেন এবং ওই ভিডিওতে একজন ব্যক্তিকে ক্যাম্পাসের ভেতরে লক্ষ্যহীনভাবে হেঁটে যেতে দেখা যায়। ভিডিওটি জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের বলেই পুলিশ মনে করছে, তবে বিবিসি এই ভিডিওর সত্যতা স্বাধীনভাবে যাচাই করতে পারেনি। পুলিশ ও নাম প্রকাশে অনিচ্ছুক বিশ্ববিদ্যালয়ের একজন শিক্ষার্থী জানিয়েছেন, অভিযোগকারী শিক্ষার্থী মঙ্গলবার রাত এগারোটার দিকে পরিত্যক্ত ফজিলাতুন্নেছা হলের সামনের রাস্তা দিয়ে হেঁটে যাচ্ছিলেন। এ সময় ওই ব্যক্তি তার সাথে কথা বলতে চাইলে সে বিশ্ববিদ্যালয়ের কি না প্রশ্ন করেন অভিযোগকারী শিক্ষার্থী। আইন-শৃঙ্খলা বাহিনী জানায়, অভিযুক্ত ব্যক্তি নিজেকে বিশ্ববিদ্যালয় শিক্ষার্থীদের মতো ব্যাচের নাম উল্লেখ করে পরিচয় দেয়। আশুলিয়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা বলেন, ”এটা বোঝা গেছে যে সে এখানকার সাথে পরিচিত। ইউনিভার্সিটির স্টুডেন্টরা কীভাবে পরিচয় দেয় এটা সে জানে।„ নামপ্রকাশে অনিচ্ছুক একজন শিক্ষার্থী বিবিসি বাংলাকে জানান, ঘটনার সম্পর্কে অভিযোগকারী তাদের বলছেন, এরপরই তাকে টেনে পাশের ঝোপের অন্ধকারে নিয়ে ধর্ষণের চেষ্টা করে ওই ব্যক্তি এবং তিনি চিৎকার শুরু করেন। চিৎকার শুনে কয়েকজন এগিয়ে এলে তিনি ঘটনাস্থল থেকে দৌড়ে বের হতে সক্ষম হন। পরে তাকে উদ্ধার করে বিশ্ববিদ্যালয়ের চিকিৎসা কেন্দ্রে নেওয়া হয়। বুধবার এই ঘটনা ক্যাম্পাসে ছড়িয়ে পড়লে শিক্ষার্থীদের মাঝে উত্তেজনা ছড়িয়ে পড়ে। প্রথমে ২৪ ঘন্টার মধ্যে অভিযুক্ত ব্যক্তিকে গ্রেফতার এবং ক্যাম্পাসে শিক্ষার্থীদের নিরাপত্তা দিতে ব্যর্থতার প্রতিবাদে রাতেই বিক্ষোভ করেন প্রায় কয়েকশ নারী শিক্ষার্থী। সাধারণ শিক্ষার্থীদের ব্যানারে বুধবার রাত দশটায় নারী শিক্ষার্থীরা ক্যাম্পাসের বিভিন্ন স্থানে বিক্ষোভ মিছিল করে প্রক্টর অফিসের সামনে গিয়ে শেষ করেন। পরে তাদের সাথে ছেলেরাও যোগ দেয়।

রাতে আন্দোলনে অংশ নিয়েছেন মেহরিন মোবাশ্বিরা বিনতে আনোয়ার। এই শিক্ষার্থী জানান, মেয়েদের মিছিলটি প্রতিবাদী নানা স্লোগান দিয়ে ক্যাম্পাস ঘুরে ঘুরে প্রথমে প্রক্টর অফিসের সামনে যায়। সেখান থেকে ছেলেরাও তাদের সাথে সংহতি জানালে প্রশাসনিক ভবনের সামনে মিছিল নিয়ে যান তারা। মিজ আনোয়ার বলেন, ”প্রক্টর অফিসের সামনে হঠাৎ করেই কয়েকজন দাঁড়িয়ে ২৪ ঘন্টার মধ্যে ওই লোককে গ্রেফতার, প্রক্টর ও তার পুরা বডির পদত্যাগসহ পাঁচটা দাবির কথা বলে। আমরাতো খানিকটা অবাক হই।„ রাত দশটা থেকে প্রায় সাড়ে ১২টা পর্যন্ত সাধারণ শিক্ষার্থীদের ব্যানার থাকলেও, তখন শিক্ষার্থীদের মাঝে বিভক্তি দেখা দেয় বলে জানান তিনি ও আরো কয়েকজন শিক্ষার্থী। সেখান থেকে দুই পক্ষ ভাগ হয়ে প্রশাসনিক ভবনের সামনে গিয়ে আন্দোলন শুরু করে বলে জানান তারা। এই দুটি পক্ষ কারা জানতে চাইলে শিক্ষার্থী মিজ আনোয়ার জানান, ”ছাত্রদল, ছাত্রশক্তি, ছাত্রফ্রন্টের নেত্রীরা ১০টা থেকেই ছিল আমাদের সাথে। কিন্তু তারা ওই সাড়ে বারোটা পর্যন্ত কেবল সাধারণ শিক্ষার্থী হিসেবেই ছিল।„ ছাত্র

ইউনিয়ন ও প্রগতিশীল শিক্ষার্থীদের ব্যানারে আরেকটি পক্ষ পাঁচ দফা ঘোষণা দেয়। এই দুই পক্ষই আন্দোলন চালিয়ে যায় বলে জানান শিক্ষার্থীরা। পরে দুই পক্ষেরই কয়েকজন নারী শিক্ষার্থী উপাচার্য অধ্যাপক কামরুল আহসানের সাথে এক বৈঠকে ছয় দফা দাবি জানান। শিক্ষার্থীরা জানান, রাত দেড়টা থেকে প্রায় সাড়ে তিনটা পর্যন্ত উপাচার্যের কার্যালয়ে ছিলেন তারা। এই বিশ্ববিদ্যালয়ের ছাত্রদলের আহ্বায়ক কমিটির সদস্য সৈয়দা অনন্যা ফারিয়া বুধবার রাতে আন্দোলনে ছিলেন। মিজ ফারিয়া জানান, "ভিকটিম আসলে খুবই স্ট্রং একজন মানুষ। আমার জুনিয়র ছোট বোন আমি প্রাউড এ ব্যাপারে।„ পাচার্যের কাছে ছয় দফা দাবি উত্থাপনের সময় ভুক্তভোগী শিক্ষার্থী সেখানে উপস্থিত ছিল বলে জানান তিনি। "এমনকি আমরা যখন ভিসির রুমে দাবি-দাওয়াগুলো উত্থাপন করছিলাম তখন সে নিজে সেখানে উপস্থিত ছিল এবং এই পুরোটা সময় সে আসলে ভেঙে পড়েনি। পুরোটা সময়ই নিজের ওপর নিয়ন্ত্রণ রেখেছে সে,„ বলেন মিজ ফারিয়া।

**দাবি নিয়ে দ্বন্দ্ব কেন?**

প্রথমে ২৪ ঘণ্টা বললেও পরে ৪৮ ঘণ্টার মধ্যে অভিযুক্ত ব্যক্তিকে গ্রেফতার, ক্যাম্পাসে নিরাপত্তা জোরদার করা, ক্যাম্পাসে প্রবেশের পথগুলোতে প্রহরী মোতায়েনসহ ভুক্তভোগীর নিরাপত্তা নিশ্চিত করার দাবি ছিল আন্দোলনকারী শিক্ষার্থীদের। তবে, প্রক্টর ও তার পুরো টিমের পদত্যাগের দাবির প্রশ্নে দুই পক্ষের মাঝে বিভেদ দেখা দেয় বলে জানান শিক্ষার্থীরা। ছাত্রদলের আহ্বায়ক কমিটির নেত্রী মিজ ফারিয়া দাবি করেন, ছাত্র ইউনিয়ন পৃথক ওই দাবিটি তুলেছিল। যদিও ছাত্র ইউনিয়নের বিশ্ববিদ্যালয় শাখার দপ্তর সম্পাদক সাদিয়া ইমরোজ ইলার দাবি, "এই অভিযোগ মিথ্যা। আমরা কোনো ব্যানার, রাজনৈতিক পরিচয় কোনো কিছু করি নাই। বরং সাধারণ শিক্ষার্থী হিসেবেই ছিলাম আমরা।"

**নিরাপত্তা প্রাচীর নেই বিশ্ববিদ্যালয়ের একাংশে**

প্রায় সাতশো একর জমি নিয়ে ষাটের দশকে প্রতিষ্ঠিত হয় বাংলাদেশের একমাত্র পূর্ণ আবাসিক বিশ্ববিদ্যালয় জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়। ঢাকা থেকে ৩২ কিলোমিটার দূরে সাভারে ঢাকা-আরিচা মহাসড়কের পশ্চিম পাশে এটি অবস্থিত। আবাসিক হলেও এই বিশ্ববিদ্যালয়ে পুরোপুরি নিরাপত্তা প্রাচীর নেই বলে জানান শিক্ষার্থীরা। বিষয়টি স্বীকারও করে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। প্রক্টর অধ্যাপক রাশিদুল আলম বলেন, "আমাদের বিশ্ববিদ্যালয়ের পাশে একদিকে হাইওয়ে অন্য তিনদিকে লোকাল অধিবাসীরা বসবাস করে। বিশ্ববিদ্যালয়ের পেছনে পশ্চিম দিকের বাসিন্দারা বিশ্ববিদ্যালয়ের মধ্য দিয়েই চলাচল করে। আবাসিক হিসেবে নিরাপত্তা ব্যবস্থা যতটা সুসংহত হওয়া প্রয়োজন ততটা না।„ কেন নিরাপত্তা প্রাচীর নেই- জানতে চাইলে প্রক্টর অধ্যাপক আলম আর্থিক ফান্ড নেই বলে দাবি করেন। "বাউন্ডারি ওয়াল এখনো সম্পূর্ণ না। আসলে আমাদের আর্থিক সংশ্লিষ্টতা আছে, আমাদের ফান্ডিং এর অভাব আছে,„ বলেন অধ্যাপক আলম। একইসঙ্গে, বিশ্ববিদ্যালয়ে প্রবেশ ও বের হওয়ার এগারোটি পথে সার্বক্ষণিক পাহারা নেই বলে শিক্ষার্থীদের অভিযোগ রয়েছে। প্রতিটি গেটে পর্যাপ্ত নিরাপত্তা প্রহরী মোতায়েন, সাত দিনের মধ্যে কাঠামোগত ত্রুটি মেরামত, ক্যাম্পাসে নারী নিরাপত্তাকর্মী নিয়োগের দাবিও রয়েছে শিক্ষার্থীদের। নিরাপত্তা প্রহরীর সংখ্যা কম স্বীকার করে প্রক্টর আলম দাবি করেন, বর্তমান প্রশাসনের দেড় বছরে প্রতিটি প্রবেশপথ ও বাউন্ডারি ওয়াল তৈরির জন্য সচেষ্ট আছে। "আগামী একমাসের মধ্যে কাজগুলোকে আরো ফাস্টেন করবে, আমরা সচেষ্ট আছি। আমরা আশা করছি বহিরাগত প্রবেশ নিয়ন্ত্রিত হবে, আগের চেয়ে আরো কড়াকড়ি হবে„ বলেন অধ্যাপক আলম। উল্লেখ্য, ঈদুল আযহা ও গ্রীষ্মকালীন ছুটি উপলক্ষে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে টানা ২৫ দিনের ছুটি ঘোষণা করা হয়েছে। আগামী ২১শে মে থেকে এ ছুটি শুরু হবে। (বিবিসি ওয়েব পেজ : ১৪.০৫.২০২৬ আলী আহমেদ)

## পদ্মা ব্যারাজ কী, এটি কোথায় নির্মাণ করা হবে?

বাংলাদেশে প্রায় ৩৫ হাজার কোটি টাকা ব্যয়ে পদ্মা নদীর ওপর নতুন একটি ব্যারাজ নির্মাণ করতে যাচ্ছে সরকার। মেগা এই প্রকল্পটি আগামী সাত বছরে নিজস্ব অর্থায়নে বাস্তবায়ন করা হবে। বুধবার ঢাকার সচিবালয়ে প্রধানমন্ত্রী তারেক রহমানের নেতৃত্বে অনুষ্ঠিত জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) সভায় প্রকল্পটির অনুমোদন দেওয়া হয়। `পদ্মা ব্যারাজ' নামের এই উন্নয়ন কর্মসূচির প্রাথমিক লক্ষ্য দেশটির দক্ষিণ-পশ্চিমাঞ্চলের মৃতপ্রায় পাঁচটি নদী পুনর্জীবিত করা। প্রকল্পটি বাস্তবায়িত হলে নদীগুলোর আশপাশের ২৪টি জেলার পানিসংকট নিরসন হবে, যার ফলে প্রায় সাত কোটি মানুষ উপকৃত হবে বলে জানিয়েছেন পানিসম্পদমন্ত্রী শহীদ উদ্দিন চৌধুরী এ্যানি। ভারতের ফারাক্কা ব্যারাজের কারণে শুষ্ক মৌসুমে ওই অঞ্চলে ব্যাপক খরা পরিস্থিতি তৈরি হয় এবং পদ্মা নদীর সঙ্গে যুক্ত অন্যান্য নদী শুকিয়ে যায়। এর ফলে নদী তীরবর্তী এলাকায় লবণাক্ততা দেখা দেয়। অন্যদিকে, বর্ষা মৌসুমে কোথাও কোথাও জলাবদ্ধতাও তৈরি হয় বলে জানান মন্ত্রী। "সবদিক বিবেচনায় এই প্রকল্পটিকে আমরা বলছি যে, মাস্টারমাইন্ড প্রকল্প, যেটা আমাদের নির্বাচনি প্রতিশ্রুতি ছিল, ইশতেহারে ছিল। মাননীয় প্রধানমন্ত্রী জনাব তারেক রহমান নির্বাচনের পূর্বে রাজশাহীতে গিয়ে জনসাধারণের সামনে সেটা বক্তব্য রেখেছিলেন, কমিটমেন্ট (অঙ্গীকার) করেছিলেন। সেটা বাস্তবায়নের জন্য এই প্রকল্পটি একনেকে অনুমোদিত হয়েছে,„ বুধবার একনেক সভা শেষে

সাংবাদিকদের বলেন মি. এ্যানি। আগামী অর্থবছরেই প্রকল্পের প্রথম ধাপের কাজ শুরু হওয়ার কথা রয়েছে। ২০৩৩ সালের মধ্যে ব্যারাজ নির্মাণ শেষে ওই অঞ্চলে তিনটি পানি বিদ্যুৎকেন্দ্র এবং সাতটি স্যাটেলাইট শহর গড়ে তোলার পরিকল্পনা রয়েছে বলে জানিয়েছেন পানিসম্পদমন্ত্রী। কিন্তু ব্যারাজ জিনিসটা আসলে কী? এটি কখন এবং কেন নির্মাণ করা হয়?

**ব্যারাজ কী?**

ব্যারাজ হলো পানির প্রবাহ নিয়ন্ত্রণে নদী বা জলাধারের ওপর আড়াআড়িভাবে নির্মিত বিশেষ একটি অবকাঠামো। ড্যাম বা বাঁধের সঙ্গে এর বড়ো পার্থক্যের জায়গা হলো বাঁধের মাধ্যমে জলাধারের পানিপ্রবাহ বন্ধ করে দিয়ে একটি নির্দিষ্ট জায়গা জুড়ে পানি ধরে রাখা হয়। অন্যদিকে, ব্যারাজের মাধ্যমে পানির প্রবাহ বন্ধ করার পরিবর্তে সেটির গতিপথ নিয়ন্ত্রণ করা হয়। এক্ষেত্রে মূল অবকাঠামোতে একাধিক দরজা রাখা হয়, যেখান দিয়ে পানি প্রবাহিত হয়। সাধারণত ব্যারাজ নির্মাণের আগে সেটার উজানে এক বা একাধিক কৃত্রিম খাল খনন করা হয়। এরপর পানি প্রবাহ নিয়ন্ত্রণ করে ওইসব খালে পানি ঢোকানো হয়। সেই পানি পাম্পের মাধ্যমে কৃষি জমিতে সেচ আকারে দেওয়া হয়। আবার অনেক সময় ব্যারাজের মাধ্যমে এক নদীর পানি অন্য নদীতে নিয়ে সেটির প্রবাহ বাড়ানোর চেষ্টা করা হয়। পদ্মা ব্যারাজের মাধ্যমে সেটিই করার পরিকল্পনা করছেন কর্মকর্তারা। "যথাযথভাবে পরীক্ষা-নিরীক্ষা শেষে যেখানে ব্যারাজ প্রয়োজন, সেখানে যদি এটি নির্মাণ করা যায় এবং ঠিকঠাক মতো কাজে লাগানো যায়, তাহলে অনেক ধরনের সুবিধা পাওয়া সম্ভব,„ বিবিসি বাংলাকে বলছিলেন বাংলাদেশ প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) পানি ও বন্যা ব্যবস্থাপনা ইন্সটিটিউটের শিক্ষক অধ্যাপক ড. আনিসুল হক। আবার এর ব্যত্যয় ঘটলে হিতে বিপরীতও হতে পারে বলে জানাচ্ছেন এই বিশেষজ্ঞ। "তখন দেখা যাবে, ব্যারাজ কোনো কাজে লাগছে না, বরং শুধু শুধু অর্থের অপচর হয়েছে এবং নদীও ক্ষতিগ্রস্ত হচ্ছে। কাজেই ব্যারাজ নির্মাণের আগে ভালোমতো পরীক্ষা-নিরীক্ষা এবং নির্মাণের পর, সেটির ঠিকঠাক ব্যবহার নিশ্চিত করা জরুরি,„ বলেন করেন অধ্যাপক হক। বাংলাদেশে আগেও বিভিন্ন সময় নদীর ওপর ব্যারাজ নির্মাণ করতে দেখা গেছে। এর মধ্যে ১৯৮৩ সালে মৌলভীবাজারে মনু নদীর ওপর প্রথমবার একটি ব্যারাজ নির্মাণ করা হয়েছিল, যেটি মনু ব্যারাজ নামে পরিচিত। পরে ১৯৯০ সালে লালমনিরহাটে তিস্তা নদীর ওপর তিস্তা ব্যারেজ এবং ঠাকুরগাঁওয়ের টাঙ্গন নদীর ওপর টাঙ্গন ব্যারেজ তৈরি করা হয়।

**পদ্মায় ব্যারাজ কেন?**

২০২৬ সালে এসে সরকার পদ্মা নদীর ওপর ব্যারাজ নির্মাণ প্রকল্প অনুমোদন পেলেও, বিষয়টি নিয়ে আগেও বিভিন্ন সরকারের সময় আলোচনা হয়েছে। বিশেষজ্ঞরা বলছেন, গত শতাব্দীর ষাটের দশক থেকে ২০০০ সাল পর্যন্ত অন্তত চার দশকে ব্যারাজের সম্ভাব্য স্থান নির্ধারণে চারটি সমীক্ষা পরিচালিত হয়েছিল। এমনকি, বিএনপি সরকারের গত মেয়াদে ২০০৫ সালে বিস্তারিত সম্ভাব্যতা যাচাইয়ের কাজ শুরু হয়। এরপর আওয়ামী লীগ সরকার ক্ষমতায় থাকাকালে ২০০৯ সাল থেকে ২০১৩ সাল পর্যন্ত স্থানীয় ও বিদেশি বিশেষজ্ঞদের একটি দল সম্ভাব্যতা যাচাই করে প্রতিবেদন জমা দেয়। ২০১৬ সাল পর্যন্ত পানি উন্নয়ন বোর্ড প্রকল্পটির নকশা প্রণয়নে কাজ করে। বিশেষজ্ঞরা সমীক্ষা শেষে যে প্রতিবেদন সরকারের কাছে জমা দিয়েছিল, সেখানে বলা হয়, ভারতের ফারাক্কা ব্যারাজের কারণে উজানে পানি প্রত্যাহার বেড়ে যাওয়ায় বাংলাদেশে শুষ্ক মৌসুমে পানিপ্রবাহ উল্লেখযোগ্যভাবে কমে গেছে। এর ফলে নদীগুলো শুকিয়ে যাওয়ায় কৃষি ও মৎস্য খাতে যেমন বড়ো ধরনের ক্ষতি হচ্ছে, তেমনি নৌ চলাচল ও জীববৈচিত্র্যও বাধার মুখে পড়ছে। এসব সমস্যা সমাধানের লক্ষ্যে গত নির্বাচনের আগে পদ্মায় ব্যারাজ নির্মাণের প্রতিশ্রুতি দেন তারেক রহমান। ক্ষমতায় এসে সেটিই বাস্তবায়নের উদ্যোগ নেওয়া হয়েছে।

**কোথায় হবে পদ্মা ব্যারাজ?**

পদ্মা ব্যারাজ প্রকল্পের আওতায় মূল অবকাঠামোটি নির্মাণ করা হবে রাজবাড়ীর পাংশা উপজেলায়। প্রায় দুই দশমিক এক কিলোমিটার দীর্ঘ ওই ব্যারাজে ৭৮টি স্পিলওয়ে, ১৮টি আন্ডার স্লুইস এবং দু'টি ফিশ পাস বা নিরাপদে মাছ চলাচলের জায়গা রাখা হবে। ব্যারাজের নিরাপত্তা নিশ্চিত করার জন্য বিশেষভাবে নির্মিত যে কাঠামোর মাধ্যমে নদীর অতিরিক্ত পানি বাইরে বের করে দেওয়া হয়, সেটাই হলো স্পিলওয়ে। আর আন্ডার স্লুইস হলো ব্যারেজের পানির প্রবাহ ও পলি ব্যবস্থাপনার জন্য নির্মিত আরেকটি বিশেষ কাঠামো। এই ব্যারাজের মাধ্যমে প্রায় ২৯০ কোটি ঘনমিটার পানি সংরক্ষণ করার আশা করছেন কর্মকর্তারা। সংরক্ষিত ওই পানি বণ্টনের জন্য তিনটি 'অফটেক অবকাঠামো' নির্মাণ করার পরিকল্পনা করা হচ্ছে। যে নদীর ওপর ব্যারাজ নির্মাণ করা হয়, সেটির পানি প্রবাহ নিয়ন্ত্রণ ও বণ্টনের জন্য যে বিশেষ অবকাঠামো নির্মাণ করা হয়ে থাকে, সেটি 'অফটেক অবকাঠামো' নামে পরিচিত। একইসঙ্গে, প্রথম ধাপের কর্মকাণ্ডের আওতায় গড়াই-মধুমতী নদীতে ১৩৫ দশমিক ছয় কিলোমিটার এবং হিসনা নদীতে ২৪৬ দশমিক ৪৬ কিলোমিটার পুনঃখনন এবং ড্রেজিং কাজ করা হবে। দ্বিতীয় ধাপে চন্দনা-বারাশিয়া, বড়াল ও ইছামতী নদী ব্যবস্থা পুনরুদ্ধারের কাজ করা হবে।

**কী কাজে লাগবে?**

প্রকল্পটি বাস্তবায়নের মাধ্যমে গড়াই-মধুমতি, হিসনা-মাথাভাঙ্গা, চন্দনা-বারাশিয়া, বড়াল ও ইছামতী নদীর পানিপ্রবাহ পুনরুজ্জীবিত করা হবে বলে জানিয়েছে সরকার। এক্ষেত্রে ব্যারাজের মাধ্যমে পানির প্রবাহ নিয়ন্ত্রণ ও সংরক্ষণ করে শুষ্ক মৌসুমে ওইসব নদীতে প্রায় ৮০০ কিউসেক পানি সরবরাহ করা সম্ভব হবে বলে আশা করছেন কর্মকর্তারা। এরপর সেই পানি দিয়ে যশোর, খুলনা, কুষ্টিয়া, মাগুরা, মেহেরপুর, চুয়াডাঙ্গা, ঝিনাইদহ, নড়াইল, বাগেরহাট, সাতক্ষীরা, রাজবাড়ী, ফরিদপুর, গোপালগঞ্জ, পাবনা, রাজশাহী, নাটোর, নওগাঁ, চাঁপাইনবাবগঞ্জ এবং পিরোজপুর অঞ্চলে প্রায় ২৯ লাখ হেক্টর কৃষি জমিতে সেচ দেওয়া হবে বলে প্রকল্পের নথিতে উল্লেখ করা হয়েছে। সেটি সম্ভব হলে দেশে আরও প্রায় ২৪ লাখ টন ধান এবং সোয়া দুই লাখ টন মাছের উৎপাদন বৃদ্ধি পাবে বলে দাবি করেছেন কর্মকর্তারা। একইসঙ্গে, নদী তীরবর্তী এলাকার জীববৈচিত্র্য রক্ষা ও মানুষের জীবনমান উন্নয়নের ক্ষেত্রেও প্রকল্পটি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে আশা করা হচ্ছে। "বাংলাদেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চল ও উত্তরাঞ্চল, সেদিকের মানুষ সবচেয়ে বেশি উপকার পাবে...এই পদ্মা ব্যারাজ করার মাধ্যমে সর্বোচ্চ বেনিফিটটা আমরা ওই অঞ্চলের মানুষকে দিতে পারবো, সেটা কৃষিখাতে হোক, সুন্দরবনের জন্য হোক,„ বুধবার সাংবাদিকদের বলেন মি. এ্যানি।

২০৩৩ সালের পর দ্বিতীয় ধাপে ব্যারেজ ঘিরে তিনটি পানি বিদ্যুৎকেন্দ্র নির্মাণ করা হবে। এছাড়া সাতটি স্যাটেলাইট শহর গড়ে তোলার পরিকল্পনাও রয়েছে সরকারের। প্রকল্প কর্মকর্তারা বলছেন, নদীগুলোতে স্বাভাবিক প্রবাহ ফিরলে দক্ষিণ-পশ্চিমাঞ্চলে লবণাক্ততার বিস্তার কমবে, সুন্দরবনের জীববৈচিত্র্য সুরক্ষা পাবে এবং সেচ ও নিষ্কাশন ব্যবস্থার উন্নতি হবে। এ ছাড়া গঙ্গা-কপোতাক্ষ (জিকে) সেচ প্রকল্প, উত্তর রাজশাহী সেচ প্রকল্প, গোদাগাড়ী পাম্প হাউস এবং রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রে পানি সরবরাহ নিশ্চিত করা সম্ভব হবে। সবমিলিয়ে এই প্রকল্পের মাধ্যমে বছরে প্রায় আট হাজার কোটি টাকার আর্থ-সামাজিক সুবিধা পাওয়া যাবে বলে জানিয়েছেন সরকারের কর্মকর্তারা।

(বিবিসি ওয়েব পেজ : ১৪.০৫.২০২৬ আলী আহমেদ)

## লালমনিরহাটে সীমান্তে বিএসএফের গুলিতে বাংলাদেশি নাগরিক নিহত

লালমনিরহাটের হাতীবান্ধা উপজেলার আমঝোল সীমান্তে বিএসএফের গুলিতে খাদেমুল ইসলাম নামে এক বাংলাদেশি যুবক নিহত হয়েছেন। বৃহস্পতিবার ভোরে হাতীবান্ধা উপজেলার বনচৌকি বিওপি সংলগ্ন আমঝোল সীমান্তে এ ঘটনা ঘটে। স্থানীয়দের বরাত দিয়ে বিজিবি জানায়, কয়েকজন বাংলাদেশি নাগরিক কাঁটাতারের বেড়ার কাছে গেলে ভারতের ৭৮ বিএসএফ ব্যাটালিয়নের পাগলামারী ক্যাম্পের সদস্যরা তাদের লক্ষ্য করে গুলি ছোড়ে। গুলিতে খাদেমুলের মুখ, বুক ও মাথায় গুরুতর জখম হয়। সঙ্গীরা তাকে উদ্ধার করে রংপুরের একটি ক্লিনিকে ভর্তি করেন। সেখানে চিকিৎসাধীন অবস্থায় সকাল আটটার দিকে তার মৃত্যু হয়। হাতীবান্ধা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা রমজান আলী জানিয়েছেন, সীমান্তে গুলিবিদ্ধ ওই যুবককে তার স্বজনরা রংপুরের একটি হাসপাতালে নিয়ে গেলে সেখানে তিনি মারা যান। এদিকে এই ঘটনায় বিজিবির পক্ষ থেকে একটি প্রতিবাদ লিপি বিএসএফএর কাছে পাঠানো হয়েছে বলে গণমাধ্যমকে জানিয়েছেন লালমনিরহাট ১৫ বিজিবি ব্যাটালিয়নের অধিনায়ক লেফটেন্যান্ট কর্নেল মেহেদী ইমাম।

(বিবিসি ওয়েব পেজ: ১৪.০৫.২০২৬ এলিনা)

## আগামী বছর এসএসসি ও এইচএসসি পরীক্ষা শুরুর সময় জানালেন শিক্ষামন্ত্রী

সামনের বছর, অর্থাৎ ২০২৭ সালের এসএসসি ও সমমানের পরীক্ষা সাতই জানুয়ারি থেকে শুরু হবে বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী ড. আ ন ম এহছানুল হক মিলন। এছাড়া ওই বছরের ছয়ই জুন থেকে এইচএসসি ও সমমানের পরীক্ষা শুরু হওয়ার কথাও জানিয়েছেন তিনি। বৃহস্পতিবার দুপুরে সচিবালয়ে এক সংবাদ সম্মেলনে এসব তথ্য জানান শিক্ষামন্ত্রী। মন্ত্রী জানান, ডিসেম্বর মাসেই এসএসসি পরীক্ষা শুরুর চিন্তাভাবনা করা হলেও এ নিয়ে আপত্তি থাকায় শিক্ষা সংশ্লিষ্টদের সঙ্গে আলোচনা করে নতুন এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

(বিবিসি ওয়েব পেজ: ১৪.০৫.২০২৬ এলিনা)

## কলকাতা হাইকোর্টে মামলা লড়তে মমতা ব্যানার্জী, উঠল 'চোর চোর' স্লোগান

ভোটের পর পশ্চিমবঙ্গের বিভিন্ন প্রান্ত থেকে যে সমস্ত অশান্তির অভিযোগ উঠেছে, তা নিয়ে হাই কোর্টে দায়ের হওয়া একটি জনস্বার্থ মামলায় সাবেক মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী নিজেই হাজির হয়েছিলেন। আদালত থেকে বেরিয়ে আসার সময় তাকে ঘিরে স্লোগান দেওয়া নিয়ে এক সময় উত্তপ্ত হয়ে উঠেছিল পরিস্থিতি। সেই সময় `চোর চোর, বলে স্লোগান দেওয়া হয়েছিল। ক্রমে উত্তপ্ত হয়ে ওঠে আদালত চত্বর। উপস্থিত একাংশের দিকে উদ্দেশ্য করে মমতা ব্যানার্জী বলেন, "ওরা আমাকে মেরেছে।„ ওই মামলাটি দায়ের করেছিলেন তৃণমূল কংগ্রেসের পরাজিত প্রার্থী ও আইনজীবী শীর্ষাণ্য ব্যানার্জী। সেই মামলায় আইনজীবী হিসাবে আদালতে সওয়াল করেন মমতা ব্যানার্জী। এর আগে ভোটার তালিকার স্পেশাল ইন্টেনসিভ রিভিশন (এসআইআর) বা বিশেষ নিবিড় সংশোধনের বিরুদ্ধে দায়ের হওয়া মামলা লড়তে সুপ্রিম কোর্টে আইনজীবীর ভূমিকায় দেখা গিয়েছিল মমতা ব্যানার্জীকে। তারপর আবার বৃহস্পতিবার একই ভূমিকায় দেখা গিয়েছে। তাকে ঘিরে স্লোগান দেওয়া নিয়ে তৃণমূল কংগ্রেসের তরফে ঘটনার নিন্দা করা হয় এবং বিজেপিকে দায়ী করা হয়। জবাবে বিজেপির শমীক ভট্টাচার্য বলেছেন, "এটা বিজেপির সংস্কৃতি নয়। উনি প্রাক্তন মুখ্যমন্ত্রী, একজন মহিলা।

তাকে দেখলে মানুষ রাস্তায় চোর-চোর স্লোগান দেবে- এই কাজ বিজেপি করে না। এই পরিস্থিতিও বিজেপি তৈরি করেনি। এই পরিস্থিতির জন্য যদি কেউ দায়ী হয়ে থাকে, সেটা তৃণমূল।„ বার্তা সংস্থা এএনআই-র তথ্য অনুযায়ী, মমতা ব্যানার্জী আদালতে বলেন, ”ভোটের পরে শিশু, নারী, সংখ্যালঘু কাউকে রেয়াত করা হচ্ছে না। প্রতিদিন এই সব অভিযোগ আসছে। ঘর, বাড়ি লুট করছে, আগুন জ্বালাচ্ছে। পুলিশ কিছু করছে না।„ পাশাপাশি বলেছেন, ”রাজ্যের মানুষকে বাঁচান। এটা উত্তর প্রদেশ নয় বুলডোজার রাজ্য নয়। এটা পশ্চিমবঙ্গ, রাজ্যবাসীকে বাঁচান।„ হাই কোর্টে সাবেক মুখ্যমন্ত্রীর উপস্থিতি নিয়ে পশ্চিমবঙ্গের নতুন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীকে জিজ্ঞাসা করা হলে তিনি বলেন, ”আমার অনেক কাজ জানেন তো। এসব নিয়ে ভাবার সময় নেই আমার কাছে। আর আমি এসব নিয়ে ভাবতেও রাজি নই।„ (বিবিসি ওয়েব পেজ: ১৪.০৫.২০২৬ এলিনা)

## হামের উপসর্গ নিয়ে আরও সাতজনের মৃত্যু

২৪ ঘণ্টায় হামের উপসর্গ নিয়ে আরও সাত জনের মৃত্যু হয়েছে বলে জানিয়েছে স্বাস্থ্য অধিদপ্তর। বৃহস্পতিবার অধিদপ্তরের নিয়মিত স্বাস্থ্য সংবাদ বিজ্ঞপ্তিতে এসব তথ্য জানানো হয়। এ নিয়ে গেল দুই মাসে এই রোগের উপসর্গ নিয়ে মৃত্যুর সংখ্যা দাঁড়ালো ৪৩৯ জনে। স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য অনুযায়ী, হামের উপসর্গ নিয়ে সারাদেশে ১৪ই মে সকাল আটটা পর্যন্ত ২৪ ঘণ্টায় এক হাজার ৫১৮ জন হাসপাতালে ভর্তি হয়েছেন। এই সময়ের মধ্যে ঢাকা জেলায় সব থেকে বেশি, চারজনের মৃত্যু হয়েছে বলেও জানানো হয়েছে বিজ্ঞপ্তিতে।
(বিবিসি ওয়েব পেজ: ১৪.০৫.২০২৬ এলিনা)

## ভারতে শুরু হবে তৃতীয় পর্যায়ের এসআইআর-এর কাজ

ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধনের তৃতীয় পর্যায়ের কাজ শুরু হতে চলেছে- এমনটাই জানিয়েছে ভারতের নির্বাচন কমিশন। এখনো পর্যন্ত পশ্চিমবঙ্গ, বিহারসহ ১০টি রাজ্য এবং তিনটি কেন্দ্রশাসিত অঞ্চলে ভোটার তালিকার স্পেশাল ইন্টেনসিভ রিভিশন বা এসআইআর-এর কাজ শেষ হয়েছে। এবার ১৬টি রাজ্য এবং তিনটি কেন্দ্রশাসিত অঞ্চলে এই কাজ শীঘ্রই শুরু হবে। এই মর্মে বৃহস্পতিবার বিজ্ঞপ্তিও জারি করেছে কমিশন। কমিশনের পক্ষ থেকে জানানো হয়েছে তৃতীয় পর্যায়ে হিমাচল প্রদেশ, জম্মু ও কাশ্মীর এবং লাদাখ বাদে বাকি অংশে এই কাজ সম্পন্ন করা হবে। ওই তিনটি রাজ্য এবং কেন্দ্রশাসিত অঞ্চলে আদমশুমারির দ্বিতীয় পর্যায়ের কাজ সম্পন্ন হয়েছে। ওই রাজ্যগুলির পাহাড়ি এলাকা এবং তুষারাবৃত অঞ্চলে আবহাওয়ার কথা বিবেচনা করে এখানে পরবর্তী সময়ে এসআইআর-এর সময়সূচি ঘোষণা করা হবে। কমিশনের পক্ষ থেকে আরো জানানো হয়েছে, তৃতীয় পর্যায়ের এসআইআর-এর কাজে তিন লক্ষ চুরানব্বই হাজার বুথ লেভেল অফিসার ও তিন লক্ষ বিয়াল্লিশ হাজার বুথ লেভেল এজেন্ট কাজ করবেন।
(বিবিসি ওয়েব পেজ: ১৪.০৫.২০২৬ এলিনা)

## ঈদুল আজহায় টানা সাতদিন সরকারি ছুটি, প্রজ্ঞাপন জারি

ঈদুল আজহা উপলক্ষে সরকারি কর্মকর্তা-কর্মচারীদের জন্য টানা সাত দিনের ছুটি ঘোষণা করেছে সরকার। বৃহস্পতিবার জনপ্রশাসন মন্ত্রণালয় এ সংক্রান্ত একটি প্রজ্ঞাপন জারি করেছে। সরকারের ঘোষণা অনুযায়ী, ২৫শে মে সোমবার থেকে ৩১শে মে রবিবার পর্যন্ত সাত দিন দেশজুড়ে সাধারণ ছুটি কার্যকর থাকবে। সব সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত এবং বেসরকারি প্রতিষ্ঠান এই ছুটির আওতাভুক্ত থাকবে। তবে জরুরি পরিষেবা, হাসপাতাল ও জরুরি সেবা কাজে কর্মরতরা এই ছুটির আওতা বহির্ভূত থাকবেন বলেও উল্লেখ করা হয়েছে। ঈদের ছুটি সমন্বয় করতে অফিসের সময়সূচিতেও কিছু পরিবর্তন আনা হয়েছে। ২৩শে মে শনিবার সাপ্তাহিক ছুটির দিন হওয়া সত্ত্বেও এদিন অফিস খোলা থাকবে, অফিস চলবে পরদিন রবিবারও। অর্থাৎ, টানা ছুটি শুরুর আগে শনি ও রবিবার সরকারি কর্মকর্তা-কর্মচারীদের অফিস করতে হবে। চাঁদ দেখা সাপেক্ষে আগামী ২৮শে মে মুসলিমদের বৃহৎ ধর্মীয় উৎসব ঈদুল আজহা উদযাপিত হতে পারে। গত সাতই মে মন্ত্রিসভার বৈঠকে এই ছুটির বিষয়ে প্রাথমিক সিদ্ধান্ত নেওয়া হয়েছিল, যা প্রজ্ঞাপনের মাধ্যমে চূড়ান্ত করা হলো। (বিবিসি ওয়েব পেজ: ১৪.০৫.২০২৬ এলিনা)

## আইসিসি `প্লেয়ার অফ দ্য মান্থ, বাংলাদেশের নাহিদ রানা

ইন্টারন্যাশনাল ক্রিকেট কাউন্সিল বা আইসিসি এর মাস সেরা ক্রিকেটার নির্বাচিত হয়েছেন বাংলাদেশের ফাস্ট বোলার নাহিদ রানা। বৃহস্পতিবার নিজেদের অফিসিয়াল ওয়েবসাইট এবং ভেরিফায়েড ফেসবুক পেইজে এই তথ্য জানিয়েছে আইসিসি। নাহিদ রানার ক্যারিয়ারে এটিই প্রথম আইসিসি মাসসেরা পুরস্কার। গত বছরের এপ্রিলে মেহেদী হাসান মিরাজ এই পুরস্কার জেতার পর প্রথম বাংলাদেশি হিসেবে নাহিদ রানা এই সম্মান অর্জন করলেন। আইসিসি জানিয়েছে, নিউজিল্যান্ডের বিপক্ষে ওয়ানডে সিরিজে দুর্দান্ত পারফরম্যান্সের স্বীকৃতি হিসেবেই ২০২৬ সালের এপ্রিল মাসের সেরা আইসিসি পুরুষ খেলোয়াড় নির্বাচিত হয়েছেন বাংলাদেশের এই ফাস্ট বোলার। কিউইদের বিপক্ষে তিন ম্যাচের ওয়ানডে সিরিজে আটটি উইকেট শিকার করেন এই ডানহাতি পেসার। এর আগে মার্চ মাসে পাকিস্তানের বিপক্ষেও তিন ম্যাচের সিরিজে আটটি উইকেট নিয়েছিলেন তিনি।(বিবিসি ওয়েব পেজ: ১৪.০৫.২০২৬ এলিনা)

## রেডিও তেহরান

### কোরিয়ার ভিসা-প্রত্যাশীদের প্রবাসী কল্যাণ মন্ত্রণালয় ঘেরাও

দক্ষিণ কোরিয়ান ভাষা পরীক্ষায় পাশ করা রোস্টারভুক্ত ডিলিট হওয়া `এমপ্লয়মেন্ট পারমিট সিস্টেম, (ইপিএস) কর্মীদের পুনঃরোস্টার ও সব রোস্টারভুক্তদের ভিসা ইস্যুর লক্ষ্যে পাঁচ দফা দাবিতে বিক্ষোভ করছেন ইপিএস কর্মীরা। আজ বৃহস্পতিবার সকাল থেকে প্রবাসী কল্যাণ মন্ত্রণালয়ের সামনে অবস্থান নিয়ে তারা আন্দোলন করছেন। এ সময় মন্ত্রণালয়ের ভেতরে প্রবেশ ও বাহির হওয়ার পথ বন্ধ করে দেওয়া হয়। আন্দোলনকারীরা এ সময় নানা স্লোগান দেন। আন্দোলনরত একজন বলেন, বোয়েসেল আমাদের ওপর অন্যায়-অবিচার করছে। ইপিএসের অনিয়মতান্ত্রিক সিস্টেমের কারণে আজ আমরা ভাষা শিখেও বেকার। ভাষা শিখে রোস্টারভুক্ত হয়েছি, তবু আমাদের ফাইল কোরিয়ায় পাঠানো হয়নি। আমরা এসব সমস্যার অবসান চাই। রোস্টারভুক্ত মাছুম মিয়া বলেন, আমাদের ভাষা শিক্ষার দুই বছর পার হয়ে গেলে আমাদের বাদ দেওয়া হয়। কয়েকশ লোক ভাষা শিখেছে, অথচ এখন মেয়াদ শেষ। এত কষ্ট করে এত টাকা খরচ করে আমরা ভাষা শিখেছি, সেটা কি বিফলে যাবে? আমরা আর কত অপেক্ষা করব? বোয়েসেল আমাদের বিষয়ে আন্তরিক না। তারা চাইলে কোরিয়ায় এজেন্ট নিয়োগ করে লোক নিতে পারে। বোয়েসেল সেটা করছে না।

আন্দোলনকারীদের দাবিগুলো হলো-রোস্টার ডিলেটকৃত ইপিএস কর্মী ২০২২ ও ২০২৩ ব্যাচের সব কর্মীকে দক্ষিণ কোরিয়া পাঠাতে হবে, আমাদের দক্ষিণ কোরিয়া পাঠানো ব্যতীত নতুন করে কোন সার্কুলার দেওয়া যাবে না, আমরা দক্ষিণ কোরিয়া ব্যতীত অন্য কোনো দেশে যাব না; দক্ষিণ কোরিয়ায় পাঠাতে যদি আমাদের কোনো অফিশিয়াল খরচ লাগে তাহলে আমরা সব ইপিএস কর্মী সেই খরচ দিতে ইচ্ছুক; ব্যাচ অনুযায়ী ধারাবাহিকভাবে দক্ষিণ কোরিয়া পাঠাতে হবে এবং নির্দিষ্ট সময়ের মধ্যে নিতে হবে। (রেডিও তেহরান ওয়েব পেজ : ১৪.০৫.২০২৬ নারগীস)

## এনএইচকে

### বেইজিংয়ে শীর্ষ বৈঠকে মিলিত হয়েছেন ট্রাম্প এবং শি

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প এবং চীনা প্রেসিডেন্ট শি জিনপিং বেইজিংয়ে তাদের বৈঠক শেষ করেছেন। নয় বছর পর প্রথমবারের মতো চীন সফর করছেন ট্রাম্প। বুধবার তিনি বেইজিংয়ে পৌঁছেছেন। বৃহস্পতিবার গ্রেট হল অফ দ্য পিপল-এ ট্রাম্পের জন্য একটি স্বাগত অনুষ্ঠানের আয়োজন করা হয়। সেখানে একটি গাড়িবহর নিয়ে এসে পৌঁছানোর পর ট্রাম্পকে স্বাগত জানান শি। দুই নেতা হাসিমুখে কথা বলেন এবং করমর্দন করেন। এরপর দুই নেতা শীর্ষ বৈঠকের জন্য প্রবেশ করেন ভবনের ভেতরে। শি তার উদ্বোধনী বক্তব্যে বলেন, "একটি স্থিতিশীল দ্বিপাক্ষিক সম্পর্ক বিশ্বের জন্য মঙ্গলজনক। সহযোগিতা থেকে চীন ও যুক্তরাষ্ট্র উভয়ই লাভবান হবে এবং সংঘাতে হবে ক্ষতিগ্রস্ত। আমাদের অংশীদার হওয়া উচিত, প্রতিদ্বন্দ্বী নয়।" ট্রাম্প এই অভ্যর্থনার জন্য শি-কে ধন্যবাদ জানিয়ে বলেন, "আপনার সাথে আমার পরিচয় অনেক দিনের। সত্যি বলতে কি, আমাদের দুই দেশের যেকোনো প্রেসিডেন্টের মধ্যে এটিই দীর্ঘতম সম্পর্ক।"ট্রাম্প ও শি প্রায় দুই ঘণ্টা ১৫ মিনিট ধরে আলোচনা করেন। (এনএইচকে ওয়েব পেজ: ১৪.০৫.২০২৬ রুবাইয়া)

## ডয়চে ভেলে

### ঢাকার শিশুরা দিনে ৫ ঘণ্টা তাকিয়ে থাকছে ডিজিটাল স্ক্রিনে, বিরূপ প্রভাব পড়ছে স্বাস্থ্যে

ঢাকার শিশুরা প্রতিদিন গড়ে প্রায় পাঁচ ঘণ্টা সময় ডিজিটাল স্ক্রিনে, অর্থাৎ মোবাইল, টিভি, ট্যাব বা কম্পিউটারের দিকে তাকিয়ে থাকে। আইসিডিডিআর,বির গবেষণায় উঠে এসেছে উদ্বেগজনক এ তথ্য। গবেষণায় আরো দেখা গেছে, অতিরিক্ত এই স্ক্রিন ব্যবহারের ফলে শিশুদের পর্যাপ্ত ঘুম ব্যাহত হচ্ছে এবং তারা স্থূলতা ও বিভিন্ন মানসিক স্বাস্থ্য সমস্যায় ভুগছে। ২০২২ থেকে ২০২৪ সালের মধ্যে ঢাকার ছয়টি স্কুলের ৬ থেকে ১৪ বছর বয়সি ৪২০ জন শিশুর ওপর এই গবেষণাটি চালানো হয়। গবেষণার ফলাফল সম্প্রতি জার্নাল অব মেডিকেল ইন্টারনেট রিসার্চ (জেএমআইআর) হিউম্যান ফ্যাক্টর্সে প্রকাশিত হয়েছে। ফলাফলে দেখা গেছে, গবেষণায় অংশ নেওয়া শিশুদের মধ্যে ৮৩ শতাংশই বিনোদনের জন্য আন্তর্জাতিকভাবে নির্ধারিত সময়ের চেয়ে বেশি স্ক্রিন ব্যবহার করছে। এর নেতিবাচক প্রভাব হিসেবে প্রতি ৩ জন শিশুর মধ্যে ১ জন চোখের সমস্যায় ভুগছে। প্রায় ৮০ শতাংশ শিশু নিয়মিত মাথাব্যথার কথা জানিয়েছে। শিশুদের জন্য প্রয়োজনীয় সময়ের চেয়ে ১ থেকে ৩ ঘণ্টা কম ঘুম হচ্ছে। প্রতি ৫ জন শিশুর মধ্যে ২ জন এক বা একাধিক মানসিক স্বাস্থ্য সমস্যায় আক্রান্ত। গবেষকরা জানান, অতিরিক্ত স্ক্রিন ব্যবহার বিভিন্নভাবে শিশুদের ক্ষতি করতে পারে। রাতে স্ক্রিন ব্যবহার মস্তিষ্ককে উত্তেজিত করে ঘুমের স্বাভাবিক চক্রকে ব্যাহত করে। এছাড়া দীর্ঘক্ষণ বসে থাকায় শারীরিক পরিশ্রম ও খেলাধুলা কমে গিয়ে স্থূলতার ঝুঁকি বাড়ায়। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ১৪.০৫.২০২৬ রনি)

## তাইওয়ান ইস্যুতে ট্রাম্পকে সতর্ক করলো চীন

চীনের রাষ্ট্রীয় সংবাদমাধ্যম জানিয়েছে, ডনাল্ড ট্রাম্পের সঙ্গে বৈঠকে তাইওয়ান প্রসঙ্গ তুলে যুক্তরাষ্ট্রকে সতর্ক করেছেন শি জিনপিং। গতকাল বুধবার শুরু হয় ডনাল্ড ট্রাম্পের তিন দিনের চীন সফর। সফরের শুরুতেই `গ্রেট হল অব দ্য পিপল,-এ প্রায় দুই ঘণ্টা রুদ্ধদ্বার বৈঠক করেন ট্রাম্প এবং শি জিনপিং। শুরুতে শি বলেন, তিনি আশা করেন দুই দেশ (চীন ও যুক্তরাষ্ট্র) `প্রতিদ্বন্দ্বী নয়, বরং অংশীদার, হতে পারবে। চীনের রাষ্ট্রীয় সংবাদমাধ্যমের খবর অনুযায়ী এ সময় তাইওয়ানকে দ্বিপাক্ষিক সম্পর্কের ক্ষেত্রে সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় হিসেবে উল্লেখ করেন শি। তারপর তিনি বলেন, এই বিষয়টি যথাযথভাবে সামলানো না হলে সংঘাত হতে পারে। পরে সাংবাদিকরা আলোচনা কেমন হলো জানতে চাইলে ট্রাম্প `চমৎকার, বলেই থেমে যান। তাইওয়ান সংক্রান্ত কোনো প্রশ্নের উত্তর দিতে অস্বীকৃতি জানান তিনি। চীনের পক্ষ থেকে প্রকাশ করা বিবরণীতে বলা হয়, দুই নেতা তাইওয়ান, ইউক্রেন, মধ্যপ্রাচ্য এবং কোরীয় উপদ্বীপের পরিস্থিতি নিয়ে আলোচনা করেছেন। তবে আলোচনার বিস্তারিত সেখানে জানানো হয়নি।

(ডয়চে ভেলে ওয়েব পেজঃ ১৪.০৫.২০২৬ রবি)

## বলেছে ১ কোটি টাকা দিলে কেস থেকে নাম উঠিয়ে দেবে : সাকিব

তার বিরুদ্ধের মামলাগুলো সম্পর্কে সাকিব আল হাসান বলেছেন, এক কোটি টাকার বিনিময়ে মামলা থেকে মুক্তির প্রস্তাব দেয়া হয়েছিল তাকে। যুক্তরাষ্ট্র থেকে মুঠোফোনে ডয়চে ভেলের কন্টেন্ট পার্টনার প্রথম আলোকে দেয়া সাক্ষাৎকারে এ কথা বলেছেন তিনি। তারেক মাহমুদকে দেয়া সাক্ষাৎকারে যুক্তরাষ্ট্রে অবসর কীভাবে কাটছে, খেলার জন্য কীভাবে প্রস্তুত রাখছেন নিজেকে, বাংলাদেশে ফিরে জাতীয় দলের হয়ে খেলার সম্ভাবনাসহ নানা বিষয়ে কথা বলেছেন দীর্ঘদিনের সাবেক বিশ্বসেরা অলরাউন্ডার। তার বিরুদ্ধে কয়টি মামলা আছে তিনটি, নাকি চারটি – জানতে চাইলে সাকিব বলেন, ``আমার ধারণামতে তো তিনটা। তিনটার ভেতরেই চারটা আরকি। মানে একটার ভেতরেই দুইটা মনে হয়... এ রকম কিছু।,, দীর্ঘ সাক্ষাৎকারের এক পর্যায়ে প্রশ্ন করা হয়, ``শুনেছি কোনো একটি মহল থেকে নাকি টাকা-পয়সার বিনিময়ে আপনাকে মামলা থেকে রেহাই দেওয়ার প্রস্তাব দিয়েছে - এটা কি ঠিক?,, জবাবে সাকিব আল হাসান বলেন, ``হ্যাঁ, এ রকম একটা প্রস্তাব আমার কাছে এসেছে যে এই টাকা দিলে মামলা ইয়ে করে দেবে...।,, জানতে চাওয়া হয়, ``কত টাকা চেয়েছে? একটু বিস্তারিত বলবেন ঘটনাটা?,, সাকিবের জবাব, ``এই তো, বলেছে যে, এক কোটি টাকা দিলে আমার নাম কেস থেকে উঠিয়ে দেবে। তবে যে বা যারা টাকাটা দাবি করছে, তাদের ধারণা নেই যে, কেসটা যেহেতু করে ফেলেছে, এখন চাইলেও তারা নাম ওঠাতে পারবে না বা তারা ওঠালেও পুলিশ যে ওঠাবে বিষয়টা তা না। আলটিমেটলি পুলিশের থেকেই এটার ক্লিয়ারেন্স আসতে হবে যে, আমার কোনো সম্পৃক্ততা ছিল না।,, প্রস্তাবটা বাদীপক্ষ দিয়েছে কিনা জানতে চাইলে সাকিব বলেন, ``হ্যাঁ, এফআইআরে বাদীপক্ষে যার নাম আছে যোগাযোগ করার জন্য, তিনি দু-একজনের মাধ্যমে যোগাযোগটা করেছেন। কাদের মাধ্যমে, আমি তাঁদের নাম বলতে চাচ্ছি না।,, দেশের জন্য অনেক গৌরব বয়ে আনা অলরাউন্ডার জানান, তিনি টাকার বিনিময়ে মামলা থেকে রেহাই পেতে রাজি নন। তিনি বলেন, ``এসব টাকা দিয়ে কেন করতে হবে, ভাই? টাকা দেওয়া মানে তো হচ্ছে আমার সমস্যা আছে, আমি চাচ্ছি যে আমাকে এখান থেকে বাঁচিয়ে দেওয়া হোক। হতে পারে তারা ভেবেছে আমার কাছে অনেক বেশি টাকা, চাইলেই হলো। আমিও এই আশাই করি, যেন অনেক বেশি টাকা থাকে আমার কোনো সময় (হাসি)।,,

(ডয়চে ভেলে ওয়েব পেজঃ ১৪.০৫.২০২৬ রবি)

## ভারতের উত্তরপ্রদেশে ঝড়ের তাণ্ডব, নিহত শতাধিক

ভারতের সবচেয়ে জনবহুল রাজ্য উত্তর প্রদেশের ওপর দিয়ে বৃষ্টি ও শিলাবৃষ্টিসহ প্রবল ঝড়ে বয়ে গেছে। উদ্ধারকর্মীরা জানান, ঝড়ে এ পর্যন্ত অন্তত ১০৪ জনের মৃত্যু হয়েছে। রাজ্যের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ ঝড়কবলিত এলাকায় ২৪ ঘণ্টার মধ্যে ত্রাণ বিতরণ ও অর্থ সহায়তার নির্দেশ দিয়েছেন। উত্তরপ্রদেশের ত্রাণ কমিশনার হৃষিকেশ ভাস্কর যশোদ-এর কার্যালয় বার্তা সংস্থা রয়টার্সকে জানায়, রাজ্যের ১০-১২টি জেলায় মোট ১০৪ জনের মৃত্যুর খবর পাওয়া গেছে। সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হয়েছে হিন্দুদের তীর্থস্থান প্রয়াগরাজের পাশের এলাকাগুলো। এক ত্রাণ কর্মকর্তা রয়টার্সকে জানান, গাছ ভেঙে পড়া এবং দেয়াল ধসে পড়ার কারণেও অনেকের মৃত্যু হয়েছে।

(ডয়চে ভেলে ওয়েব পেজঃ ১৪.০৫.২০২৬ রবি)

# রেডিও টুডে

## ঢাকার যানজট নিরসনে প্রধানমন্ত্রীর সভাপতিত্বে সভা অনুষ্ঠিত

ঢাকা শহরের যানজট নিরসন ও ট্রাফিক ব্যবস্থাপনার আধুনিকায়ন নিয়ে প্রধানমন্ত্রী তারেক রহমানের সভাপতিত্বে সভা অনুষ্ঠিত হয়েছে। আজ বৃহস্পতিবার সন্ধ্যায় বাংলাদেশ সচিবালয়ের মন্ত্রিপরিষদ বিভাগের জনপ্রশাসন সভাকক্ষে এ সভা অনুষ্ঠিত হয়। প্রধানমন্ত্রীর ডেপুটি প্রেস সেক্রেটারি মো. সুজাউদ্দৌলা সুজন মাহমুদ এ কথা জানান। সভায় সড়ক পরিবহন ও সেতু, রেলপথ এবং নৌপরিবহন মন্ত্রী শেখ রবিউল আলম, রেলপথ প্রতিমন্ত্রী হাবিবুর রশিদ, ঢাকা দক্ষিণ

সিটি কর্পোরেশনের প্রশাসক আব্দুস সালাম, ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের প্রশাসক শফিকুল ইসলাম খান মিল্টন ও সংসদ সদস্য অ্যাডভোকেট শামছুর রহমান শিমুল বিশ্বাস উপস্থিত ছিলেন। প্রধানমন্ত্রী তারেক রহমানের সভাপতিত্বে ঢাকার যানজট নিরসন ও ট্রাফিক ব্যবস্থাপনা নিয়ে এটি দ্বিতীয় সভা। (রেডিও টুডে ওয়েব পেজ:১৫.০৫.২০২৬ আসাদ)

## জুনের তড়িঘড়ি ব্যয় কমাতে কাজ করছে সরকার: অর্থ উপদেষ্টা

জুন মাস আসলেই তড়িঘড়ি করে বিভিন্ন প্রকল্প বাস্তবায়নে যে ধরনের ব্যয় প্রবণতা দেখা দেয় তা দূর করতে সরকার কাজ করছে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রীর অর্থ ও পরিকল্পনা উপদেষ্টা রাশেদ আল মাহমুদ। জানান, যেকোনো প্রকল্প নির্ধারণ থেকে বাস্তবায়ন পর্যন্ত জনবান্ধন বিষয়গুলো বিবেচনায় নেয়া হচ্ছে।বৃহস্পতিবার সন্ধ্যায় এনইসি সম্মেলন কক্ষে অর্থনৈতিক কৌশল প্রণয়ন সংক্রান্ত কমিটির সভা শেষে এসব জানান তিনি। দেশের পরিকল্পনা প্রণয়নে ইতিহাসের বড় ধরনের মাইলফলক হতে যাচ্ছে জানিয়ে উপদেষ্টা বলেন, `সরকারের নির্বাচনি ইশতেহার অনুযায়ী কাজ চলছে। এতে জনগণের তথ্যের অবাধ প্রবাহ নিশ্চিতে জোর দেয়া হচ্ছে। এর মধ্য দিয়ে ২০৩৪ সালে ট্রিলিয়ন ডলারের অর্থনীতির গতিপথ অনুসরণে খাত ভিত্তিক কৌশল নির্ধারণ কাজ চলছে।, তিনি বলেন, `সব মন্ত্রণালয়-দপ্তর থেকে ১৮০ দিন, এক বছর এবং পাঁচ বছরের পরিকল্পনাকে যাচাই-বাছাই করেই এসব কৌশল সাজানো হচ্ছে। এতে করে আগের চেয়ে প্রকল্প নির্ধারণ এবং বাস্তবায়ন ফলপ্রসূ হতে হবে।, হিসেবনিকাশ ছাড়া কোনো ধরনের ব্যয় বাড়ানো হচ্ছে না জানিয়ে প্রধানমন্ত্রীর অর্থ উপদেষ্টা বলেন, `দেশের মানুষকে ঋণে নিমজ্জিত করে রাখার মতো পরিস্থিতি যেন না হয় সরকার সেভাবেই কাজ করছে।, (রেডিও টুডে ওয়েব পেজ:১৫.০৫.২০২৬ আসাদ)

## কোচিং সেন্টার সরাসরি বন্ধ করার ক্ষমতা সরকারের নেই: শিক্ষামন্ত্রী

কোচিং সেন্টার শিক্ষা মন্ত্রণালয়ের স্বীকৃত বা অধিভুক্ত প্রতিষ্ঠান নয় বলে সেগুলো সরাসরি বন্ধ করার ক্ষমতা সরকারের নেই বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী ড. আ ন ম এহছানুল হক মিলন। তবে শ্রেণিকক্ষভিত্তিক শিক্ষা কার্যকর ও মানসম্মত হলে একসময় কোচিং সেন্টারের প্রয়োজনীয়তা নিজ থেকেই কমে যাবে বলেও মন্তব্য করেছেন তিনি। বৃহস্পতিবার সচিবালয়ে শিক্ষা মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে আয়োজিত সংবাদ সম্মেলনে সাংবাদিকদের প্রশ্নের জবাবে এসব কথা বলেন শিক্ষামন্ত্রী। তিনি বলেন, কোচিং সেন্টার কি রেজিস্টার্ড? আমি কি এগুলো বন্ধ করার অথরিটি? আমি তো কোচিং সেন্টার রিকগনাইজ করি না। তবে কোচিং সেন্টার তখনই বন্ধ হবে, যখন আর এগুলোর প্রয়োজন থাকবে না। শিক্ষামন্ত্রী জানান, শিক্ষার্থীরা মূলত শ্রেণিকক্ষে পর্যাপ্ত ও মানসম্মত পাঠদান না পাওয়ার কারণেই কোচিংনির্ভর হয়ে পড়ছে। ক্লাসরুমভিত্তিক শিক্ষা ব্যবস্থার উন্নয়ন এবং পরীক্ষা ও ভর্তি কার্যক্রমের মধ্যে দীর্ঘ বিরতি কমানো গেলে কোচিংয়ের ওপর নির্ভরতা অনেকটাই কমে আসবে বলে মনে করেন তিনি। তিনি আরও বলেন, সরকার ভবিষ্যতে `ইন-হাউজ কোচিং, বা নিজ নিজ শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষকদের মাধ্যমে অতিরিক্ত পাঠদানের পুরোনো পদ্ধতিকে গুরুত্ব দিতে চায়। এতে শিক্ষার্থীদের বাইরের কোচিং সেন্টারের ওপর নির্ভরতা কমবে বলে আশা প্রকাশ করেন তিনি। কোচিং সেন্টারের মাধ্যমে প্রশ্ন ফাঁসের অভিযোগ নিয়ে এক প্রশ্নের জবাবে ড. আ ন ম এহছানুল হক মিলন বলেন, আমি তো এত স্মার্ট না, বুঝি নাই যে কোচিং সেন্টার প্রশ্ন ফাঁস করে। (রেডিও টুডে ওয়েব পেজ:১৫.০৫.২০২৬ আসাদ)

## শিক্ষার্থীদের মাসিক বেতন নিয়ে মাউশির জরুরি নির্দেশনা

দেশের সরকারি অনুদানপ্রাপ্ত ও শিক্ষা বোর্ডের অধিভুক্ত কোনো শিক্ষাপ্রতিষ্ঠান মেধাবৃত্তি ও সাধারণ বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের কাছ থেকে মাসিক বেতন বা টিউশন ফি আদায় করতে পারবে না। কোনো প্রতিষ্ঠান এই নির্দেশনা অমান্য করলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানের বিরুদ্ধে আইনানুগ ও শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হবে। দেশের সব শিক্ষাপ্রতিষ্ঠানকে এ বিষয়ে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর মাউশির পক্ষ থেকে নির্দেশনা দেওয়া হয়েছে। আজ বৃহস্পতিবার মাউশির মহাপরিচালক প্রফেসর ড. খান মইনুদ্দিন আল মাহমুদ সোহেল এ তথ্য জানান। মাউশির নির্দেশনায় বলা হয়েছে, দেশের সব মেধাবৃত্তি ও সাধারণ বৃত্তিপ্রাপ্ত ছাত্র-ছাত্রী বিনা বেতনে অধ্যয়নের সুযোগ পাবে। সরকারি অনুমোদিত কোনো শিক্ষাপ্রতিষ্ঠান বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের নিকট থেকে মাসিক বেতন দাবি করতে পারবে না। নির্দেশনায় সতর্ক করে বলা হয়, যদি কোনো শিক্ষাপ্রতিষ্ঠান বা প্রতিষ্ঠান প্রধান বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীর নিকট থেকে মাসিক বেতন আদায় করেন, তবে তা `বিধি ভঙ্গ, হিসেবে গণ্য হবে। এমন ক্ষেত্রে ওই প্রতিষ্ঠান প্রধানের বিরুদ্ধে বিভাগীয় শাস্তিমূলক ও আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। শিক্ষা মন্ত্রণালয়ের নীতিমালা অনুযায়ী, জেএসসি, জেডিসি ও এসএসসি পরীক্ষার ফলাফলের ভিত্তিতে সরকারি মেধাবৃত্তি ও সাধারণ বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীরা এই সুবিধা পাবেন। নীতিমালা অনুসারে, বৃত্তিপ্রাপ্তদের মাসিক বৃত্তির পাশাপাশি বছরে একবার এককালীন অর্থ প্রদান করা হয়। এই বৃত্তির টাকা সরাসরি শিক্ষার্থীর ব্যাংক অ্যাকাউন্টে জমা করার বিধান রয়েছে। এই নির্দেশনা যথাযথ বাস্তবায়নের জন্য মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর থেকে দেশের সকল শিক্ষা বোর্ড, বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন , সকল সরকারি-বেসরকারি কলেজ, মেডিকেল ও ইঞ্জিনিয়ারিং কলেজ এবং জেলা ও উপজেলা শিক্ষা কর্মকর্তাদের কাছে অনুলিপি পাঠানো হয়েছে।

(রেডিও টুডে ওয়েব পেজ:১৫.০৫.২০২৬ আসাদ)

## যোগ দেওয়ার আগেই বেরোবির নতুন উপাচার্যের নিয়োগ বাতিল

রংপুরের বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের নতুন উপাচার্য হিসেবে নিয়োগ দেওয়া হয়েছিল ঢাকা বিশ্ববিদ্যালয়ের মার্কেটিং বিভাগের অধ্যাপক ড. মো. আনিসুর রহমানকে। মাত্র দুই ঘণ্টার মধ্যেই তাকে নিয়োগ দেওয়া সেই প্রজ্ঞাপন বাতিল করেছে শিক্ষা মন্ত্রণালয়। বৃহস্পতিবার শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সরকারি সাধারণ বিশ্ববিদ্যালয় শাখা থেকে জারি করা এক প্রজ্ঞাপনে অধ্যাপক ড. মোঃ আনিসুর রহমানকে বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের উপাচার্য হিসেবে নিয়োগ দেওয়া হয়েছিল। এর কিছু সময় পর শিক্ষা মন্ত্রণালয় থেকে আরেকটি প্রজ্ঞাপন জারি করা হয়। সেখানে তার নিয়োগ বাতিল কথা স্পষ্ট করা হয়। (রেডিও টুডে ওয়েব পেজ:১৫.০৫.২০২৬ আসাদ)

## মাটিচাপা দেয়া অবস্থায় মা ও শিশুর মরদেহ উদ্ধার

ফরিদপুর সদর উপজেলার চরমাধবদিয়া ইউনিয়নের চর বালুধুম এলাকায় মাটিচাপা দেয়া অবস্থায় এক মা ও তার শিশু সন্তানের অর্ধগলিত মরদেহ উদ্ধার করেছে পুলিশ। বৃহস্পতিবার বিকেল ৫টার দিকে স্থানীয়দের দেয়া তথ্যের ভিত্তিতে পুলিশ ঘটনাস্থলে পৌঁছে মরদেহ দু্টি উদ্ধার করে। এ ঘটনায় পুরো এলাকায় চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে। স্থানীয় সূত্র জানায়, চরাঞ্চলের একটি নির্জন পুকুর পাড়ে কুকুর মরদেহ টানাটানি করার সময় দুর্গন্ধ ছড়িয়ে পড়লে আশপাশের লোকজন সেখানে গিয়ে মাটিচাপা দেয়া অবস্থায় মরদেহের অংশবিশেষ দেখতে পান। পরে বিষয়টি পুলিশকে জানানো হলে ফরিদপুরের কোতোয়ালী থানা পুলিশ ঘটনাস্থলে গিয়ে মাটি খুঁড়ে এক নারী ও একটি শিশুর মরদেহ উদ্ধার করে। মরদেহগুলো আংশিক গলিত ও বিকৃত অবস্থায় ছিল। ঘটনাস্থলে বিপুল সংখ্যক উৎসুক জনতা ভিড় জমায়। পুলিশ প্রাথমিকভাবে ধারণা করছে, কয়েকদিন আগে দুর্বৃত্তরা মা ও শিশুকে হত্যার পর মরদেহ গোপন করতে মাটিচাপা দিয়ে রাখে। নিহতরা হলেন রাজবাড়ী জেলার গোয়ালন্দ উপজেলার দৌলতদিয়া ইউনিয়নের ৯ নং ওয়ার্ডের মো. আমজাদ শেখের স্ত্রী জাহানারা বেগম (৩০) ও তার শিশু কন্যা সামিয়া (২)। ফরিদপুরের অতিরিক্ত পুলিশ সুপার আজমীর হোসেন বিষয়টি নিশ্চিত করে বলেন, `মরদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য ফরিদপুর মেডিকেল কলেজ হাসপাতাল মর্গে পাঠানো হয়েছে। ঘটনাটির রহস্য উদঘাটনে পুলিশ কাজ করছে এবং জড়িতদের শনাক্তে তদন্ত শুরু হয়েছে।, (রেডিও টুডে ওয়েব পেজ:১৫.০৫.২০২৬ আসাদ)

## জনগণের অর্থের সঠিক ব্যবহার নিশ্চিত করতে হবে: মির্জা ফখরুল

স্থানীয় সরকার বিভাগের চলমান উন্নয়ন প্রকল্পসমূহ দ্রুত, সাশ্রয়ী ও জনবান্ধবভাবে বাস্তবায়নের নির্দেশ দিয়েছেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর। আজ বৃহস্পতিবার সচিবালয়ে স্থানীয় সরকার বিভাগের সভাকক্ষে স্থানীয় সরকার বিভাগ ও সিটি কর্পোরেশনের উদ্যোগে বাস্তবায়নাধীন বিভিন্ন উন্নয়ন প্রকল্পের অগ্রগতি পর্যালোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ নির্দেশ দেন। সভায় মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেন, জনগণের কল্যাণই সরকারের উন্নয়ন কর্মকাণ্ডের মূল লক্ষ্য এবং জনগণের অর্থের এক টাকাও যেন অপচয় না হয়, সেদিকে সংশ্লিষ্ট সবাইকে সর্বোচ্চ গুরুত্ব দিতে হবে। তিনি আরো বলেন, প্রতিটি উন্নয়ন প্রকল্প জনগণের স্বার্থে গ্রহণ করা হয় এবং জনগণের অর্থেই বাস্তবায়ন হয়। তাই প্রকল্প বাস্তবায়নে স্বচ্ছতা, জবাবদিহিতা ও সময়ানুবর্তিতা নিশ্চিত করতে হবে। একই সঙ্গে প্রকল্প ব্যয় যৌক্তিক পর্যায়ে রাখতে হবে। মন্ত্রী বলেন, উন্নয়ন কার্যক্রমের মাধ্যমে সরকারের ভাবমূর্তি যেমন উজ্জ্বল হয়, তেমনি কোনো ধরনের অনিয়ম বা গাফিলতি পুরো মন্ত্রণালয়ের সুনাম ক্ষুণ্ন করতে পারে। তাই সংশ্লিষ্ট কর্মকর্তা ও প্রকল্প পরিচালকদের আরো দায়িত্বশীল হওয়ার আহ্বান জানান তিনি। (রেডিও টুডে ওয়েব পেজ:১৪.০৫.২০২৬ আসাদ)

## ইউএনজিএ সভাপতি নির্বাচন প্রক্রিয়ার সংলাপে যোগ দিলেন পররাষ্ট্রমন্ত্রী

পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমান জাতিসংঘ সাধারণ পরিষদ ইউএনজিএ,র ৮১তম অধিবেশনের সভাপতি নির্বাচন প্রক্রিয়ার অংশ হিসেবে আয়োজিত এক অনানুষ্ঠানিক ইন্টারঅ্যাকটিভ সংলাপে যোগ দিয়েছেন। জাতিসংঘ সাধারণ পরিষদের ৮০তম অধিবেশনের সভাপতি আনালেনা বেয়ারবক বুধবার ৮১তম অধিবেশনের সভাপতির প্রার্থীদের নিয়ে এই অনানুষ্ঠানিক সংলাপের আয়োজন করেন। এটি ইউএন ওয়েবটিভিতে সরাসরি সম্প্রচার করা হয়। সাধারণ পরিষদের কার্যক্রম পুনরুজ্জীবন, শীর্ষক ৭১/৩২৩ নম্বর প্রস্তাব অনুযায়ী, সাধারণ পরিষদের সভাপতির পদপ্রার্থীদের নিজেদের ভিশন বিবরণী উপস্থাপন এবং সদস্য রাষ্ট্রগুলোর সঙ্গে অনানুষ্ঠানিক সংলাপে অংশ নেওয়া বাধ্যতামূলক। এর লক্ষ্য হলো নির্বাচন প্রক্রিয়ায় আরও বেশি স্বচ্ছতা ও অন্তর্ভুক্তি নিশ্চিত করা। সংলাপে সশরীরে ও ভিডিও বার্তার মাধ্যমে প্রশ্ন পাঠিয়ে নাগরিক সমাজের সংগঠন ও ব্যক্তিরাও অংশ নেন।

(রেডিও টুডে ওয়েব পেজ:১৪.০৫.২০২৬ আসাদ)

## হামের পরিবর্তে জলাতঙ্কের টিকা: ৩০ দিনের মধ্যে প্রতিবেদন দাখিলের নির্দেশ হাইকোর্টের

টাঙ্গাইলে ৩৪ দিনের এক শিশুকে হামের পরিবর্তে জলাতঙ্কের টিকা দেয়ার ঘটনা তদন্তে ৩ সদস্যের কমিটি করে ৩০ দিনের মধ্যে প্রতিবেদন দাখিল করার নির্দেশ দিয়েছেন হাইকোর্ট। একইসঙ্গে ওই শিশুর উপযুক্ত চিকিৎসা নিশ্চিত

করতে বলা হয়েছে। বৃহস্পতিবার বিচারপতি আহমেদ সোহেলের নেতৃত্বাধীনর হাইকোর্টের একটি দ্বৈত বেঞ্চ এ আদেশ দেন। ভুক্তভোগী ওই পরিবারকে কেন ৫০ লাখ টাকা কেন ক্ষতিপূরণ দেয়া হবে না জানতে চেয়ে রুলও জারি করা হয়। টাঙ্গাইলের ভূঞাপুরে ৩৪ মাস বয়সী এক শিশুকে হামের টিকার পরিবর্তে দেয়া হয়েছে দুই ডোজ জলাতঙ্কের র্যাবিক্স ভ্যাকসিন।বুধবার বেলা ১২টার দিকে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের স্বাস্থ্য পরিদর্শক মোহাম্মদ কাইয়ুম এ ভ্যাকসিন প্রয়োগ করেন। তবে এ ভ্যাকসিন দেয়ার কথা স্বাস্থ্য পরিদর্শক নুরুল ইসলাম নুরুর। তিনি না দিয়ে পিআরএলে থাকা কাইয়ুমকে ডেকে এনে ভ্যাকসিন প্রয়োগ করান স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. লুৎফর রহমান আজাদ। পরিবার অভিযোগ করেন ভুল টিকা দেয়ার প্রতিবাদ করায় স্বাস্থ্যকর্মীরা তাদের সঙ্গে দুর্ব্যবহারও করেন। (রেডিও টুডে ওয়েব পেজ:১৪.০৫.২০২৬ আসাদ)

## একদিনে ১১ বিশ্ববিদ্যালয়ের ভিসি পরিবর্তন

একদিনে দেশের ১১ পাবলিক বিশ্ববিদ্যালয়ের উপাচার্য পদে পরিবর্তন এনেছে সরকার। বৃহস্পতিবার এসব পদে নতুন মুখ নিয়োগ দেওয়া হয়। সরকারি বিশ্ববিদ্যালয়গুলোতে আরও পরিবর্তনের আভাস পাওয়া গেছে। বৃহস্পতিবার সন্ধ্যা পর্যন্ত শিক্ষা মন্ত্রণালয় ও সংশ্লিষ্ট সূত্রে এসব নিয়োগের তথ্য নিশ্চিত হওয়া গেছে। আরও কয়েকটি বিশ্ববিদ্যালয়ে ভিসি নিয়োগের প্রজ্ঞাপন শিগগিরই জারি হতে পারে বলেও জানা গেছে। নতুন নিয়োগপ্রাপ্তদের আগামী চার বছরের জন্য দায়িত্ব দেওয়া হয়েছে। তবে অবসরের বয়স আগে পূর্ণ হলে সেই তারিখ পর্যন্ত দায়িত্ব পালন করবেন তাঁরা। শিক্ষা মন্ত্রণালয় থেকে জারি করা প্রজ্ঞাপনে বলা হয়েছে, রাষ্ট্রপতি ও বিশ্ববিদ্যালয়ের আচার্যের অনুমোদনক্রমে এ নিয়োগ দেওয়া হয়েছে। দায়িত্ব পালনকালে তাঁরা বর্তমান পদের সমপরিমাণ বেতন-ভাতা ও বিধি অনুযায়ী অন্যান্য সুযোগ-সুবিধা পাবেন। একই সঙ্গে বিশ্ববিদ্যালয়ের প্রধান নির্বাহী কর্মকর্তা হিসেবে তাঁদের সার্বক্ষণিকভাবে ক্যাম্পাসে অবস্থান করতে হবে। নতুন নিয়োগ পাওয়া উপাচার্যদের মধ্যে রয়েছেন' বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে পুরকৌশল বিভাগের অধ্যাপক ড. একরামুল হক, ইসলামী বিশ্ববিদ্যালয়ের লোকপ্রশাসন বিভাগের অধ্যাপক ড. এ কে এম মতিনুর রহমান, কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের অধ্যাপক ড. এম এম শরীফুল করিম এবং রাঙ্গামাটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ভিসি হিসেবে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের রসায়ন বিভাগের অধ্যাপক ড. জয়নুল আবেদীন সিদ্দিকী। ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের নতুন উপাচার্য হয়েছেন শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ইন্ডাস্ট্রিয়াল অ্যান্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং বিভাগের অধ্যাপক ড. মোহাম্মদ ইকবাল। তিনি বর্তমানে বেসরকারি নর্থ ইস্ট ইউনিভার্সিটি বাংলাদেশের উপাচার্য হিসেবে দায়িত্ব পালন করছেন। বরিশাল বিশ্ববিদ্যালয়ের নতুন ভিসি হিসেবে নিয়োগ পেয়েছেন পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ওশানোগ্রাফি অনুষদের ডিন অধ্যাপক ড. মো. মামুন অর রশিদ। এছাড়া বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের উপাচার্য হিসেবে নিয়োগ পেয়েছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের মার্কেটিং বিভাগের অধ্যাপক ড. আনিসুর রহমান। নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের নতুন ভিসি হয়েছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউট অব সোশ্যাল ওয়েলফেয়ার অ্যান্ড রিসার্চের অধ্যাপক ড. গোলাম রব্বানী। জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের ভিসি হিসেবে নিয়োগ পেয়েছেন জামালপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর ড. মোহাম্মদ মোশারফ হোসেন। পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের নতুন উপাচার্য হয়েছেন বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের স্কুল অব এগ্রিকালচারাল অ্যান্ড রুরাল ডেভেলপমেন্টের অধ্যাপক ও ট্রেজারার ড. আবুল হাসনাত মোহা. শামীম। অন্যদিকে জামালপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের নতুন ভিসি হিসেবে নিয়োগ পেয়েছেন জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের পরিবেশ বিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. মোহাম্মদ আমির হোসেন ভূঁইয়া। (রেডিও টুডে ওয়েব পেজ:১৪.০৫.২০২৬ আসাদ)

## দেশে বর্তমানে মোট ভোটার সংখ্যা ১২ কোটি ৮৩ লাখ ২৩ হাজার ২৪০ জন

বাংলাদেশের মোট ভোটারের হালনাগাদ তথ্য প্রকাশ করেছে নির্বাচন কমিশন ।হালনাগাদ তথ্যানুযায়ী, দেশে বর্তমানে মোট ভোটার সংখ্যা ১২ কোটি ৮৩ লাখ ২৩ হাজার ২৪০ জনে দাঁড়িয়েছে। বৃহস্পতিবার নির্বাচন কমিশন সচিবালয়ের জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ থেকে `ভোটার তালিকা হালনাগাদ-২০২৬, এর এই চূড়ান্ত তথ্য প্রকাশ করা হয়। কমিশনের তথ্যমতে, বর্তমানে মোট ভোটারের মধ্যে পুরুষ ভোটার ছয় কোটি ৫২ লাখ ১২ হাজার ৭৩১ জন এবং নালী ভোটার ছয় কোটি ৩১ লাখ ৯ হাজার ২৬৬ জন। এছাড়া হিজড়া ভোটারের সংখ্যা এক হাজার ২৪৩ জন। পরিসংখ্যানে দেখা গেছে, ভোটার বৃদ্ধির হার ০.৫ শতাংশ। এর আগে ১৮ নভেম্বর ২০২৫ তারিখে ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের সময় মোট ভোটার ছিলো ১২ কোটি ৭৬ লাখ ৯৫ হাজার ১৮৩ জন। হালনাগাদ-২০২৬ কার্যক্রমে নতুন করে মোট ছয় লাখ ২৮ হাজার ৫৭ জন ভোটার তালিকায় অন্তর্ভুক্ত হয়েছেন। এর মধ্যে খসড়া তালিকায় ছিলেন পাঁচ লাখ ১৮ হাজার ৭৫৭ জন এবং রিভাইজিং অথরিটির মাধ্যমে যাচাই-বাছাই শেষে আরও এক লাখ ৯ হাজার ৩০০ জন যুক্ত হয়েছেন। নির্বাচন কমিশন সচিবালয়ের এনআইডি অনুবিভাগের মহাপরিচালক এ এইচ এম আনোয়ার পাশা এই হালনাগাদ তথ্যে সই করেছেন। (রেডিও টুডে ওয়েব পেজ:১৪.০৫.২০২৬ আসাদ)

## ঈদুল আজহার ছুটি ঘোষণা, প্রজ্ঞাপন জারি

আসন্ন পবিত্র ঈদুল আজহা উপলক্ষে ৭ দিনের ছুটি ঘোষণা করে প্রজ্ঞাপন জারি কর হয়েছে। বৃহস্পতিবার ১৪ মে জনপ্রশাসন মন্ত্রণালয় এ-সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করে। প্রজ্ঞাপনে জানানো হয়েছে, ঈদযাত্রা নির্বিঘ্ন করতে মূলত দীর্ঘ ছুটির এই সুযোগ করে দেওয়া হয়েছে। এর আগে গত সাত মে মন্ত্রিসভার বৈঠকে ২৫ মে নির্বাহী আদেশে ছুটি দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়েছিলো। তবে এই দীর্ঘ ছুটির বিনিময়ে সরকারি কর্মকর্তা-কর্মচারীদের আগামী ২৩ মে শনিবার সাপ্তাহিক ছুটির দিনে অফিস করতে হবে। অর্থাৎ ২৩ ও ২৪ মে শনি ও রবিবার অফিস খোলা থাকবে। চাঁদ দেখা সাপেক্ষে আগামী ২৮ মে দেশে মুসলমানদের দ্বিতীয় বড়ো ধর্মীয় উৎসব পবিত্র ঈদুল আজহা উদযাপিত হওয়ার কথা রয়েছে। জনপ্রশাসন মন্ত্রণালয়ের আদেশে বলা হয়, আসন্ন পবিত্র ঈদুল আজহা উপলক্ষে দেশব্যাপী সব সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত, আধা-স্ব স্বায়ত্তশাসিত এবং বেসরকারি অফিস আগামী ২৫ মে সোমবার থেকে ৩১ মে রবিবার পর্যন্ত বন্ধ থাকবে। তবে টানা সাত দিন ছুটি থাকলেও জরুরি পরিষেবাগুলো এই আদেশের আওতামুক্ত থাকবে। বিদ্যুৎ, পানি, গ্যাস ও অন্যান্য জ্বালানি, ফায়ার সার্ভিস, বন্দরসমূহের কার্যক্রম, পরিচ্ছন্নতা কার্যক্রম, টেলিফোন ও ইন্টারনেট, ডাক সেবা এবং এসব কাজে নিয়োজিত যানবাহন ও কর্মীরা ছুটির মধ্যেও কাজ করবেন। এছাড়া হাসপাতাল ও জরুরি চিকিৎসাসেবা সংশ্লিষ্ট প্রতিষ্ঠান, চিকিৎসক ও কর্মী এবং ওষুধসহ চিকিৎসা সরঞ্জাম বহনকারী যানবাহন ও কর্মীরা এই ছুটির আওতার বাইরে থাকবেন। (রেডিও টুডে ওয়েব পেজ:১৪.০৫.২০২৬ আসাদ)

## পশ্চিমবঙ্গে গরুসহ সব ধরনের পশু জবাইয়ের ওপর কঠোর বিধিনিষেধ

পশ্চিমবঙ্গে গরুসহ সব ধরনের পশু জবাইয়ের ওপর কঠোর বিধিনিষেধ আরোপ করেছে রাজ্যটির নবনির্বাচিত বিজেপি সরকার। নতুন নির্দেশনায় জনসমাগমস্থলে বা উন্মুক্ত স্থানে পশু জবাই সম্পূর্ণ নিষিদ্ধ করা হয়েছে। নির্ধারিত সরকারি ছাড়পত্র ও নিয়ম লঙ্ঘন করলে ছয় মাস পর্যন্ত কারাদণ্ড বা জরিমানার বিধান রাখা হয়েছে। বিধানসভা নির্বাচনে জয়ের পর ক্ষমতায় এসেই এই সংক্রান্ত একটি বিজ্ঞপ্তি জারি করেছে নতুন সরকার। বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, গরু, ষাঁড়, বলদ, মহিষসহ যে কোনো পশু জবাইয়ের ক্ষেত্রে স্থানীয় কর্তৃপক্ষ এবং সরকারি পশু চিকিৎসকের দেওয়া `ফিটনেস সনদ, নেওয়া বাধ্যতামূলক। এই সনদ ছাড়া কোনোভাবেই কোনো পশু জবাই করা যাবে না। এনডিটিভির এক প্রতিবেদনে জানানো হয়েছে, পশু জবাইয়ের ক্ষেত্রে বেশ কিছু কঠিন শর্ত বেঁধে দেওয়া হয়েছে নতুন এই বিজ্ঞপ্তিতে। নির্দেশনায় বলা হয়েছে, কোনো পশুর বয়স ১৪ বছরের বেশি হলে এবং সেটি যদি প্রজনন বা কাজ করার ক্ষমতা হারায়, তবেই কেবল জবাইয়ের অনুমতি মিলবে। এছাড়া আঘাত বা দীর্ঘস্থায়ী রোগের কারণে স্থায়ীভাবে অক্ষম পশুর ক্ষেত্রেও এই নিয়ম প্রযোজ্য হবে। এই ফিটনেস সনদটি সংশ্লিষ্ট পৌরসভার চেয়ারম্যান বা পঞ্চায়েত সমিতির সভাপতি এবং সরকারি পশু চিকিৎসককে যৌথভাবে প্রদান করতে হবে। (রেডিও টুডে ওয়েব পেজ:১৪.০৫.২০২৬ আসাদ)

## রহস্যজনকভাবে নিখোঁজ হওয়া চার স্কুলছাত্রী 4 দিন পর উদ্ধার

পটুয়াখালীর বাউফল থেকে রহস্যজনকভাবে নিখোঁজ হওয়া চার স্কুলছাত্রীকে চার দিন পর গাজীপুরের কালিয়াকৈর থেকে উদ্ধার করেছে পুলিশ। পরিবারের অমতে গার্মেন্টসে চাকরি করার উদ্দেশ্যে তারা বাড়ি থেকে পালিয়ে এসেছিল বলে জানিয়েছে আইনশৃঙ্খলা বাহিনী। গতকাল বুধবার (১৩ মে) সন্ধ্যায় কালিয়াকৈরের মৌচাক এলাকা থেকে তাদের উদ্ধার করা হয়। উদ্ধার হওয়া কিশোরীদের মধ্যে তিনজন সপ্তম শ্রেণির এবং একজন অষ্টম শ্রেণির শিক্ষার্থী। তারা বাউফলের পৃথক দুটি বিদ্যালয়ের ছাত্রী। গত রোববার তারা হঠাৎ নিখোঁজ হলে এলাকায় চাঞ্চল্যের সৃষ্টি হয়। ওই রাতেই পরিবারের পক্ষ থেকে বাউফল থানায় সাধারণ ডায়েরি (জিডি) করা হয়েছিল। পুলিশ জানায়, চার কিশোরী মিলে পরিকল্পিতভাবে বাড়ি থেকে পালিয়ে গাজীপুরে আসে এবং কালিয়াকৈরের মৌচাক এলাকায় একটি কক্ষ ভাড়া নেয়। তারা স্থানীয় একটি তৈরি পোশাক কারখানায় চাকরির চেষ্টা করছিল। চাকরির জন্য জীবনবৃত্তান্ত (সিভি) তৈরি করতে গেলে বিষয়টি জানাজানি হয় এবং স্থানীয়দের খবরের ভিত্তিতে পুলিশ তাদের উদ্ধার করে। গাজীপুরের মৌচাক পুলিশ ফাঁড়ির ইনচার্জ শামীম আক্তার ঘটনার সত্যতা নিশ্চিত করে জানান, কিশোরীরা নিখোঁজ বা অপহৃত হয়নি; মূলত চাকরির উদ্দেশ্যেই তারা স্বেচ্ছায় বাড়ি থেকে পালিয়ে এসেছিল। খবর পেয়ে বাউফল থানা ও সংশ্লিষ্ট অভিভাবকদের বিষয়টি জানানো হয়। বুধবার রাতে বাউফল থেকে পরিবারের সদস্যরা কালিয়াকৈরে পৌঁছালে পুলিশের উপস্থিতিতে কিশোরীদের স্বজনদের কাছে হস্তান্তর করা হয়েছে। চার দিন পর সন্তানদের ফিরে পেয়ে স্বস্তি প্রকাশ করেছেন অভিভাবকেরা। (রেডিও টুডে ওয়েব পেজ: ১৪.০৫.২০২৬ এলিনা)

## ওমানে সড়ক দুর্ঘটনায় প্রাণ গেল চট্টগ্রামের 4 ভাইয়ের

ওমানে গাড়িতে থাকা অবস্থায় বাংলাদেশি চার সহোদর ভাইয়ের মৃত্যু হয়েছে। দেশটির রাজধানী মাস্কাট থেকে প্রায় ১০০ কিলোমিটার দূরে মোলাদ্দা এলাকায় বুধবার (১৩ মে) স্থানীয় সময় সকাল ১০টার দিকে এ ঘটনা ঘটে। পরে ওই এলাকা থেকে তাদের মরদেহ উদ্ধার করে পুলিশ। নিহতরা হলেন চট্টগ্রামের রাঙ্গুনিয়া উপজেলার লালানগর ইউনিয়নের ৫ নম্বর ওয়ার্ডের বন্দারাজারপাড়া এলাকার বাসিন্দা মো. রাশেদ, মো. শাহেদ, মো. সিরাজ ও মো. শহিদ। তারা

আবদুল মজিদের ছেলে এবং চারজনই ওমানে কর্মরত ছিলেন। পরিবারের সদস্যদের বরাতে জানা যায়, নিহতদের মধ্যে দুই ভাই অবিবাহিত ছিলেন। আগামী ১৫ মে তাদের দেশে ফেরার কথা ছিল। সেই প্রস্তুতির অংশ হিসেবে কেনাকাটা শেষ করে কর্মস্থলে ফেরার পথে তারা দুর্ঘটনার শিকার হন। ওমান পুলিশের প্রাথমিক ধারণা, দীর্ঘ সময় গাড়ি চালু অবস্থায় থাকায় এসি থেকে নির্গত বিষাক্ত গ্যাসের কারণে তাদের মৃত্যু হতে পারে। তবে এটি দুর্ঘটনা নাকি অন্য কোনো কারণ, তা নিশ্চিত হতে ময়নাতদন্ত ও মেডিকেল রিপোর্টের অপেক্ষায় রয়েছে পুলিশ। এ ঘটনায় রাঙ্গুনিয়ার বন্দারাজারপাড়ায় নেমে এসেছে শোকের ছায়া। একসঙ্গে একই পরিবারের চার ভাইয়ের মৃত্যুর খবরে স্বজনদের আহাজারিতে ভারী হয়ে উঠেছে পুরো এলাকা। প্রবাসী বাংলাদেশি কমিউনিটিতেও শোক বিরাজ করছে। ওমানে বাংলাদেশ দূতাবাস জানিয়েছে, নিহতদের মরদেহ বর্তমানে স্থানীয় একটি হাসপাতালের মর্গে রাখা হয়েছে। মরদেহ দ্রুত দেশে পাঠানোর জন্য প্রয়োজনীয় প্রক্রিয়া চলছে।
(রেডিও টুডে ওয়েব পেজ: ১৪.০৫.২০২৬ এলিনা)

## ˋটিকা ব্যবসায়ী ইউনূসকে গ্রেপ্তার করতে হবে,

হামে আক্রান্ত শিশুদের সুচিকিৎসা নিশ্চিত করা এবং আসন্ন ২০২৬-২৭ অর্থবছরের বাজেটে শিক্ষা খাতে জিডিপির ৬ শতাংশ ও স্বাস্থ্য খাতে ৫ শতাংশ বরাদ্দের দাবিতে বিক্ষোভ সমাবেশ ও মিছিল করেছে সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্ট। গতকাল বুধবার (১৩ মে) ঢাকা বিশ্ববিদ্যালয়ের অপরাজেয় বাংলার পাদদেশে এই বিক্ষোভ সমাবেশ করা হয়। এসময় তারা ˋশিশু খুনি ইউনূসকে গ্রেপ্তার করো, করতে হবে,, ˋটিকা ব্যবসায়ী ইউনূসকে গ্রেপ্তার করো, করতে হবে,, ˋদেশবিরোধী ইউনূসকে গ্রেপ্তার করো, করতে হবে,, ˋশিশু খুনি নূরজাহানকে গ্রেপ্তার করো, করতে হবে, স্লোগান দেন। সমাবেশে বক্তারা বলেন, ˋসম্প্রতি দেশে হামের প্রাদুর্ভাব আশঙ্কাজনকভাবে বৃদ্ধি পেয়েছে এবং মৃতের সংখ্যা ৪০০ ছাড়িয়ে গেছে। বক্তারা অভিযোগ করেন, বিগত অন্তর্বর্তী সরকারের টিকা কেনায় অবহেলা ও অব্যবস্থাপনা এবং বর্তমান সরকারের কার্যকর পদক্ষেপের ঘাটতি এই পরিস্থিতির জন্য দায়ী। তাঁরা প্রতিটি সরকারি হাসপাতালে ˋহাম কর্নার, ও আইসিইউ চালুর দাবি জানান। সমাবেশ শেষে প্ল্যাকার্ড হাতে একটি মিছিল ক্যাম্পাসের বিভিন্ন স্থান প্রদক্ষিণ করে টিএসসিতে গিয়ে শেষ হয়। পরে একটি প্রতিনিধিদল অর্থমন্ত্রী বরাবর স্মারকলিপি পেশ করে।
(রেডিও টুডে ওয়েব পেজ: ১৪.০৫.২০২৬ এলিনা)

## মামলা থেকে নাম কাটতে কোটি টাকা চাওয়া হয়

বাংলাদেশের ক্রিকেটে এখনো সবচেয়ে আলোচিত নাম সাকিব আল হাসান। মাঠে নেই, তবু প্রতিটি আলোচনার কেন্দ্রবিন্দুতে আছেন তিনি। দেশের বাইরে থেকেও বাংলাদেশের ক্রিকেটকে যেন ছায়ার মতো অনুসরণ করছেন এই এক সময়ের বিশ্বসেরা অলরাউন্ডার। কিন্তু দেশের মাটিতে ফেরার পথ আটকে আছে মামলা, অনিশ্চয়তা আর নিরাপত্তাহীনতার শঙ্কায়। দীর্ঘ নীরবতার পর এবার একটি বাংলাদেশি গণমাধ্যমে খোলামেলা সাক্ষাৎকার দিয়েছেন তিনি। সেখানে নিজের কষ্ট, ক্ষোভ, রাজনীতি, ক্রিকেটে ফেরা এবং মামলার ভয়াবহ অভিজ্ঞতা তুলে ধরলেন এই বিশ্বসেরা অলরাউন্ডার। ”বলেছে ১ কোটি টাকা দিলে আমার নাম কেস থেকে উঠিয়ে দেবে„—একটি বাক্যেই যেন বর্তমান সময়ের সবচেয়ে কঠিন বাস্তবতা তুলে ধরলেন সাকিব আল হাসান। যুক্তরাষ্ট্র থেকে দেওয়া দীর্ঘ সাক্ষাৎকারে তিনি জানান, মামলার বাদীপক্ষের সঙ্গে সংশ্লিষ্ট একজনের মাধ্যমে এমন প্রস্তাব এসেছে তার কাছে। তবে টাকা দিয়ে ˋসমাধান, করার কোনো প্রশ্নই ওঠে না বলে স্পষ্ট জানিয়েছেন তিনি। সাকিব বলেন, ”টাকা দেওয়া মানে তো হচ্ছে আমার সমস্যা আছে, আমি চাচ্ছি যে আমাকে এখান থেকে বাঁচিয়ে দেওয়া হোক।„ দেশে ফিরতে না পারার কষ্টও স্পষ্ট তার কথায়। তিনি জানান, দেশে ফিরতে চাইলেও এখন সবচেয়ে বড় বাধা দেশত্যাগের নিষেধাজ্ঞা ও নিরাপত্তা শঙ্কা। তাঁর ভাষায়, ”মব হতে পারে, সন্ত্রাসী হামলা হতে পারে, কত কিছুই তো হতে পারে।„ জাতীয় দলের জার্সি মিস করেন কি না—এমন প্রশ্নে সাকিবের উত্তরেও ছিল চাপা বেদনা। তিনি বলেন, ”জাতীয় দল তো জাতীয় দলই, এটার কোনো বিকল্প হয় না।„ যদিও সব কিছুর পরও ক্রিকেট ছাড়ার কথা ভাবছেন না তিনি। সুযোগ পেলে আবারও বাংলাদেশের হয়ে খেলতে চান, বিশেষ করে ওয়ানডে ক্রিকেটে। এমনকি ২০২৭ বিশ্বকাপ নিয়েও আশাবাদী এই অলরাউন্ডার। রাজনীতিতে আসা নিয়ে অনুশোচনা আছে কি না—এ প্রশ্নেও সোজাসাপ্টা জবাব দিয়েছেন সাবেক এই অধিনায়ক। তাঁর দাবি, ”আজকে যেটা ঠিক মনে হয় না; ১ বছর, ৫ বছর, ১০ বছর পরে মনে হয় সেটাই ঠিক ছিল।„ এক সময় যাকে ঘিরে বাংলাদেশের ক্রিকেট স্বপ্ন দেখত, সেই সাকিব এখন যেন সময়, রাজনীতি ও বাস্তবতার এক জটিল লড়াইয়ের মুখোমুখি। তবু তাঁর কণ্ঠে এখনো ফেরার আকাঙ্ক্ষা, মাঠে নামার আত্মবিশ্বাস আর নিজের সত্যটা বলার সাহস স্পষ্ট।(রেডিও টুডে ওয়েব পেজ: ১৪.০৫.২০২৬ এলিনা)

## সারাদেশে জ্বরের ৯৮% রোগীর ছিল চিকুনগুনিয়া : গবেষণা

ঢাকা, চট্টগ্রামসহ সারাদেশে গত বছর ব্যাপক মাত্রায় জ্বরের প্রকোপ দেখা দিয়েছিল। এর মধ্যে উল্লেখযোগ্য মাত্রায় চিকুনগুনিয়া শনাক্ত হয়েছিল। কিন্তু অনেক ক্ষেত্রে তা ধরা পড়েনি। সাম্প্রতিক এক গবেষণায় দেখা গেছে, গত বছর

জ্বরে আক্রান্ত ৯৮ শতাংশ রোগী পরবর্তী সময়ে মশাবাহিত গুরুতর রোগ চিকুনগুনিয়ায় সংক্রমিত হয়েছেন। ঢাকা ও চট্টগ্রামের পাঁচটি হাসপাতালের ৪৪২ জন রোগীর ওপর গবেষণা চালিয়ে এমন তথ্য পেয়েছেন একদল চিকিৎসক-গবেষক। তারা জানান, গবেষণা ছিল বহুমাত্রিক ক্রস-সেকশনাল। গত বছরের আগস্ট থেকে অক্টোবর পর্যন্ত সময়ে এটি পরিচালিত হয়। গবেষণায় দেখা যায়, চিকুনগুনিয়ায় আক্রান্ত রোগীর ৬০ শতাংশ নারী ও ৪০ শতাংশ পুরুষ। অনেককেই জ্বরে ভুগতে হয় টানা কয়েক সপ্তাহ। তাই পাঁচ দিনের ওপরে ভর্তি থাকতে হয় হাসপাতালেও। গবেষকরা জানান, এসব রোগীর মধ্যে শুধু শরীরের গিঁটে ব্যথায় কাতর হয়েছে সর্বোচ্চ ৯৭ শতাংশ। ৭১ শতাংশের শরীরে মিলেছে অস্থিসন্ধিতে দুলুনি ও স্পর্শকাতরতা। এসব কারণে আক্রান্ত রোগীর ৭০ শতাংশই চলাফেরা ও দৈনন্দিন কাজকর্মে প্রতিবন্ধকতার সম্মুখীন হন। আক্রান্তদের মধ্যে সর্বোচ্চ ৭৬ শতাংশই টাইপ-২ ডায়াবেটিসে আক্রান্ত এবং আইজিএম পজিটিভ ৭৪ শতাংশের। রোগটি নিয়ে খুবই উদ্বিগ্ন ও বিষণ্ণ ছিলেন ৪৯ শতাংশ। গবেষণাটির প্রধান উদ্দেশ্য ছিল চিকুনগুনিয়ায় আক্রান্তের কারণে প্রাপ্তবয়স্কদের মধ্যে জীবনমানের ওপর এর নেতিবাচক প্রভাব তুলে ধরা। গবেষণায় রোগীর মধ্যে চিকুনগুনিয়ায় আক্রান্ত হওয়ার আগে জ্বরে আক্রান্ত সর্বোচ্চ ৪৩৩ জন, যা মোট রোগীর প্রায় ৯৮ শতাংশ। সর্বনিম্ন তিন দিন থেকে টানা কয়েক সপ্তাহ পর্যন্ত জ্বরে কাবু থাকতে হয় এসব রোগীকে। ২২ শতাংশ রোগীকে একেবারে শয্যাশায়ী থাকতে হয়। ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল, চট্টগ্রাম জেনারেল হাসপাতাল, ঢাকার পপুলার মেডিকেল কলেজ হাসপাতাল ও ডেল্টা মেডিকেল কলেজ হাসপাতালের রোগীদের ওপর গবেষণাটি পরিচালনা করা হয়। দেশের তিনটি উন্নত ল্যাবে এসব রোগীর জিনোম সিকোয়েন্স করা হয়। গত ১৭ এপ্রিল জার্মানির মিউনিখে অনুষ্ঠিত ইউরোপীয় সোসাইটি অব ক্লিনিক্যাল মাইক্রোবায়োলজি অ্যান্ড ইনফেকশাস ডিজিজেসের (ইএসসিএমআইডি) বৈশ্বিক সম্মেলনে গবেষণাটি উপস্থাপন করা হয়। সেখানে এটি প্রশংসা কুড়িয়েছে। গবেষণাটি পাবলিক হেলথ ফাউন্ডেশনের প্রাতিষ্ঠানিক পর্যালোচনা বোর্ড দ্বারাও অনুমোদিত। বৃহৎ এই গবেষণার নেতৃত্বে ছিলেন ট্রপিক্যাল ডিজিজ অ্যান্ড হেলথ রিসার্চ ফাউন্ডেশনের চেয়ারম্যান ডা. মোহাম্মদ জাহিদ হাসান, ঢাকা মেডিকেল কলেজের মেডিসিন বিভাগের অধ্যাপক মো. শাহাবুল হুদা চৌধুরী, চট্টগ্রাম মেডিকেল কলেজ মেডিসিন বিভাগের সহকারী অধ্যাপক মুনা ইসলাম, চট্টগ্রাম জেনারেল হাসপাতালের জ্যেষ্ঠ মেডিসিন বিশেষজ্ঞ ডা. আবু সাইফ মোহাম্মদ লুৎফুল কবির ও মেডিসিন বিশেষজ্ঞ ডা. এইচ এম হামিদুল্লাহ মেহেদী, ডেল্টা মেডিকেল কলেজের মেডিসিন বিভাগের প্রধান সাদিয়া ইসলাম, বাংলাদেশ মেডিকেল বিশ্ববিদ্যালয়ের রেসিডেন্ট (ল্যাবরেটরি মেডিসিন) তানজিন নাহার, জাতীয় মানসিক স্বাস্থ্য ইনস্টিটিউটের ডা. জান্নাতুল ফারদৌস, আশিয়ান মেডিকেল কলেজ হাসপাতালের সহকারী অধ্যাপক রিফায়া তাসনিম, পপুলার মেডিকেল কলেজের অধ্যাপক কাজী তরিকুল ইসলাম ও আসিফ আহমেদ, সাউদার্ন মেডিকেল কলেজের অধ্যাপক মো. আতিকেল ইসলাম চৌধুরী, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের জুনিয়র কনসালট্যান্ট মাধবী কর্মকার, পিআই রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট সেন্টারের রিসার্চ অ্যাসোসিয়েট মো. মাহির ফয়সাল আকাশ ও জুনিয়র কনসালট্যান্ট মহিউদ্দিন শরীফ। গবেষণায় চিকুনগুনিয়ায় কাবু হওয়া রোগীদের মধ্যে ৭১ শতাংশের মাঝে হাঁটু, গোড়ালি ও অস্থিসন্ধিতে গুরুতর প্রভাবিত করার প্রমাণ মিলেছে। অন্য উপসর্গের মধ্যে ৫৯ শতাংশ রোগীর পেশি ব্যথা, ৫৩ শতাংশের ফুসকুড়ি, ৪২ শতাংশের বমি, ১৫ শতাংশের ডায়রিয়া, চোখের পেছনে ব্যথা ১৩ শতাংশের, মুখের ঘা ১২ দশমিক ২ শতাংশের এবং মাথাব্যথা পাওয়া গেছে সাড়ে ৭ শতাংশের। আরটি-পিসিআর পজিটিভ মিলেছে ২৭ শতাংশের। পেটে ব্যথা ৯ দশমিক ৭ শতাংশ, ৬ শতাংশ রোগী পেট ফোলা থাকার তথ্য-প্রমাণও মিলেছে। রোগটি নিয়ে মাঝারিভাবে বিষণ্ণ ছিলেন ৫০ শতাংশ। রোগীদের অস্থিসন্ধি আক্রান্ত হওয়ার অনুপাত বিশ্লেষণ করে দেখা যায়, সর্বোচ্চ ৬০ শতাংশের ছিল হাঁটুতে ব্যথা। ৫৮ শতাংশের গোড়ালি, ছোট জয়েন্টগুলোতে ৪৮ শতাংশের, ৩০ শতাংশের ব্যথা ছিল কনুইয়ে। (রেডিও টুডে ওয়েব পেজ: ১৪.০৫.২০২৬ এলিনা)

## শাপলা চত্বর হত্যাকাণ্ড : দীপু মনিসহ তিনজনকে ট্রাইব্যুনালে হাজির

শাপলা চত্বর হত্যাকাণ্ডের মামলায় সাবেক মন্ত্রী ডা. দীপু মনি, সাংবাদিক মোজাম্মেল বাবু ও ফারজানা রূপাকে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে হাজির করা হয়েছে। আজ (বৃহস্পতিবার, ১৪ মে) সকাল সাড়ে ৯টার দিকে এই তিনজনকে কারাগার থেকে ট্রাইব্যুনালে হাজির করা হয়। তাদের বিরুদ্ধে এই মামলায় গ্রেপ্তারি পরোয়ানা জারি করতে গত ৭ মে প্রসিকিউশনের আবেদনের পরিপ্রেক্ষিতে ১৪ মে আদালতে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-১। এরই ধারাবাহিকতায় আজ তাদের হাজির করা হলো। নিয়ম অনুযায়ী তাদের এই মামলায় গ্রেপ্তার দেখিয়ে কারাগারে পাঠানোর নির্দেশ দেবেন ট্রাইব্যুনাল-১। শাপলা চত্বর হত্যাকাণ্ডের পরই একাত্তর টিভির সাংবাদিক ফারজানা রূপা সমীকরণ অনুষ্ঠানের মাধ্যমে সত্য আড়াল করে ঘটনা ভিন্নখাতে নেয়ার চেষ্টা করেন বলে অভিযোগ আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের প্রসিকিউশনের। তাদের দাবি, পরিকল্পিত এ কাজের সাথে তিনি ছাড়াও জড়িত ছিলেন সাবেক পররাষ্ট্রমন্ত্রী ডা. দীপু মনি ও একাত্তর টিভির তখনকার ব্যবস্থাপনা পরিচালক মোজাম্মেল বাবু। শাপলা চত্বরের ঘটনায় এখন পর্যন্ত ঢাকাসহ চার জেলায় ৫৮ জন হত্যাকাণ্ডের শিকার হয়েছেন বলে নিশ্চিত করেছে তদন্ত সংস্থা। ক্ষমতাচ্যুত

প্রধানমন্ত্রী শেখ হাসিনাসহ ৩০ জন আসামি হচ্ছেন। এ মামলায় সাবেক প্রতিমন্ত্রী শামসুল হক টুকু, সাবেক আইজিপি শহীদুল হক, সাবেক সেনা কর্মকর্তা জিয়াউল আহসানসহ ৬ জন গ্রেপ্তার রয়েছেন।

(রেডিও টুডে ওয়েব পেজ: ১৪.০৫.২০২৬ এলিনা)

### চীনের সহায়তায় বন্ধ কারাখানা চালু করতে চায় সরকার : শিল্পমন্ত্রী

শিল্পমন্ত্রী খন্দকার আব্দুল মুক্তাদির বলেছেন, দেশের বন্ধ কারখানাগুলো চীনের সহায়তায় আবারও চালু করতে চায় সরকার। আজ বৃহস্পতিবার (১৪ মে) রাজধানীর আইসিসিবিতে আয়োজিত বাংলাদেশ চায়না গ্রীন টেক্সটাইল এক্সপোর উদ্বোধনী অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। অনুষ্ঠানে চীন বাংলাদেশের সবচেয়ে বড় বাণিজ্য সহযোগী উল্লেখ করে বাংলাদেশে চীনা বিনিয়োগ আরও বাড়ানোর আহ্বান জানান বাণিজ্যমন্ত্রী। একইসঙ্গে দেশের পাট শিল্পের জন্য চীনের প্রযুক্তিগত সহায়তাও চান তিনি। এসময় চীনের রাষ্ট্রদূত ইয়াও ওয়েন বলেন, নতুন সরকারের সাথে দ্বিপাক্ষিক বাণিজ্য সম্প্রসারণে কাজ করছে চীন। গ্রিন টেক্সটাইল খাতে প্রযুক্তিগত দিক থেকে সব ধরনের সহযোগিতার আশ্বাস দেন তিনি। উল্লেখ্য, গ্রিন টেক্সটাইল শিল্পের সবচেয়ে বিশেষায়িত এই আন্তর্জাতিক প্রদর্শনীতে অংশ নিচ্ছে বাংলাদেশ ও চীনের খ্যাতনামা টেক্সটাইল ও গার্মেন্টস কোম্পানিগুলো, বিনিয়োগকারী, প্রযুক্তিবিদ ও ব্যবসায়ী প্রতিনিধি দল। প্রদর্শনীতে পরিবেশবান্ধব ও রিসাইকেলযোগ্য টেক্সটাইল প্রযুক্তির প্রদর্শন, সেমিনার ও প্যানেল আলোচনায় চীন ও বাংলাদেশের শীর্ষ উদ্যোক্তারা অংশ নিচ্ছেন। প্রতিদিন সকাল ১০টা থেকে সন্ধ্যা ৭টা পর্যন্ত প্রদর্শনী সবার জন্য উন্মুক্ত থাকবে। তিন দিনব্যাপী এই প্রদর্শনী আগামী ১৬ মে শেষ হবে।

(রেডিও টুডে ওয়েব পেজ: ১৪.০৫.২০২৬ এলিনা)

### গুলিবিদ্ধ সেই রেশমি মারা গেছে

চট্টগ্রামে গুলিবিদ্ধ হয়ে লাইফ সাপোর্টে থাকা ১১ বছর বয়সী শিশু রেশমি আক্তার মারা গেছে। আজ বৃহস্পতিবার (১৪ মে) সকাল ৯টা ৪৫ মিনিটের দিকে চট্টগ্রাম মেডিক্যাল কলেজ হাসপাতালের (চমেক) আইসিইউতে তার মৃত্যু হয়। হাসপাতালের পরিচালক ব্রিগেডিয়ার জেনারেল তাসলিম উদ্দিন এ তথ্য নিশ্চিত করেছেন। রেশমি চট্টগ্রামের ব্যারিস্টার মিল্কি মেমোরিয়াল স্কুল অ্যান্ড কলেজের চতুর্থ শ্রেণির ছাত্রী ছিল। পাঁচ ভাইবোনের মধ্যে রেশমি সবার ছোট। তাদের বাবা রিয়াজ আহমেদ পেশায় একজন সবজি বিক্রেতা। এর আগে গত বৃহস্পতিবার রাত ৯টা ১০ মিনিটের দিকে তার মা সখিনা বেগম তাকে পাশের দোকান থেকে পান আনতে পাঠান। এসময় বায়েজিদ বোস্তামী থানার রৌফাবাদ শহীদ মিনার গলিতে দুর্বৃত্তদের ছোড়া গুলিতে খুন হয় মোহাম্মদ হাসান রাজু নামে এক যুবক। এ সময় দুর্বৃত্তদের ছোড়া গুলিতে গুরুতর আহত হয় রেশমি আক্তার নামে এক শিশু। গত ৮ মে রাতে হাসপাতালে রেশমিকে দেখতে যান চট্টগ্রামের জেলা প্রশাসক মোহাম্মদ জাহিদুল ইসলাম মিঞা। তিনি বলেন, `অপরাধীদের দ্রুত আইনের আওতায় আনতে গোয়েন্দা সংস্থাগুলো কাজ করছে।,(রেডিও টুডে ওয়েব পেজ: ১৪.০৫.২০২৬ এলিনা)

### শেরপুরে চেল্লাখালী নদীর বাঁধে ভাঙন, প্লাবিত নিম্নাঞ্চল

শেরপুরে পাহাড়ি ঢলে চেল্লাখালি নদীর ১৫০ মিটার বাঁধ ভেঙে নিম্নাঞ্চল প্লাবিত হয়েছে। অপরদিকে, জেলার মহারশি, ভোগাই, সোমেশ্বরী ও চেল্লাখালি নদীর পানি বিপদ সীমা ছুঁই ছুঁই। বুধবার (১৩ মে) নালিতাবাড়ীর গোল্লারপাড় এলাকায় চেল্লাখালি নদীর ১৫০ মিটার পাড় ভেঙে যায়। এতে ফসলের মাঠ ও নিম্নাঞ্চল প্লাবিত হয়। এদিকে, জেলার সীমান্তবর্তী ঝিনাইগাতী ও নালিতাবাড়ী উপজেলার নদী তীরবর্তী বেশ কিছু অঞ্চলে বোরো ধান কাটা বাকি। পানি বাড়তে থাকলে ক্ষয়ক্ষতির পরিমাণ বাড়বে বলে জানিয়েছেন কৃষকেরা।

(রেডিও টুডে ওয়েব পেজ: ১৪.০৫.২০২৬ এলিনা)

## জাগো নিউজ

### প্রজ্ঞাপনের এক ঘণ্টা পরই বেরোবির নতুন ভিসির নিয়োগ বাতিল

রংপুরের বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের (বেরোবি) উপাচার্য পদে অধ্যাপক ড. আনিসুর রহমানকে নিয়োগ দিয়ে জারি করা প্রজ্ঞাপন বাতিল করেছে শিক্ষা মন্ত্রণালয়। তার বিরুদ্ধে আওয়ামী লীগ সংশ্লিষ্টতা নিয়ে অভিযোগ আসার পর প্রজ্ঞাপন জারির এক ঘণ্টার মধ্যেই তা বাতিল করা হয়। বৃহস্পতিবার (১৪ মে) সন্ধ্যায় শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সরকারি সাধারণ বিশ্ববিদ্যালয়ের সহকারী সচিব মো. সুলতান আহমেদের সই করা এক প্রজ্ঞাপন থেকে এ তথ্য জানা যায়। নতুন এ প্রজ্ঞাপনে বলা হয়েছে, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের ১৪ মে, ২০২৬ তারিখের ৩৭.০০.০০০০.০৭৯.১১.১৮১ ২২-২০৬ এবং ৩৭.০০.০০০০.০৭১.১১.১৮১.২২-২০৭ নম্বর স্মারকসমূহ বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর সম্পর্কিত আদেশসমূহ বাতিল করা হলো। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো। এ দুটি স্মারকের ২০৬-নম্বরে বেরোবির বর্তমান উপাচার্য অধ্যাপক ড. মো. শওকত আলীকে অব্যাহতি দেওয়া হয়েছিল। আর ২০৭ নম্বর স্মারকে অধ্যাপক ড. আনিসুর রহমানকে নতুন উপাচার্য পদে চার বছরের জন্য নিয়োগ দেওয়া হয়েছিল। তবে এ দুটি প্রজ্ঞাপনই বাতিল করা হয়েছে। এতে আপাতত অধ্যাপক শওকত আলীই উপাচার্য পদে

বহাল থাকছেন। শিক্ষা মন্ত্রণালয় সূত্র জানায়, বেরোবির উপাচার্য পদে ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) মার্কেটিং বিভাগের অধ্যাপক ড. আনিসুর রহমানকে নিয়োগ দিয়ে প্রজ্ঞাপন জারি করা হয়। তিনি আওয়ামী লীগ সরকারের সাবেক সমাজকল্যাণমন্ত্রী ও সংসদ সদস্য নুরুজ্জামান আহমেদের বোন জামাই তিনি। বিষয়টি নিয়ে সমালোচনা শুরু হওয়ার পরপর তার নিয়োগ বাতিল করা হয়েছে বলে জানা গেছে। এর আগে, অধ্যাপক আনিসুরকে নিয়োগ দিয়ে জারি করা প্রজ্ঞাপনে বলা হয়েছিল, রাষ্ট্রপতি ও আচার্যের অনুমোদনক্রমে বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর আইন-২০০৯ এর ১০ (১) ধারা অনুযায়ী ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) মার্কেটিং বিভাগের অধ্যাপক ড. আনিসুর রহমানকে বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের উপাচার্য পদে নিয়োগ দেওয়া হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ: ১৪.০৫.২০২৬ রুবাইয়া)

## আমরা চাই সুন্দর শহরের তালিকায় ঢাকা এক নম্বরে থাকুক: ডিএসসিসি প্রশাসক

ঢাকা আমাদের প্রাণের শহর। এই শহরকে যদি সবার কাছে গ্রহণযোগ্য করতে চাই, তাহলে আগে নিজেদের বদলাতে হবে বলে মন্তব্য করেছেন ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের (ডিএসসিসি) প্রশাসক বীর মুক্তিযোদ্ধা মো. আবদুস সালাম। তিনি বলেন, আমরা চাই না পৃথিবীর সবচেয়ে খারাপ শহরের তালিকায় ঢাকা থাকুক। আমরা চাই পরিচ্ছন্ন, সুন্দর ও সবুজ শহরের তালিকায় ঢাকা এক নম্বরে থাকুক। বাংলাদেশ জাতীয়তাবাদী মুক্তিযোদ্ধা প্রজন্মের উদ্যোগে প্রধানমন্ত্রী তারেক রহমান ঘোষিত 'ক্লিন সিটি, গ্রিন সিটি, কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে পরিষ্কার পরিচ্ছন্নতা অভিযান শুরু করা হয়েছে। বৃহস্পতিবার (১৪ মে) সকালে ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের (ডিএসসিসি) নগর ভবনে ডিএসসিসি প্রশাসক বীর মুক্তিযোদ্ধা মো. আবদুস সালাম এ কর্মসূচির উদ্বোধন করেন। উদ্বোধনী বক্তব্যে তিনি এসব কথা বলেন। উদ্বোধনী বক্তব্যে প্রশাসক বলেন, ১৯৭১ সালে যেমন শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের ডাকে মুক্তিযোদ্ধারা দেশের স্বাধীনতার জন্য হাতে অস্ত্র তুলে নিয়েছিলেন, আজও তেমনি প্রধানমন্ত্রী তারেক রহমানের ডাকে ঢাকা শহরকে 'ক্লিন সিটি, গ্রিন সিটি, করতে তারা রাজপথে নেমেছেন। একজন মুক্তিযোদ্ধা ও ডিএসসিসি প্রশাসক হিসেবে তিনি বীর মুক্তিযোদ্ধা ও মুক্তিযোদ্ধা প্রজন্মকে ধন্যবাদ জানিয়ে বলেন, আমরা একদিন চলে যাবো। কিন্তু, মুক্তিযোদ্ধা প্রজন্মকেই দেশের দায়িত্ব নিতে হবে। নতুন প্রজন্মকে দেশপ্রেমে বলীয়ান হয়ে দেশের জন্য নিজেদের গড়ে তুলতে হবে। তিনি আরও বলেন, ঢাকা আমাদের প্রাণের শহর। এই শহরকে যদি সবার কাছে গ্রহণযোগ্য করতে চাই, তাহলে আগে নিজেদের বদলাতে হবে। আমরা বদলালে ঢাকা বদলাবে। আমরা চাই না পৃথিবীর সবচেয়ে খারাপ শহরের তালিকায় ঢাকা থাকুক। আমরা চাই পরিচ্ছন্ন, সুন্দর ও সবুজ শহরের তালিকায় ঢাকা এক নম্বরে থাকুক। পরিচ্ছন্নতা অভিযান নগর ভবন থেকে শুরু হয়ে জাতীয় স্টেডিয়ামের ১ নম্বর গেট হয়ে বিএনপির নয়াপল্টনস্থ কেন্দ্রীয় কার্যালয়ে যেয়ে শেষ হয়। (জাগো নিউজ ওয়েব পেজ: ১৪.০৫.২০২৬ রুবাইয়া)

## আমরা ফটোকার্ডের রাজনীতি করি না: প্রধানমন্ত্রীর অর্থ উপদেষ্টা

প্রধানমন্ত্রীর অর্থ উপদেষ্টা রাশেদ আল মাহমুদ তিতুমীর বলেছেন, আমরা ফটোকার্ডের রাজনীতি করি না। আমরা বাস্তবভিত্তিক এবং জনরায় নিয়ে জবাবদিহিমূলক রাজনীতি করছি। তিনি বলেন, আগের সবগুলো পরিকল্পনায় গলদ ছিল। অর্থাৎ কাঠামোগত গলদ থাকায় বাস্তবায়ন হার খুব খারাপ ছিল। প্রকল্পে পিডি (প্রকল্প পরিচালক) নিয়োগ ঠিকমতো হতো না, সময়ে সময়ে প্রকল্পের মেয়াদ ও ব্যয় বাড়তো। প্রকল্পে চতুর্থ সংশোধন পর্যন্ত করতে হয়েছে। বালিশ কাণ্ডের মতো ঘটনা ঘটেছিল। বৃহস্পতিবার (১৪ মে) অর্থনৈতিক কৌশল প্রণয়ন সংক্রান্ত অ্যাডভাইজরি কমিটির দ্বিতীয় সভায় এসব কথা বলেন রাশেদ আল মাহমুদ তিতুমীর। রাজধানীর শেরেবাংলা নগরের এনইসি সম্মেলন কক্ষে এ সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন অন্তর্বর্তী সরকারের সাবেক উপদেষ্টা ড. ওয়াহিদ উদ্দিন মাহমুদ। মূল প্রবন্ধ উপস্থাপন করেন সাধারণ অর্থনীতি বিভাগের সদস্য (সচিব) ড. মনজুর হোসেন। রাশেদ আল মাহমুদ আরও বলেন, অতীতে যেসব পরিকল্পনা ছিল সেগুলো পরের দিনই মৃত ঘোষণা হতো। আমরা যে পরিকল্পনাটি করছি সেটি হবে ইতিহাসের মাইলফলক। এরই মধ্যে যে খসড়া তৈরি হয়েছে সেটি আইনের শাসন, জবাবদিহিতা ও জনকল্যাণ নিশ্চিত করবে। ২০৩৪ সালের মধ্যে আমরা কীভাবে ট্রিলিয়ন ডলারের অর্থনীতি তৈরি করবো সেটির পরিকল্পনাই করা হচ্ছে। প্রধানমন্ত্রীর অর্থ উপদেষ্টা বলেন, আগে পরিকল্পনা কমিশনের দুটি কাজ ছিল। একটি হলো ৫০ কোটি টাকার কম প্রকল্প দ্রুত পাস করা। এক্ষেত্রে কোনো মিটিং-সিটিং লাগতো না। আর একটি ছিল মন্ত্রণালয়গুলো ইচ্ছেমতো প্রকল্প তৈরি করতো আর তা অনুমোদনে রাবার স্ট্যাম্প হিসেবে কাজ করতো। কিন্তু এখন আর এসব চলবে না। পরিকল্পনা কমিশনকে শক্তিশালী করা হবে। আগের সরকার যেহেতু নির্বাচিত ছিল না, তারা ইচ্ছেমতো প্রকল্পে টাকা খরচ করে দেশের জনগণকে ঋণে নিমজ্জিত করে রেখেছে। (জাগো নিউজ ওয়েব পেজ: ১৪.০৫.২০২৬ রুবাইয়া)

## যারা গবেষণায় সফলতা অর্জন করবে, তাদের যথাযথ মূল্যায়ন করা হবে

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রী মোহাম্মদ আমিন উর রশিদ বলেছেন, গবেষণা কার্যক্রমে নতুন উদ্ভাবন ও সফলতা অর্জনকারীদের স্বর্ণপদক প্রদানসহ পদোন্নতিতে অগ্রাধিকার দেওয়া হবে। তিনি বলেন, 'আমি ব্যক্তিগতভাবে এবং সরকারি পর্যায়ে সবচেয়ে বেশি গুরুত্ব দিই গবেষণাকে। যারা গবেষণায় সফলতা অর্জন করবে, তাদের যথাযথ

মূল্যায়ন করা হবে এবং সার্বিক বিবেচনায় বিশেষ অগ্রাধিকার দেওয়া হবে।, বৃহস্পতিবার (১৪ মে) ঢাকার সাভারে অবস্থিত বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউটে (বিএলআরআই) আয়োজিত ‘বিএলআরআইয়ের সার্বিক কার্যক্রম সম্পর্কে অবহিতকরণ ও মতবিনিময়, শীর্ষক সভায় বিজ্ঞানী ও কর্মকর্তাদের সঙ্গে মতবিনিময়কালে তিনি এসব কথা বলেন। মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রী গবেষকদের উদ্দেশ্যে বলেন, লাল কার্পেট নয়, আপনাদের গবেষণার সফলতাই আমাকে আনন্দিত করবে। তিনি প্রশ্ন রাখেন, বছরের ১২ মাস ফসল উৎপাদনের পরও আমরা কেন দরিদ্র থাকবো? এ বিষয়ে সবাইকে নতুনভাবে ভাবার আহ্বান জানান তিনি। সরকার নিরাপদ খাদ্য উৎপাদনে সর্বোচ্চ গুরুত্ব দিচ্ছে জানিয়ে প্রাণিসম্পদ মন্ত্রী আরও বলেন, বিশ্বের বিভিন্ন দেশ বাংলাদেশ থেকে শাক-সবজি ও খাদ্যপণ্য আমদানিতে আগ্রহ প্রকাশ করছে। সেই লক্ষ্যকে সামনে রেখে উৎপাদন ও গবেষণাকে এগিয়ে নিতে হবে। তিনি বলেন, কৃষক বাঁচলে বাংলাদেশ বাঁচবে। মোহাম্মদ আমিন উর রশিদ, কৃষি ও গ্রামীণ অর্থনীতি শক্তিশালী করতে অতীতে খাল খনন কর্মসূচি, কৃষিঋণ মওকুফ এবং কৃষকবান্ধব বিভিন্ন উদ্যোগ নেওয়া হয়েছিল। বর্তমান সরকারও কৃষক কার্ড, ১০ হাজার টাকা পর্যন্ত ঋণ মওকুফসহ কৃষকের কল্যাণে নানা কার্যক্রম বাস্তবায়ন করছে। গবেষণায় বরাদ্দ প্রসঙ্গে মন্ত্রী বলেন, গবেষণায় অর্থায়নে আমাদের কোনো কৃপণতা নেই বরং আমরা আরও উদার হতে চাই। তিনি দেশের পতিত জমি ও দ্বীপাঞ্চলে ঘাস চাষ সম্প্রসারণের ওপর গুরুত্বারোপ করেন। তিনি বলেন, গবেষণায় বিশেষ অবদান রাখা বিজ্ঞানীদের ব্যক্তিগত ও রাষ্ট্রীয়ভাবে স্বর্ণপদক দিয়ে সম্মানিত করা হবে।

(জাগো নিউজ ওয়েব পেজ: ১৪.০৫.২০২৬ রুবাইয়া)

## জবাবদিহিমূলক ও প্রযুক্তিনির্ভর প্রশাসন গড়ে তোলার আহ্বান তথ্যমন্ত্রীর

সরকার ও রাষ্ট্রকে এক করে দেখার প্রবণতা থেকে বেরিয়ে এসে জনগণের কল্যাণে জবাবদিহিমূলক, দক্ষ ও প্রযুক্তিনির্ভর প্রশাসনিক সংস্কৃতি গড়ে তোলার আহ্বান জানিয়েছেন তথ্য ও সম্প্রচার মন্ত্রী জহির উদ্দিন স্বপন। তিনি বলেন, রাষ্ট্র কোনো ব্যক্তি বা সরকারের ব্যক্তিগত ডিভাইস নয়। জনগণের ইচ্ছাই রাষ্ট্র পরিচালনার মূল শক্তি এবং জনগণের প্রত্যাশার সঙ্গে বিচ্ছিন্ন হলে কোনো সরকারই টিকে থাকতে পারে না। জনগণের সম্মিলিত মতামতই রাষ্ট্রকে পরিচালিত করে। নির্বাচিত সরকারের দায়িত্ব হচ্ছে জনগণের ইচ্ছাকে বাস্তবায়ন করা। বৃহস্পতিবার (১৪ মে) তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের সভাকক্ষে বিভিন্ন শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের সঙ্গে অনুষ্ঠিত মতবিনিময় সভায় তিনি এসব কথা বলেন। সভায় কর্মকর্তাদের উদ্দেশে তথ্যমন্ত্রী বলেন, প্রজাতন্ত্রের কর্মচারী হিসেবে সরকারের জনকল্যাণমূলক প্রতিশ্রুতি বাস্তবায়নে সবাইকে আন্তরিকভাবে কাজ করতে হবে। একই সঙ্গে সংবিধান, আইন ও বিধিবিধানের বাইরে গিয়ে কোনো কার্যক্রম পরিচালনা করা যাবে না। মন্ত্রী বলেন, আমাদের একটি সংবিধান আছে, যা সব আইন ও বিধির মূল ভিত্তি। রাষ্ট্র পরিচালনার প্রতিটি স্তরে সেই আইনের শাসন নিশ্চিত করতে হবে।

(জাগো নিউজ ওয়েব পেজ: ১৪.০৫.২০২৬ রুবাইয়া)

## ‘হাসিনাকে প্ররোচনা দেওয়া, ইনুর রায় যে কোনো দিন

জুলাই গণঅভ্যুত্থানের সময় মানবতাবিরোধী অপরাধের অভিযোগে জাতীয় সমাজতান্ত্রিক দল (জাসদ) সভাপতি হাসানুল হক ইনুর বিরুদ্ধে করা মামলার রায়ের জন্য অপেক্ষমাণ রেখেছেন আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল। ফলে যে কোনো দিন এ মামলার রায় ঘোষণা করা হবে। রাষ্ট্র ও আসামিপক্ষের দীর্ঘ যুক্তি-তর্ক উপস্থাপন শেষে বৃহস্পতিবার (১৪ মে) আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-২ এ আদেশ দেন। রাষ্ট্রপক্ষ ইনুর বিরুদ্ধে আনা অভিযোগ প্রমাণিত হয়েছে দাবি করে আদালতে তার সর্বোচ্চ শাস্তি মৃত্যুদণ্ড চেয়েছে। অন্যদিকে, অভিযোগ প্রমাণিত হয়নি দাবি করে আসামিপক্ষ তার খালাস চেয়েছে। রাষ্ট্রপক্ষে শুনানি করেন চিফ প্রসিকিউটর আমিনুল ইসলাম, প্রসিকিউটর মিজানুল ইসলাম ও প্রসিকিউটর ফারুক আহাম্মদ। আমামিপক্ষে ছিলেন আইনজীবী মুনসুরুল হক চৌধুরী ও সিফাত মাহমুদ। প্রসিকিউশনের দাবি, জুলাই গণঅভ্যুত্থানের সময় মানবতাবিরোধী অপরাধ সংঘটনে তৎকালীন প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে হাসানুল হক ইনু উসকানি ও প্ররোচনা দিয়েছেন। ইনুর প্ররোচনায় উদ্বুদ্ধ হয়ে প্রধানমন্ত্রী হিসেবে শেখ হাসিনা বিভিন্ন ধ্বংসাত্মক সিদ্ধান্ত নিয়েছেন ও বাস্তবায়ন করেছেন। আওয়ামী লীগের নেতৃত্বাধীন জোটের অন্যতম শীর্ষ নেতা হিসেবে এসব অপরাধের ঊর্ধ্বতন কর্তৃপক্ষের দায় (সুপিরিয়র কমান্ড রেসপনসিবিলিটি) তার ওপরেও বর্তায়। শেখ হাসিনার সঙ্গে ইনুর টেলিফোনে বক্তব্যের রেকর্ড প্রসঙ্গটি প্রসিকিউশন আদালতে তুলে ধরেছে, যেখানে জাসদ সভাপতি গণআন্দোলনকে ‘জঙ্গিবাদ, আখ্যা দিয়ে দমনের কথা বলেছেন। আসামিপক্ষের দাবি, শেখ হাসিনার সঙ্গে ইনুর টেলিফোনে কথোপকথনের রেকর্ডের কোথাও ‘আন্দোলন দমনে গুলি করতে হবে, বোম্বিং করতে হবে বা নির্যাতন করতে হবে,, এমন কোনো বক্তব্য নেই। (জাগো নিউজ ওয়েব পেজ:১৪.০৫.২০২৬ রিহাব)

## তিন স্কুল ঘুরে একজন শিক্ষককেও পেলেন না এমপি

সুনামগঞ্জের মধ্যনগরে তিনটি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে হঠাৎ পরিদর্শনে গিয়ে কোনো শিক্ষককেই উপস্থিত পাননি সুনামগঞ্জ-১ আসনের সংসদ সদস্য কামরুজ্জামান কামরুল। বৃহস্পতিবার (১৪ মে) সকাল সাড়ে ৯টা থেকে ১০টা

পর্যন্ত উপজেলার আবিদনগর সরকারি প্রাথমিক বিদ্যালয়, দুগনই সরকারি প্রাথমিক বিদ্যালয় এবং কায়েতকান্দা সরকারি প্রাথমিক বিদ্যালয়ে গিয়ে তিনি কোনো শিক্ষককে পাননি। বিদ্যালয় পরিদর্শন শেষে এমপি কামরুল বলেন, হাওরাঞ্চলের শিক্ষা ব্যবস্থার উন্নয়নে শিক্ষকদের আরও দায়িত্বশীল হতে হবে। সময়মতো বিদ্যালয়ে উপস্থিত থেকে শিক্ষার্থীদের পাঠদান নিশ্চিত করা জরুরি। শিক্ষকদের নিয়মিত উপস্থিতি নিশ্চিত করতে উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসারকে প্রয়োজনীয় নির্দেশনা দিয়েছেন বলেও জানান তিনি। (জাগো নিউজ ওয়েব পেজ:১৪.০৫.২০২৬ রিহাব)

## শ্রমিক-হারভেস্টার সংকট, দ্বিগুণ দামে কাটতে হচ্ছে ধান

দিনাজপুরে ইরি-বোরো ধান কাটার মৌসুমে তীব্র শ্রমিক সংকট দেখা দিয়েছে। এছাড়া জ্বালানি তেলের দাম বৃদ্ধি, বৃষ্টি ও হারভেস্টার মেশিনের সংকট থাকায় ধান কাটতে হচ্ছে অতিরিক্ত খরচ দিয়ে। এতে ধান কাটায় খরচও বেড়ে দ্বিগুণ হয়েছে। এসব প্রতিবন্ধকতায় চরম বিপাকে পড়েছেন কৃষকরা। কৃষি দিনাজপুর জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তর সূত্রে জানা গেছে, বুধবার (১৩ মে) পর্যন্ত জেলায় ২৩ শতাংশ ধান কাটা হয়েছে। বৃষ্টির কারণে ধান কাটাই মাড়াই ব্যাহত হচ্ছে। কৃষকরা জানিয়েছেন, চলতি মৌসুমে বোরো ধানে পোকার আক্রমণ কম, বৃষ্টির কারণে সেচ কম দিতে হয়েছে। তবে এবার ধানের ওজন কম। আবার অসময়ে বৃষ্টি আর বাতাসের কারণে ধান পড়ে যাওয়ায় ফলন কম হয়েছে। পাশাপাশি ধান কাটার শ্রমিক পাওয়া যাচ্ছে না। যাদের পাওয়া যাচ্ছে তাদের মজুরি বেশি। তেলের দাম বেড়ে যাওয়ায় ও জমিতে পানি থাকায় হারভেস্টার মেশিন দিয়ে ধান কাটাই মাড়াই করাতে দ্বিগুণ খরচ গুনতে হচ্ছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৪.০৫.২০২৬ রিহাব)

## পাহাড়ে ঘুরতে গিয়ে সংঘবদ্ধ ধর্ষণের শিকার স্কুলছাত্রী, গ্রেফতার ৪

চট্টগ্রামের সাতকানিয়া উপজেলায় এক স্কুলছাত্রীকে সংঘবদ্ধ ধর্ষণের অভিযোগ উঠেছে। একই ঘটনায় তার ছোট বোনও হয়রানির শিকার হয়েছে বলে অভিযোগ পাওয়া গেছে। এ ঘটনায় চারজনকে গ্রেফতার করেছে পুলিশ। বুধবার (১৩ মে) দুপুরে উপজেলার ছদাহা ইউনিয়নের সিন্ধুপ্যাপাড়া এলাকার পাহাড়ি এলাকায় এ ঘটনা ঘটে। পরে ওইদিন রাতেই ভুক্তভোগীর বাবা সাতজনকে আসামি করে নারী ও শিশু নির্যাতন দমন আইনে মামলা করেন। ভুক্তভোগীরা নবম ও অষ্টম শ্রেণির ছাত্রী। ঘটনার পর তারা বিষয়টি গোপন রাখতে চাইলেও শারীরিকভাবে অসুস্থ হয়ে পড়লে পরিবারকে জানায়। পরে বিষয়টি জানাজানি হলে পুলিশ অভিযান চালিয়ে চারজনকে গ্রেফতার করে। গ্রেফতাররা হলেন- রাকিব (২০), মানিক ইসলাম (২০), আবদুর রহিম (১৮) এবং ১৫ বছর বয়সী এক কিশোর। তাদের মধ্যে চারজন বিভিন্ন মুরগির খামারে কাজ করেন বলে জানা গেছে। স্থানীয় সূত্র ও ইউপি সদস্যদের বরাতে জানা যায়, সকালে স্কুলে যাওয়ার পর দুই বোন পার্শ্ববর্তী পাহাড়ি ও মৎস্য প্রকল্প এলাকায় ঘুরতে গেলে কয়েকজন তাদের অনুসরণ করে। পরে একটি নির্জন স্থানে নিয়ে গিয়ে ভুক্তভোগী বড় বোনকে সংঘবদ্ধভাবে ধর্ষণ করা হয় এবং ছোট বোনও হয়রানির শিকার হয় বলে অভিযোগ রয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৪.০৫.২০২৬ রিহাব)

## গাজীপুরে ট্রেনের ধাক্কায় প্রাণ গেলো দুই এসএসসি পরীক্ষার্থীর

গাজীপুরে ট্রেনের ধাক্কায় দুই এসএসসি পরীক্ষার্থীর মৃত্যু হয়েছে। বুধবার (১৩ মে) রাত সাড়ে ৯টার দিকে ধীরাশ্রম রেলস্টেশন এলাকায় এ দুর্ঘটনা ঘটে। নিহতদের মধ্যে একজন হলো মো. নাঈম (১৬)। সে কাপাসিয়া উপজেলার আমরাইদ এলাকার নোমান উদ্দিনের ছেলে। নাঈম ধীরাশ্রম এলাকায় খালার বাসায় থেকে স্থানীয় জিকে উচ্চ বিদ্যালয়ে এসএসসি পরীক্ষার্থী হিসেবে পড়াশোনা করতো। এছাড়া নিহত অপরজনের পরিচয় এখনো জানা যায়নি। জয়দেবপুর রেলওয়ে স্টেশনের স্টেশন মাস্টার মাহমুদুল হাসান জানান, দেওয়ানগঞ্জ থেকে ঢাকাগামী তিস্তা এক্সপ্রেস ট্রেন ধীরাশ্রম রেলস্টেশন অতিক্রম করার সময় দুইজন রেললাইনের পাশে অবস্থান করছিল। এসময় ট্রেনের ধাক্কায় ঘটনাস্থলেই তাদের মৃত্যু হয়। স্থানীয় সূত্রে জানা গেছে, রাত ৮টার দিকে জরুরি কাজের কথা বলে মোবাইল ফোন নিয়ে বাসা থেকে বের হয় নাঈম। পরে সামাজিক যোগাযোগমাধ্যমে ভিডিও ধারণের সময় দুর্ঘটনার শিকার হয়েছে বলে ধারণা করা হচ্ছে। খবর পেয়ে পরিবারের সদস্যরা নাঈমের মরদেহ শনাক্ত করেন। এছাড়া দুর্ঘটনায় নিহত আরেকজনের শরীর গুরুতরভাবে ক্ষতবিক্ষত হওয়ায় তাৎক্ষণিকভাবে তার পরিচয় নিশ্চিত করা সম্ভব হয়নি। জয়দেবপুর রেলওয়ে পুলিশ মরদেহ দুটি উদ্ধার করে ময়নাতদন্তের জন্য মর্গে পাঠিয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৪.০৫.২০২৬ রিহাব)

## কর্মী নিয়োগ দিয়ে দিনরাত ছাপানো হচ্ছিল জাল টাকা, গ্রেফতার ৩

রাজধানীর উত্তরা ও গাজীপুর এলাকায় অভিযান চালিয়ে ৩৪ লাখ টাকার জাল নোট ও জাল টাকা তৈরির সরঞ্জামাদিসহ চক্রের তিন সদস্যকে গ্রেফতার করেছে ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশ (ডিবি)। ডিবি বলছে, কোরবানির ঈদ সামনে রেখে তিনটি মেশিনে জালটাকা ছাপছিল চক্রটি। ঈদ সামনে রেখে এই ৩৪ লাখ টাকার জাল নোট মজুত করেছে তারা। আর এই টাকা ছাপানোর জন্য ছাপাখানায় কর্মরত একজন কর্মীকে নিয়োগও দেওয়া হয়েছিল। বৃহস্পতিবার (১৪ মে) দুপুরে ডিএমপির মিডিয়া সেন্টারে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এসব তথ্য জানান ডিবির অতিরিক্ত কমিশনার শফিকুল ইসলাম। অভিযানে গ্রেফতার হওয়া চক্রের তিন সদস্য হলেন- শরীয়তপুরের মো. মজিবুর রহমান (৩৮),

পটুয়াখালীর মো. দুলাল মৃধা (৪০) ও নেত্রকোনার মো. মামুন (২৫)। ডিবির অতিরিক্ত কমিশনার শফিকুল ইসলাম, গোয়েন্দা তথ্যের ভিত্তিতে বুধবার (১৩ মে) রাজধানীর উত্তরাপূর্ব থানাধীন সমবায় বাজার (বিডিআর) মার্কেটের সামনে এবং পরে গাজীপুর মহানগরের বাসন থানা এলাকায় পৃথক অভিযান চালায় ডিবির উত্তরা বিভাগ।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৪.০৫.২০২৬ রিহাব)

## রাস্তায় নামা বিক্ষোভকারীদের মন্ত্রী বললেন, `পর্যালোচনা করে পদক্ষেপ নেব,

দক্ষিণ কোরিয়ায় যেতে না পেরে ক্ষোভে ফেটে পড়েছেন এমপ্লয়মেন্ট পারমিট সিস্টেম (ইপিএস) পরীক্ষায় উত্তীর্ণ হাজারো কর্মী। অটোরোস্টার ও পুনর্বহালের দাবিতে বৃহস্পতিবার (১৪ মে) রাজধানীর প্রবাসী কল্যাণ ভবনের সামনে মানববন্ধন ও বিক্ষোভ কর্মসূচি পালন করেন তারা। পরে আন্দোলনের পরিপ্রেক্ষিতে ইপিএস পরীক্ষায় উত্তীর্ণদের মধ্য থেকে ছয় সদস্যের একটি প্রতিনিধিদলের সঙ্গে বৈঠক করে প্রবাসী কল্যাণ মন্ত্রণালয়। সেখানে বিষয়টি গুরুত্বসহকারে দেখার আশ্বাস দেওয়া হয়। বৈঠকে উপস্থিত ছিলেন প্রবাসী কল্যাণমন্ত্রী আরিফুল হক চৌধুরী, প্রতিমন্ত্রী নুরুল হক নূর, মন্ত্রণালয়ের ঊর্ধ্বতন কর্মকর্তা এবং বুয়েসেলের কর্মকর্তারা। বৈঠক শেষে দুপুর পৌনে ১২টার দিকে আন্দোলনকারীদের উদ্দেশ্যে আরিফুল হক চৌধুরী বলেন, বিষয়টি সরকার গুরুত্বসহকারে দেখছে। প্রতিনিধিদলের কাছ থেকে বিস্তারিত তথ্য নেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে। আন্দোলনকারীদের উদ্দেশ্যে মন্ত্রী বলেন, আপনাদের পক্ষ থেকে যে ছয়জন প্রতিনিধি গেছেন, তারা পুরো বিষয়টি বিস্তারিতভাবে আমাদের জানাবেন। প্রতিমন্ত্রী, প্রধানমন্ত্রীর বিশেষ সহকারী ও সচিব আজ বিকেল পর্যন্ত বসে বিষয়গুলো পর্যালোচনা করবেন। এরপর আমরা প্রয়োজনীয় পদক্ষেপ নেবো। তিনি আরও বলেন, আপনারা আমাদের কাজ করার সুযোগ দিন। আমরা নতুন সরকার হিসেবে বিষয়টি গুরুত্বের সঙ্গে দেখছি। কীভাবে আপনাদের সহযোগিতা করা যায়, সে বিষয়ে ব্যবস্থা নেওয়া হবে, ইনশাআল্লাহ্। তবে পূর্বে এ বিষয়ে লিখিত প্রস্তাবনা না দিয়ে সরাসরি আন্দোলনে নামায় কিছুটা হতাশাও প্রকাশ করেন মন্ত্রী। তিনি বলেন, আগে আমাদের কাছে এ ধরনের কোনো প্রস্তাবনা আসেনি। প্রস্তাবনা না দিয়েই রাস্তায় নেমে আসাটা দুঃখজনক। এদিকে, দ্রুত সমস্যার সমাধান ও দক্ষিণ কোরিয়ায় কর্মী পাঠানোর কার্যকর উদ্যোগ নেওয়ার দাবি জানিয়েছেন আন্দোলনরত ইপিএস উত্তীর্ণরা। (জাগো নিউজ ওয়েব পেজ:১৪.০৫.২০২৬ রিহাব)

## সরকারি ক্রয় কার্যক্রম আরও ফলপ্রসূ করতে আইনমন্ত্রীর নেতৃত্বে কমিটি

সরকারি ক্রয় কার্যক্রমকে আরও ফলপ্রসূ, স্বচ্ছ ও অর্থবহ করার লক্ষ্যে উচ্চপর্যায়ের একটি কমিটি গঠন করেছে সরকার। গত ১২ মে মন্ত্রিপরিষদ বিভাগ থেকে এ কমিটি গঠন করে প্রজ্ঞাপন জারি করা হয়েছে। ছয় সদস্যের এ কমিটির সভাপতি আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রী। সদস্য হিসেবে রয়েছেন- বাণিজ্যমন্ত্রী; বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রী; মন্ত্রিপরিষদ সচিব; অর্থ বিভাগের সচিব এবং বাংলাদেশ পাবলিক প্রকিউরমেন্ট অথরিটির প্রধান নির্বাহী কর্মকর্তা। প্রজ্ঞাপনে বলা হয়েছে, কমিটি সরকারি ক্রয় ও অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির কার্যপদ্ধতি নির্ধারণে সুপারিশ দেবে। পাশাপাশি 'পাবলিক প্রকিউরমেন্ট আইন (পিপিএ), ২০০৬' এবং 'পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা (পিপিআর), ২০২৫' এর আওতাভুক্ত বিষয়গুলো পর্যালোচনা করে সেগুলোকে আরও কার্যকর করার বিষয়ে সুপারিশ প্রণয়ন করবে। এছাড়া অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি ও সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি কর্তৃক অর্পিত যেকোনো দায়িত্বও পালন করবে নতুন এই কমিটি। প্রজ্ঞাপনে আরও বলা হয়েছে, প্রয়োজন অনুযায়ী কমিটির সভা অনুষ্ঠিত হবে এবং প্রয়োজনে সদস্য অন্তর্ভুক্ত (কো-অপ্ট) করা যাবে। কমিটিকে সাচিবিক সহায়তা দেবে মন্ত্রিপরিষদ বিভাগ। (জাগো নিউজ ওয়েব পেজ:১৪.০৫.২০২৬ রিহাব)

## জামায়াত আমিরের সঙ্গে ইইউ রাষ্ট্রদূতের বৈঠক, গণভোটের রায় নিয়ে আলোচনা

বিরোধীদলীয় নেতা ও জামায়াতের আমির ডা. শফিকুর রহমানের সঙ্গে বৈঠক করেছেন বাংলাদেশে নিযুক্ত ইউরোপীয় ইউনিয়নের রাষ্ট্রদূত মাইকেল মিলার। বৃহস্পতিবার (১৪ মে) দুপুর ১২টার দিকে জাতীয় সংসদ ভবনের বিরোধীদলীয় নেতার কার্যালয়ে এ বৈঠক হয়। জামায়াতের প্রচার বিভাগ জানায়, বৈঠকে তারা বাংলাদেশ ও ইউরোপীয় ইউনিয়নের স্বার্থসংশ্লিষ্ট বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করেন। জাতীয় সংসদ নির্বাচন পরবর্তী গণতন্ত্রকে অর্থবহ করা এবং সংস্কার ও গণভোটের রায় বাস্তবায়নের বিষয়টিও অত্যন্ত গুরুত্বের সঙ্গে স্থান পায়। পাশাপাশি আসন্ন স্থানীয় সরকার নির্বাচন সুষ্ঠু ও গ্রহণযোগ্য করার জন্য যথাযথ পদক্ষেপ গ্রহণের বিষয়েও আলোচনা হয়। ভবিষ্যতে উভয়ের মধ্যে পারস্পরিক সম্পর্ক, উন্নয়ন ও অগ্রগতির ধারা অব্যাহত থাকবে বলে তারা আশাবাদ ব্যক্ত করেন। এসময় ইইউ রাষ্ট্রদূতের সঙ্গে ছিলেন পলিটিক্যাল ফার্স্ট সেক্রেটারি সেবাস্টিন রিগার ব্রাউন। জামায়াত আমিরের সঙ্গে উপস্থিত ছিলেন বিরোধীদলীয় নেতার পররাষ্ট্র বিষয়ক উপদেষ্টা ব্যারিস্টার মীর আহমদ বিন কাসেম আরমান এবং এপিএস মোহাম্মদ নজরুল ইসলাম। (জাগো নিউজ ওয়েব পেজ:১৪.০৫.২০২৬ রিহাব)

## দুদকের মামলায় আনিস আলমগীরের স্থায়ী জামিন, বিদেশ যেতে বাধা নেই

দুর্নীতি দমন কমিশনের (দুদক) করা মামলায় সাংবাদিক আনিস আলমগীরের স্থায়ী জামিন মঞ্জুর করেছেন আদালত। একই সঙ্গে বিদেশ ভ্রমণের আবেদনও অনুমোদন দেওয়া হয়েছে। তবে ব্যক্তিগত হাজিরা থেকে অব্যাহতির আবেদন নাকচ করে তাকে সশরীরে আদালতে উপস্থিত হওয়ার নির্দেশ দিয়েছেন বিচারক। বৃহস্পতিবার (১৪ মে) ঢাকা মহানগর দায়রা জজ আদালতের বিচারক মো. সাব্বির ফয়েজ এ আদেশ দেন। বিষয়টি নিশ্চিত করেছেন আনিস আলমগীরের আইনজীবী তাসলিমা জাহান পপি। আদালত সূত্রে জানা যায়, এদিন মামলার ধার্য তারিখে আনিস আলমগীর আদালতে হাজির হন। পরে তার পক্ষে স্থায়ী জামিন, ব্যক্তিগত হাজিরা মওকুফ এবং বিদেশ যাওয়ার অনুমতি চেয়ে পৃথক তিনটি আবেদন করা হয়। শুনানি শেষে আদালত স্থায়ী জামিন ও বিদেশ ভ্রমণের আবেদন মঞ্জুর করলেও ব্যক্তিগত হাজিরা মওকুফের আবেদন প্রত্যাখ্যান করেন। গত ১৫ জানুয়ারি জ্ঞাত আয়বহির্ভূত সম্পদ অর্জন ও মানি লন্ডারিংয়ের অভিযোগে তার বিরুদ্ধে মামলা করে দুদক। মামলার তদন্ত কর্মকর্তা ও দুদকের সহকারী পরিচালক আখতারুজ্জামান তাকে গ্রেফতার দেখানোর আবেদন করলে গত ২৮ জানুয়ারি আদালত তা মঞ্জুর করেন। পরে গত ১১ মার্চ তিনি ওই মামলায় জামিন পান। (জাগো নিউজ ওয়েব পেজ:১৪.০৫.২০২৬ রিহাব)

## শ্রমিকদের ঈদ বোনাস ২১ মে,র মধ্যে পরিশোধের নির্দেশ

আসন্ন ঈদুল আজহার আগেই চলতি মে মাসের ২১ তারিখের মধ্যে দেশের সব কারখানায় শ্রমিকদের ঈদ বোনাস এবং নির্ধারিত তারিখের মধ্যে মাসিক বেতন আবশ্যিকভাবে পরিশোধের নির্দেশ দিয়েছেন শ্রম ও কর্মসংস্থানমন্ত্রী আরিফুল হক চৌধুরী। বৃহস্পতিবার (১৪ মে) ঢাকার সিরড্যাপ ইন্টারন্যাশনাল কনফারেন্স সেন্টারে অনুষ্ঠিত ত্রিপক্ষীয় পরামর্শ পরিষদ (টিসিসি)-এর ৯৫তম এবং আরএমজি বিষয়ক ত্রিপক্ষীয় পরামর্শ পরিষদের ২৪তম সভায় তিনি এ নির্দেশনা দেন। শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের সচিব আব্দুর রহমান তরফদারের সভাপতিত্বে সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মন্ত্রী আরিফুল হক চৌধুরী। ঠিক সময়ে বেতন ও বোনাস পরিশোধ করা হলে কোনো ধরনের আন্দোলন বা শিল্প অসন্তোষ সৃষ্টি হবে না বলে শ্রমিক নেতারা আশ্বাস দেন। তবে, যেসব কারখানা এখনও বকেয়া বেতন পরিশোধ করেনি, তাদের বিষয়ে সরকারের দ্রুত হস্তক্ষেপ কামনা করেন তারা। এছাড়া, শ্রমিকদের ঈদযাত্রা সহজ করতে বিশেষ বাস, ট্রেন ও লঞ্চের ব্যবস্থা করার অনুরোধ জানান শ্রমিক প্রতিনিধিরা। শ্রমমন্ত্রী বলেন, শ্রমিকদের ঈদযাত্রা নিরাপদ ও নির্বিঘ্ন করতে সরকার বদ্ধপরিকর। সড়কে যানজট এড়াতে মালিক ও শ্রমিকপক্ষের সমঝোতার ভিত্তিতে পর্যায়ক্রমে বা ধাপে ধাপে কারখানাগুলো ছুটি দেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে। তিনি জানান যে, বেতন-বোনাস পরিশোধ ও সার্বিক নিরাপত্তা নিশ্চিত করতে স্থানীয় প্রশাসন, জেলা পুলিশ ও ইন্ডাস্ট্রিয়াল পুলিশকে বিশেষ নির্দেশনা দেওয়া হয়েছে। সভায় উপস্থিত নৌ-পরিবহন মন্ত্রণালয়ের প্রতিনিধি জানান, শ্রমিকদের ঈদযাত্রা সহজ করতে সব রুটে জাহাজ ও লঞ্চের ভাড়া ১০ শতাংশ কমানোর সিদ্ধান্ত নেওয়া হয়েছে। যে কোনো অনাকাঙ্ক্ষিত পরিস্থিতি মোকাবিলায় আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে প্রয়োজনীয় নির্দেশনা দেওয়া হয়েছে বলে জানান স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের প্রতিনিধিরা। (জাগো নিউজ ওয়েব পেজ:১৪.০৫.২০২৬ রিহাব)

## হাম ও হামের উপসর্গে আরও ৭ জনের মৃত্যু

সারাদেশে গত ২৪ ঘণ্টায় হাম ও হামের উপসর্গ নিয়ে সাতজন মৃত্যুর তথ্য দিয়েছে স্বাস্থ্য অধিদপ্তর। তাদের মধ্যে একজন হামে আক্রান্ত হয়ে মৃত্যুবরণ করেছেন বলে নিশ্চিত করেছে স্বাস্থ্য অধিদপ্তর। বাকি ছয়জনের মৃত্যু হয়েছে হামের উপসর্গ নিয়ে। বৃহস্পতিবার (১৪ মে) বিকেলে স্বাস্থ্য অধিদপ্তরের হেলথ ইমার্জেন্সি অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুম থেকে এ তথ্য জানানো হয়। স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য অনুযায়ী, গত ১৫ মার্চের পর থেকে এ পর্যন্ত হামে ৭০ জনের মৃত্যু হয়েছে। একই সময়ে সন্দেহভাজন হামজনিত মৃত্যুর সংখ্যা ৩৬৯ জন। ১৫ মার্চের পর থেকে এ পর্যন্ত নিশ্চিত হামে আক্রান্ত হয়েছেন ৭ হাজার ৩০৫ জন। একই সময়ে সন্দেহভাজন হামে আক্রান্তের সংখ্যা ৫৪ হাজার ৪১৯ জন। (জাগো নিউজ ওয়েব পেজ:১৪.০৫.২০২৬ রিহাব)

## দুর্নীতির তদন্ত শুরু করায় প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে আগুন দিয়েছে

শিক্ষক নিয়োগ, সরকারি কেনাকাটা ও অন্যান্য কাজে দুর্নীতি হয়েছে কি না, তার তদন্ত শুরু করায় প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে আগুন দেওয়া হয়েছে বলে মন্তব্য করেছেন শিক্ষা এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী ড. আ ন ম এহছানুল হক মিলন। তিনি বলেন, ˋআপনারা দেখেছেন না যে ডিজি প্রাইমারি অফিসে আগুন লাগিয়ে দিয়েছেন; কাগজপত্র, নথিপত্র, কম্পিউটার সব পুড়িয়ে দিয়েছেন। পেছনের জিনিসপত্র নিয়ে খোঁজ নিতে গেলেই এমন হবে। সমস্যা বাড়বে। প্রাথমিকের অফিসে আগুন লাগিয়ে দেওয়া হয়েছে একই কারণে। এখন কী করবেন? ধীরে ধীরে কৌশলে শুরু করতে হবে।, বৃহস্পতিবার (১৪ মে) বিকেলে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সভাকক্ষে আয়োজিত সংবাদ সম্মেলনে সাংবাদিকদের প্রশ্নের জবাবে এসব কথা বলেন তিনি। শিক্ষকদের জাল সনদ ধরা পড়ছে, আরও জাল শিক্ষক রয়েছেন। তাদের ধরতে কী ধরনের পদক্ষেপ নেওয়া হবে- এমন প্রশ্নে শিক্ষামন্ত্রী বলেন, পরিদর্শন ও নিরীক্ষা

অধিদপ্তর (ডিআইএ) থেকে একদম নতুনভাবে জাল শিক্ষক শনাক্ত করার চেষ্টা চলছে। আমাদের সফটওয়্যারও ডেভলপ হচ্ছে। নতুন অ্যাপ আসছে, সেগুলোতে তাদের সনদ যাচাই করা হবে। একদিনে তো সব হবে না, কারণ এগুলো অনেক বছর ধরে হয়ে আসছে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৪.০৫.২০২৬ রিহাব)

## ঢাকার সঙ্গে সরাসরি ফ্লাইট স্থগিত করলো এয়ার ইন্ডিয়া

ঢাকার সঙ্গে সরাসরি ফ্লাইট সাময়িক স্থগিতসহ একাধিক আন্তর্জাতিক রুটে বড় ধরনের পরিবর্তনের ঘোষণা দিয়েছে ভারতের রাষ্ট্রায়ত্ত বিমানসংস্থা `এয়ার ইন্ডিয়া,। জেট ফুয়েলের রেকর্ড উচ্চ দামে, দীর্ঘপাল্লার আন্তর্জাতিক ফ্লাইট পরিচালনায় বাড়তি খরচ ও আকাশপথের বিধিনিষেধের কারণে এই পদক্ষেপ নেওয়া হয়েছে বলে জানিয়েছে এয়ারলাইনটি। জানা গেছে, চলতি বছরের জুন থেকে আগস্ট পর্যন্ত বিভিন্ন আন্তর্জাতিক রুটে সাময়িকভাবে ফ্লাইট কমানো, স্থগিত ও সময়সূচি পুনর্বিন্যাসের সিদ্ধান্ত নিয়েছে এয়ারলাইনটি। গ্রীষ্মকালীন ভ্রমণের ব্যস্ত মৌসুমে নেওয়া এই সিদ্ধান্তে হাজারো আন্তর্জাতিক যাত্রী প্রভাবিত হতে পারেন বলে আশঙ্কা করা হচ্ছে। এয়ারলাইনটির ভাষ্য, নতুন সূচির লক্ষ্য হচ্ছে `নেটওয়ার্ক স্থিতিশীলতা, নিশ্চিত করা ও হঠাৎ ফ্লাইট বাতিল বা শেষ মুহূর্তের যাত্রী ভোগান্তি কমানো। যদিও একাধিক রুটে ফ্লাইট কমানো বা স্থগিত করা হয়েছে, তবুও এয়ার ইন্ডিয়া জানিয়েছে তারা প্রতি মাসে ১ হাজার ২০০টির বেশি আন্তর্জাতিক ফ্লাইট পরিচালনা অব্যাহত রাখবে ও পাঁচ মহাদেশের সঙ্গে সংযোগ বজায় রাখবে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৪.০৫.২০২৬ রিহাব)

## অনলাইন জুয়ার প্রলোভন দেখিয়ে শুরুতেই দেন তিনগুণ লাভ, পরে নিঃস্ব

অনলাইন জুয়া, সাইবার প্রতারণা ও অবৈধ ডিজিটাল আর্থিক লেনদেন চক্রের সঙ্গে জড়িত চীনের ৬ নাগরিকসহ ৯ জনকে গ্রেফতার করা হয়েছে। গতকাল বুধবার (১৩ মে) রাজধানীর উত্তরা ও তুরাগ এলাকায় অভিযান পরিচালনা করে তাদের গ্রেফতার করে ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশের (ডিবি) সাইবার অ্যান্ড স্পেশাল ক্রাইম (দক্ষিণ) বিভাগ। ডিবি জানিয়েছে, গ্রেফতার ব্যক্তিরা অনলাইন জুয়ার প্রলোভন দেখিয়ে গ্রাহকদের শুরুতেই দ্বিগুণ থেকে তিনগুণ লাভ দিতেন। পরে একটি পর্যায়ে নিঃস্ব করে ছাড়তেন তারা। বৃহস্পতিবার (১৪ মে) দুপুরে ডিএমপির মিডিয়া সেন্টারে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এসব তথ্য জানান ডিবির অতিরিক্ত কমিশনার শফিকুল ইসলাম। ডিবির অতিরিক্ত কমিশনার শফিকুল ইসলাম বলেন, ১ মে থেকে অনলাইন জুয়ার বিরুদ্ধে অভিযান চালানো হচ্ছে। অনলাইন জুয়ার বিষয়টি মনিটরিং করতে গিয়ে আমাদের সাইবারের যে টিম আছে সেই টিম রাজধানীর উত্তরা এলাকায় অভিযান পরিচালনা করে। অভিযানে অনলাইন জুয়া, সাইবার প্রতারণা ও অবৈধ ডিজিটাল আর্থিক লেনদেন চক্রের ছয় চীনা সদস্যসহ নয়জনকে গ্রেফতার করা হয়। (জাগো নিউজ ওয়েব পেজ:১৪.০৫.২০২৬ রিহাব)

## এআই প্রযুক্তির ইতিবাচক ব্যবহার নিশ্চিত করতে হবে: তথ্য প্রতিমন্ত্রী

তথ্য ও সম্প্রচার প্রতিমন্ত্রী ইয়াসের খান চৌধুরী বলেছেন, কৃত্রিম বুদ্ধিমত্তা বা এআই প্রযুক্তি বিশ্বব্যাপী সৃজনশীল শিল্প ও গণমাধ্যমে নতুন সম্ভাবনার দ্বার উন্মোচন করলেও এর অপব্যবহার ও নৈতিক ঝুঁকির বিষয়ে সবাইকে সজাগ থাকতে হবে। সরকার দায়িত্বশীল এআই ব্যবহারের পক্ষে এবং এ প্রযুক্তি যেন চলচ্চিত্র ও গণমাধ্যমে সৃজনশীলতার সহায়ক শক্তি হিসেবে কাজ করে, তা নিশ্চিত করতে হবে। বৃহস্পতিবার (১৪ মে) রাজধানীর জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট মিলনায়তনে আয়োজিত `চলচ্চিত্র ও বিজ্ঞাপন পরিবেশনা ও বিপণনে এআই প্রযুক্তির ব্যবহারের মাধ্যমে গুজব ও অপতথ্য বিস্তার রোধ কৌশল, শীর্ষক এক কর্মশালায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট ও বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট (বিসিটিআই) যৌথভাবে এই কর্মশালার আয়োজন করে। প্রতিমন্ত্রী বলেন, চলচ্চিত্র, গণমাধ্যম ও ডিজিটাল কনটেন্ট নির্মাণে এআই যেন ইতিবাচক উদ্ভাবনের হাতিয়ার হয়, সে বিষয়ে সংশ্লিষ্ট সবাইকে সচেতন ও দায়িত্বশীল ভূমিকা পালন করতে হবে। বিসিটিআই-এর প্রধান নির্বাহী আবুল কালাম মোহাম্মদ শামসুদ্দিনের সভাপতিত্বে অনুষ্ঠানে বিসিটিআই পরিচালিত চারটি কোর্সের সমাপনী ও সনদ বিতরণও অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন যুগ্মসচিব ড. মো. আলম মোস্তফা এবং জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের অতিরিক্ত মহাপরিচালক রওনক জাহান।

(জাগো নিউজ ওয়েব পেজ:১৪.০৫.২০২৬ রিহাব)

## সমুদ্রসৈকতে পর্যটকদের জীবনের নিরাপত্তায় প্রয়োজন হেলথ সেন্টার

সমুদ্রসৈকতে পর্যটকদের জীবনের নিরাপত্তা নিশ্চিতে হেলথ সেন্টার স্থাপনের উদ্যোগ নেওয়ার কথা জানিয়েছেন বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রী আফরোজা খানম। বৃহস্পতিবার (১৪ মে) ঢাকায় বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের সম্মেলনকক্ষে অনুষ্ঠিত কক্সবাজারের সি-সেইফ লাইফগার্ড সার্ভিস পরিচালনাকারী প্রতিষ্ঠান সেন্টার ফর ইনজুরি প্রিভেনশন অ্যান্ড রিসার্চ, বাংলাদেশ ও দাতা সংস্থা রয়্যাল ন্যাশনাল লাইফবোট ইনস্টিটিউশনের সঙ্গে আলোচনা সভায় মন্ত্রী এ কথা জানান। অনুষ্ঠানে আফরোজা খানম বলেন, `পর্যটকদের জীবনের নিরাপত্তা নিশ্চিতকরণে সংশ্লিষ্ট নীতিমালার সংশোধন অত্যন্ত জরুরি। কক্সবাজার ও পটুয়াখালী সমুদ্রসৈকতে

পর্যটকদের জীবনের নিরাপত্তা নিশ্চিতে হেলথ সেন্টার স্থাপনের উদ্যোগ নিতে হবে।, এ লক্ষ্যে কক্সবাজার ও পটুয়াখালীর জেলা প্রশাসককে অতি দ্রুত মন্ত্রণালয়ে প্রস্তাব পাঠানোর নির্দেশ দেন মন্ত্রী। বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন প্রতিমন্ত্রী এম রশিদুজ্জামান মিল্লাত বলেন, `পর্যটকদের নিরাপত্তায় নিয়োজিত ট্যুরিস্ট পুলিশের সদস্য সংখ্যা বাড়াতে উদ্যোগ নেওয়া হবে। একই সঙ্গে লাইফগার্ড সার্ভিস প্রদানকারী কর্মীর সংখ্যা বাড়ানো প্রয়োজন।, তিনি বলেন, `লাইফগার্ড সার্ভিস অব্যাহত রাখার স্বার্থে আপাতত সিএসআর ফান্ড সংগ্রহ করা হবে। ভবিষ্যতের কথা বিবেচনায় রেখে নির্মাণ করতে হবে স্থায়ী অবকাঠামো।, (জাগো নিউজ ওয়েব পেজ:১৪.০৫.২০২৬ রিহাব)

## `শিশু স্বর্গ মডেল, উদ্বোধন করলেন ডা. জুবাইদা রহমান

বিশেষ চাহিদাসম্পন্ন শিশুদের স্বাস্থ্যসেবা ও পুনর্বাসন কার্যক্রমের অংশ হিসেবে `শিশু স্বর্গ মডেল, বিষয়ক কর্মসূচির উদ্বোধন করেছেন জিয়াউর রহমান ফাউন্ডেশনের সহ-সভাপতি ও বিশিষ্ট হৃদরোগ বিশেষজ্ঞ ডা. জুবাইদা রহমান। প্রধান অতিথি হিসেবে ব্যতিক্রমধর্মী এই কর্মসূচির উদ্বোধন করেন ডা. জুবাইদা রহমান। উদ্বোধনের আগে বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থীদের জন্য বিভিন্ন শিক্ষাসামগ্রী ও নিত্যপ্রয়োজনীয় পণ্যের স্টল ঘুরে দেখেন ডা. জুবাইদা রহমান। বৃহস্পতিবার (১৪ মে) দুপুরে রাজধানীর কড়াইল বস্তিতে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের উদ্যোগে এই কর্মসূচির আয়োজন করা হয়। (জাগো নিউজ ওয়েব পেজ:১৪.০৫.২০২৬ রিহাব)

## ঢাবির ছয় হলে ছাত্রশক্তির আংশিক কমিটি ঘোষণা

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) ছয় আবাসিক হলে আংশিক কমিটি ঘোষণা করেছে জাতীয় ছাত্রশক্তির ঢাকা বিশ্ববিদ্যালয় শাখা। সংগঠনের সাংগঠনিক কার্যক্রম আরও গতিশীল ও শক্তিশালী করার লক্ষ্যে এ কমিটি গঠন করা হয়েছে বলে জানিয়েছে সংগঠনটি। বৃহস্পতিবার (১৪ মে) জাতীয় ছাত্রশক্তির ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি তাহমিদ আল মুদ্দাসির চৌধুরী, সাধারণ সম্পাদক আল আমিন সরকার এবং সাংগঠনিক সম্পাদক মো. সাইফুল্লাহ এক বছরের জন্য এসব কমিটির অনুমোদন দেন। ঘোষিত হল শাখাগুলো হলো- মাস্টারদা সূর্যসেন হল, বিজয় একাত্তর হল, সার্জেন্ট জহুরুল হক হল, হাজী মুহাম্মদ মুহসীন হল, মুক্তিযোদ্ধা জিয়াউর রহমান হল এবং অমর একুশে হল।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৪.০৫.২০২৬ রিহাব)

## হামের পরিবর্তে শিশুকে জলাতঙ্কের টিকা, তদন্তে হাইকোর্টের নির্দেশ

টাঙ্গাইলের ভূঞাপুর স্বাস্থ্য কমপ্লেক্সে হামের টিকার পরিবর্তে শিশুকে জলাতঙ্কের ভ্যাকসিন দেওয়ার ঘটনা তদন্তে নির্দেশ দিয়েছেন হাইকোর্ট। আগামী ৩০ দিনের মধ্যে তদন্ত করে প্রতিবেদন দাখিলের নির্দেশ দেওয়া হয়েছে। অনতিবিলম্বে ওই শিশুর যথাযথ চিকিৎসা করাতে সরকারের প্রতি নির্দেশ দেওয়া হয়েছে। একই সঙ্গে রুলও জারি করেছেন আদালত। রুলে ওই শিশুর পরিবারকে কেন ৫০ লাখ টাকা ক্ষতিপূরণ দেওয়া হবে না, তা জানতে চাওয়া হয়েছে। চার সপ্তাহের মধ্যে রুলের জবাব দিতে বলা হয়েছে। এ সংক্রান্ত বিষয়ে জনস্বার্থে দায়ের করা একটি রিট আবেদনের শুনানি শেষে বৃহস্পতিবার (১৪ মে) হাইকোর্টের বিচারপতি আহমেদ সোহেল এবং বিচারপতি ফাতেমা আনোয়ারের সমন্বয়ে গঠিত বেঞ্চ রুলসহ এ আদেশ দেন। এর আগে, হাইকোর্টের সংশ্লিষ্ট শাখায় ল, অ্যান্ড লাইফ ফাউন্ডেশন ট্রাস্টের পক্ষে এই রিট আবেদন করা হয়। এ বিষয়ে গণমাধ্যমে প্রকাশিত খবরে বলা হয়, টাঙ্গাইলের ভূঞাপুর স্বাস্থ্য কমপ্লেক্সে হামের টিকার পরিবর্তে এক মাস বয়সী শিশুকে জলাতঙ্কের ভ্যাকসিন দেওয়া হয়েছে। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের পরিদর্শক মোহাম্মদ কাইয়ুম ওই শিশুকে এই ভ্যাকসিন প্রদান করেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৪.০৫.২০২৬ রিহাব)

## হৃদরোগ ইনস্টিটিউটসহ দুই হাসপাতালের বিরুদ্ধে তদন্তের আদেশ

জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতাল এবং একটি বেসরকারি হাসপাতালের বিরুদ্ধে চিকিৎসায় অবহেলা, প্রতারণা ও রোগী মৃত্যুর অভিযোগে দায়ের করা মামলায় তদন্তের নির্দেশ দিয়েছেন আদালত। বৃহস্পতিবার (১৪ মে) ঢাকা মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট মো. ইসমাইলের আদালত শুনানি শেষে শেরেবাংলা নগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তাকে (ওসি) অভিযোগটি তদন্ত করে আগামী ১৬ জুনের মধ্যে প্রতিবেদন দাখিলের নির্দেশ দেন। মামলাটি দায়ের করেন মানিকগঞ্জের আবু হুরায়রা। তিনি অভিযোগ করেন, চিকিৎসা নিতে এসে তার বাবা জিন্নাত আলী দালালচক্র, অব্যবস্থাপনা ও অপচিকিৎসার শিকার হন। মামলায় জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতালের পরিচালক অধ্যাপক ডা. আব্দুল ওয়াদুদ চৌধুরীসহ মোট ১১ জনকে আসামি করা হয়েছে। আসামিদের মধ্যে হাসপাতালের কয়েকজন ওয়ার্ডবয়, নিরাপত্তাকর্মী এবং শ্যামলীর হৃদয় জেনারেল হাসপাতালের কর্মকর্তা-কর্মচারীরাও রয়েছেন। মামলার এজাহার সূত্রে জানা যায়, গত ২৬ ফেব্রুয়ারি গুরুতর অসুস্থ হয়ে পড়লে জিন্নাত আলীকে জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতালে নিয়ে যান তার ছেলে আবু হুরায়রা। সেখানে শহীদ নামে এক ওয়ার্ডবয় নিজেকে `বড় ডাক্তার, পরিচয় দিয়ে রোগীর অবস্থা সংকটাপন্ন বলে দাবি করেন এবং হাসপাতালে আইসিইউ বেড নেই জানিয়ে অন্যত্র নেওয়ার পরামর্শ দেন। পরে কম খরচে দ্রুত চিকিৎসার আশ্বাস দিয়ে রোগীকে শ্যামলীর হৃদয় জেনারেল হাসপাতালে নেওয়া

হয়। সেখানে অতিরিক্ত টেস্ট, ওষুধ ও বিভিন্ন খাতে অর্থ আদায়ের অভিযোগ আনা হয়েছে মামলায়। এজাহারে বলা হয়, একপর্যায়ে ২৭ হাজার টাকা বিল দাবি করে রোগীকে আটকে রাখা হয়। টাকা দিতে দেরি হওয়ায় আবু হুরায়রার ওপর হামলাও চালানো হয়। এমনকি বিল পরিশোধ না করা পর্যন্ত চিকিৎসা বন্ধ রাখার অভিযোগও করা হয়েছে। পরিবারটি পরে ধারদেনা করে ১২ হাজার টাকা জোগাড় করে হাসপাতাল থেকে রোগীকে ছাড়িয়ে আবার জাতীয় হৃদরোগ ইনস্টিটিউটে ভর্তি করায়। তবে ওই দিন বিকেল ৩টা ২০ মিনিটে চিকিৎসাধীন অবস্থায় মারা যান জিন্নাত আলী। মামলায় দণ্ডবিধির ৩০২, ৩০৪, ৩২৩ ও ৫০৬ ধারায় অভিযোগ আনা হয়েছে। এসব ধারার মধ্যে হত্যা, অবহেলায় মৃত্যু, মারধর এবং ভয়ভীতি প্রদর্শনের অভিযোগ অন্তর্ভুক্ত রয়েছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৪.০৫.২০২৬ রিহাব)

## চট্টগ্রামে খাদ্য গুদামের সাবেক কর্মকর্তার ৮ বছরের কারাদণ্ড

সরকারি চাল আত্মসাতের ঘটনায় দুর্নীতি দমন কমিশনের (দুদক) দায়ের করা মামলায় কক্সবাজারের কুতুবদিয়া উপজেলার বড়ঘোপ খাদ্য গুদামের সাবেক ভারপ্রাপ্ত কর্মকর্তা পলাশ পাল চৌধুরীকে ৮ বছরের কারাদণ্ড দিয়েছেন চট্টগ্রামের একটি আদালত। বৃহস্পতিবার (১৪ মে) চট্টগ্রামের বিভাগীয় বিশেষ জজ আদালতের বিচারক মিজানুর রহমান এ রায় ঘোষণা করেন। একই সঙ্গে আত্মসাৎ করা ১৯০ টন চালের দাম বাবদ তাকে ৮৫ লাখ ২৫ হাজার ৪৩৭ টাকা জরিমানাও করা হয়েছে। বিষয়টি জাগো নিউজকে নিশ্চিত করেছেন আদালতে দুদকের আইনজীবী অ্যাডভোকেট মোকাররম হোসাইন। তিনি বলেন, রায় ঘোষণার সময় আসামি পলাশ পাল চৌধুরী আদালতে উপস্থিত ছিলেন না। এছাড়া মামলার অন্য পাঁচ আসামির বিরুদ্ধে অভিযোগ প্রমাণিত না হওয়ায় তাদের বেকসুর খালাস দিয়েছেন আদালত।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৪.০৫.২০২৬ রিহাব)

## সময় টিভির আহমেদ জোবায়েরসহ ৬ জনকে আদালতে হাজিরের নির্দেশ

ঢাকার বেসরকারি টেলিভিশন চ্যানেল সময় টিভির সাবেক ব্যবস্থাপনা পরিচালক আহমেদ জোবায়েরসহ ছয়জনের বিরুদ্ধে সমন জারি করেছেন আদালত। আগামী ১৭ জুন তাদের সশরীরে অথবা আইনজীবীর মাধ্যমে আদালতে হাজির হয়ে অভিযোগের বিষয়ে ব্যাখ্যা দিতে নির্দেশ দেওয়া হয়েছে। আদালত সূত্রে জানা যায়, গত ১০ মে ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালত এ সমন জারি করেন। বৃহস্পতিবার (১৪ মে) বিষয়টি প্রকাশ্যে এলে সমনের তথ্য নিশ্চিত করে মহানগর পুলিশের প্রসিকিউশন বিভাগ। সমনপ্রাপ্ত অন্যরা হলেন— আহমেদ জোবায়েরের স্ত্রী শামীমা সুলতানা চৌধুরী, দুই সন্তান সারাফ নাওয়ার জয়ীতা ও আহমেদ রাফিদ কাদের ঋভু। এছাড়া শেখ মাহমুদ ইয়াসিন এবং সানি চৌধুরী। আদালত সূত্র জানায়, রাজধানীর কলাবাগান থানায় দায়ের করা একটি বিশ্বাসভঙ্গের মামলায় তাদের বিরুদ্ধে অভিযোগ আনা হয়েছে। ওই মামলার পরিপ্রেক্ষিতে আদালত বিবাদীদের আইনি জবাব দাখিলের সুযোগ দিতে সমন জারি করেন। নির্ধারিত তারিখে আদালতে হাজির হয়ে অভিযুক্তদের নিজেদের অবস্থান তুলে ধরতে বলা হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৪.০৫.২০২৬ রিহাব)

# BBC

## 'FLOATING ARMOURY' SHIP REPORTEDLY HIJACKED BY IRAN

A vessel reportedly operating as a "floating armoury" in the Gulf of Oman has been seized by Iranian military personnel, according to the maritime risk management company Vanguard. The ship is now "bound for Iranian territorial waters", the UK's Maritime Trade Operations (UKMTO) organization said. BBC Verify has checked ship-tracking data from MarineTraffic which shows the vessel - identified by Vanguard as the Honduras-flagged Hui Chuan - last broadcast its location 70km notth-east of Fujairah in the UAE on Wednesday. Hui Chuan's operators told Vanguard it was operating as a floating armoury which stores weapons for security firms who protect ships at sea from attack by pirates.
(BBC News Web Page: 14/05/26, FARUK)

## RESCUERS PULL DEAD FROM RUBBLE OF KYIV FLATS AFTER RUSSIAN STRIKES

At least five people have been killed, including a 12-year-old girl, after Russia launched a massive wave of drone and missile strikes against Ukraine overnight, officials have said. Three of the dead were pulled from the rubble of a partially destroyed apartment building in Kyiv, police said, where a rescue operation is under way for at least 10 people feared missing after the capital was bombarded. Dozens more have been wounded in the large-scale attack, including two children, the city's mayor said. Twenty-one people are being treated in hospital. It marks the third day in a row Ukraine has reported deaths, as Moscow ramps up its assault after a three-day ceasefire expired on Monday.
(BBC News Web Page: 14/05/26, FARUK)

**FLATTERY, FANFARE; TRUMP WELCOMED TO CHINA; THORNY ISSUES REMAIN**

Xi Jinping threw a grand welcome for Donald Trump on the first day of a visit that could reset ties between the rival superpowers. The military honour guard lined up outside the Great Hall of the People to welcome Trump, complete with a gun salute and a band playing the US national anthem. The president paused twice to say hello to schoolchildren cheering with Chinese and American flags. As he shook hands with Xi, he leaned in to pat him on the arm in what appeared to be a gesture of warmth. And he lavished praise on his host. It was a remarkable day given Trump built up his political brand by talking tough on China. Beijing put on a spectacle designed to flatter Trump ahead of any deal to prove China's door is open to guests. However, soon after talks began, state media published comments from Xi making clear that tensions over Taiwan could prove challenging.
(BBC News Web Page: 14/05/26, FARUK)

**CUBA HAS RUN OUT OF DIESEL AND OIL:  ENERGY MINISTER**

Cuba has completely run out of diesel and fuel oil, the country's Energy Minister Vicente de la O Levy has said. In an interview with state-run media, de la O Levy said there were limited amounts of gas available, but that Cuba's energy system was in a "critical" state as a US-led blockade of oil to the country squeezed supply. Scattered protests against power cuts broke out in the capital Havana on Wednesday, the Reuters news agency reported. The US this week reiterated its offer of sending $100m in aid to the country in exchange for "meaningful reforms to Cuba's communist system". Under the US blockade, parts of Havana have been plunged into 20 to 22-hour blackout periods, he continued. He also acknowledged that the situation in the country had been "extremely tense". Hospitals have been unable to function normally, while schools and government offices have been forced to close. Tourism, an economic engine for Cuba, has also been impacted.
(BBC News Web Page: 14/05/26, FARUK)

**LATVIAN PM RESIGNS AFTER ROW OVER STRAY UKRAINIAN DRONES**

Latvian Prime Minister Evika Silina has resigned following a political crisis over Russia-bound Ukrainian drones straying into Latvian territory. She had fired her Defence Minister Andris Spruds last week after two drones crashed down in eastern Latvia, criticizing his response and appointing a replacement. In protest, Soruds's Progressives party pulled their support for Silina's governing coalition, causing it to collapse months before a planned general election in October. (BBC News Web Page: 14/05/26, FARUK)

**US DROPS $15,000 VISA DEPOSIT FOR FOREIGN FANS WITH WORLD CUP TICKETS**

The Trump administration will exempt football fans from 50 countries subject to a $15,000 visa deposit requirement, provided they are travelling to the US for the World Cup with valid match tickets. Five of these countries - Algeria, Cape Verde, Ivory Coast, Senegal, and Tunisia - have qualified for the tournament, to be co-hosted by the US, Canada and Mexico from 11 June. The bond requirement, introduced last year, was intended to reduce visa overstays, according to a notice published by the state department. Players and coaches for the tournament were already exempt from the bond requirement, but ordinary fans with confirmed tickets for the World Cup had not been included until Wednesday. The 12-month pilot programme, launched last August, was part of the administration's wider immigration crackdown. (BBC News Web Page: 14/05/26, FARUK)

**NETANYAHU SAYS HE 'SECRETLY VISITED' UAE DURING WAR WITH IRAN**

Israeli Prime Minister Benjamin Netanyahu says he "secretly visited" the United Arab Emirates and met its president during the war with Iran. Netanyahu's office said the meeting between the Israeli PM and President Sheikh Mohammed bin Zayed had led to a "historic breakthrough". However shortly afterwards, the UAE foreign ministry said the claims about the visit were "entirely unfounded", and insisted relations between the two countries were not based on "unofficial arrangements". Iran hit several targets in the Emirates during the conflict, and Tehran has repeatedly criticized the country for what it sees as its closer ties with the US and Israel. Iran's Foreign Minister Abbas Araghchi said Netanyahu had "publicly revealed what Iran's security services long ago" told the country's leaders.
(BBC News Web Page: 14/05/26, FARUK)

## ::THE END::